গীতশ্রী

নিশিকান্ত ও দিলীপকুমার

প্রণীত

SRI AUROBINDO :

"We do not belong to the
past dawns but to the
noons of he
future."

"অতীত উদয়-গোধূলির স্মৃতি-সন্তান মোরা নহি :
অনাগত জয়-মধ্যাহ্নের আবাহনে জেগে রহি।"
(অনুবাদ…দিলীপকুমার)

১৩৪৩

মূল্য তিন টাকা

৺কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায় :

"যেমন কাব্যের চরমোৎকর্ষ নাটক, তেমনি সংগীতের চরমোৎকর্ষ নাট্যসংগীত।···অধুনা অস্মদ্দেশে··· যে-প্রকার সংগীত ব্যবহার হইতেছে তাহা নাট্যসংগীত নহে—সে সবই বৈঠকি সংগীত। নাট্যসংগীত অতি কঠিন ব্যাপার : ইহাতে স্বরের ও স্বভাবের সমীচীন অনুধাবন ও সমূহ ব্যুৎপত্তির প্রয়োজন। মানব-মনের সমুদয় আবেগ ও বাহ্য জগতের যে সকল শব্দময়ী ঘটনার সহিত মানবীয় কার্য্যের সম্বন্ধ থাকে, তৎসমুদয় স্বরে প্রকাশ পূর্ব্বক শ্রোতার মনে ভ্রান্তি উৎপাদন করা নাট্যসংগীতের কার্য্য।"

(গীতসূত্রসার—১১শ পরিচ্ছেদ)

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্সের পক্ষে ভারতবর্ষ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে
শ্রীগোবিন্দপদ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত ও প্রকাশিত
২০৩।১।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা

উপহার

উপহার দিলাম

ইতি

BEETHOVEN :

"Ich kenne keine andern vorzüge des
Menschen als diejengen wel-
che ihn zu den bessern
Menschen zählen
machen."

কীর্ত্তিমুখর প্রগল্‌ভতায়
কোথা বলো হায়
আনন্দ-সুধাছন্দ ?
সার্থক গীতি ঝঙ্কারে—যবে
মর প্রাণ জপে
অমরাবতীর মন্ত্র ।

(ভাবানুবাদ—দিলীপ)

শ্রীবিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

জন্ম—১৮৬০ মৃত্যু—১৯৩৬

উৎসর্গ

সঙ্গীত-সন্ন্যাসী গীতবন্ধু

পণ্ডিত ৺বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে—

তোমার সাথে গীতবন্ধু, ক'দিনের বা পরিচয় ?
তবু আজও তোমার সৌম্য কান্তিখানি মনে হয় :
মনে পড়ে—হাসি তোমার,
গঙ্গা-উদার রঙ্গ-বিথার ;
মনে পড়ে—তোমার অপার
গানের আলাপ জল্পনা :
সূক্ষ্ম পেলব রাগবিচার, ভাব-রস-রূপ-ব্যঞ্জনা।

চির-জীবন নিজের কথা বলতে ছিলে কুণ্ঠিত ;
হে অক্লান্তকর্ম্মী, তুমি রাখতে নিত্য গুণ্ঠিত
কীর্ত্তি তোমার কতই ছলে !—
ফিরিয়ে দিতে—তোমার গলে
দিত যবে ভক্তদলে
শ্রদ্ধা-পূত মালিকা :
প্রীতি তোমার ছিল শুদ্ধ গানের পরিচারিকা।

বাল্য হ'তে ছিলে তুমি কেমন গানের পাগল-যে—
কয়জনা বা জানে ? কত রুদ্ধ পুরীর আগল-যে
খুলল তোমার আবাহনে
সর্ব্বহারা আরাধনে—
ক'জনা কল্পনা করে ?
ক'জন জানে তোমার সুর-
নিষ্ঠা ত্যাগের তপে তাপস, নামল কত রাগ মধুর ?

হারিয়েছিল ভারত-যে তার বিশাল গমক-কল্লোলে :
তাই মন তার দুলত চপল ক্ষণদ্যুতি সুরদোলে।
গহন রাগের গোপন গাথা,
তার আনন্দ, অতল ব্যথা,—
ছিল বুঝি কথার-কথা :
তুমিই জীবন-সাধনে
আনলে হারাধনে আবার ফিরিয়ে নিয়ম-বাঁধনে।

রাগরাগিণী কানে কানে প্রাণের কথা তোমারে
বলত তাদের—অশ্রু-পুলক-অন্তরঙ্গ বিহারে :
কোথায় তাদের কোমল আশা,
স্বপ্ন কোথায়, কোথায় ভাষা,
কোন্ ছন্দের অভিসারে
ধায় তারা কোন্ সাগরে :
কোন্ বাঁশিতে রং-যমুনা ঢেউ তোলে প্রেম-জাগরে।

ভাবঘন নিষ্ঠাঘন ধেয়ানঘন—হে গুণী,
মিথ্যা-মাতন হুহুঙ্কারী অ-স্থুরলোকেও ফাল্গুনী
ছিলে তুমি চিরজীবন—
গানই করি' অশন বসন ;
সুখ-বিরাগী হে বৈরাগী,
মনটি তোমার রচিল
কোন্ মিড়ে কোন্ মায়াময়ী—যার ডাকে দেশ মজিল

মূর্ছনা-বোধনে তোমার ! বাসলে ভালো সঙ্গীতে,
তাই তোমারে বীণাপাণি দিলেন বীণা ঝঙ্কতে :
দীক্ষা দিতে স্থুরসাধকে,
জ্বালতে ধূলির মর্ত্ত্যলোকে
অন্তরালের ইন্দ্রজালে
অলোক-আলো অনির্বাণ :
প্রণাম 'দীপক'-দুলাল ! সুরের সন্ন্যাসী হে বিবস্বান্ !

৺বিজয়া দশমী
১৩৪৩

ভক্তি-নত—
দিলীপ

মঙ্গলাচরণ

রাজহংস

নিশিকান্ত

[লঘুগুরু ছন্দ—অর্থাৎ আ ঈ ঊ এ ও ঐ ঔ দুমাত্রা]

মধুমুরনরকবিনাশন গরুড়াসন সুরকুলকেলিনিদান।
অমলকমলদললোচন ভবমোচন ত্রিভুবনভবননিধান

(জয়দেবীয় ছন্দ-সঙ্কেতে)

অবতীর্ণ পরমহংসের প্রতি মর্ত্ত্যমানসসরসীর মুক্তিচেতনার উক্তি :

হে সিতচন্দনগঞ্জিত তনুরঞ্জিত, সঞ্চিত তুষারস্বর্ণ !
তব পরশন-বিধুলাবনি
দিল প্লাবনি'
অমরাবতীর বর্ণ,
তব মুখ-চুম্বন লাগে···
মম উৎপল-বন জাগে
লভি'নন্দনমধুভাষা !
এ-ভূতলসরসীজল করি' শীতল, সুন্দর ! কী তব আশা ?

তব পালকদল ঝল-মল···অতি উজ্জ্বল···অঙ্কিত অলকাচন্দ্র,
তব গ্রীবা মৃদু বঙ্কিত
গতি রঙ্গিত
মন্দাকিনীর ছন্দ ;
সুনীল অনিমিল আঁখে
অসীম নভ ধরি' রাখে···
স্বচ্ছ সুগভীর দৃষ্টি :
এ-চিত-অতল-নিছানিল ধরিয়া দিল রহস্যসিঞ্চিতসৃষ্টি।

আকুল কাকলি রব তব শুনি' অভিনব অনুভবতরঙ্গ দোলে···
নবউষামণিহাসিত
দিক্-ভাসিত
রতন-নিলয় মম খোলে······
পুঞ্জগহনময় বেদন
কিরণকরে করি' ছেদন
লভি' আবর্ত্তনরঙ্গ :
আলোকিত পরিবর্ত্তন-রসনর্ত্তন-জাগ্রত অঙ্গ-প্রত্যঙ্গ।

কৌস্তভরত্নবিনিন্দিত জ্যোতিস্মিত-চঞ্চুবিশোভিত পাখী,
পারিজাতফুলবনমধু—
মন্থন-বঁধু,
মম অনুপম অনুরাগী !
তব বাণীরব তালে :
যৌবনআসব ঢালে,
ধমনি রমণ করি' নাচে,
তনুমুরলী মম মর্ম্মরি' সুর সঞ্চরি' দীপকরাগ বিরাজে ।

মোহাবৃত তমমূর্চ্ছিত মম সম্বিত আজি লভিল তব শক্তি,
চিন্ময়পরশহিরণ্ময়
রস-তন্ময়
মম মৃন্ময় অনুরক্তি !
অন্ধনিতলনত শুক্তির
শুভলগনাগত মুক্তির
মুকুতা-ঝলকিত দীপ্তি,
বিলাসস্বপনিত গণ্ডিত পথ খণ্ডিত লভি' তব অবন্ধতৃপ্তি ।

তব সিতবক্ষবিকাশিত উদ্ভাসিত শত তারা সুখ যাপে,
প্রলয়জলদদল-জ্বালা-
গতি-ঢালা
পদ-নখবিদ্যুৎ কাঁপে,
তামসরজনীনাশন—
দিগন্তবিচ্ছুর ভাষণ—
অম্বর মন্দ্রিত মন্দ্র···
জ্যোতিস্তম্ভশিখর'পরি রোহণ করি' চলিয়াছিলে নিতন্দ্র ।

দুর্জ্জয় পৌরুষ, দুর্দ্দম ! শত দুর্গম···গিরিশিরসঙ্কটলঙ্ঘী !
কঠিন শৈলদলমন্থিত
নিস্যন্দিত
উৎস-তরঙ্গিত রঙ্গী !
হে দরদী অনুরাগী,
রক্ত অলক্তক মাখি'
তব হৃদি-রঞ্জন ফোটে !
হে শশধর, মম কৃষ্ণানিশিতৃষ্ণা তব শুক্লাধর লোটে ।

তব ধ্রুবঘোষণ গানে পথ জানে ইন্দ্রতুরঙ্গম নিত্য,
বজ্রবিদীরণদীপন
তব জীবন
অখিলবিকীরণ বিত্ত,
কল্পজলধিজল দোলে···
কুণ্ডলধর তনু খোলে
অনন্তকাল ভুজঙ্গ,
লভি' তব জাগর-ইঙ্গিত ধ্বনি' বৃংহিত জাগে যুগমাতঙ্গ।

তব নূপুরসুরনিক্কণ করি' চুম্বন জন্মিল অপ্সরনারী,
বসুন্ধরাতলঅঞ্চল
ফুল-সঞ্চল
বসন্তমধু-উৎসারী,
সাধিল শত সুর, দানব,
তিমিরবিনাশী মানব
তব অক্ষর মাধুর্য্য
লভিল হৃদয় ভরি';—ভাস্বর, অবিনশ্বর, হে চিরবিচ্ছুর সূর্য্য!

ধন্দজটিলগতি-গ্রন্থিল, দিঠি-তন্দ্রিল অন্ধমনে অজ্ঞাতে
ঝলিছে তব যজ্ঞানল
অতি প্রোজ্জ্বল
প্রস্ফুরন্ত প্রজ্ঞাতে।
তব চিত-অভ্রতৃষার্ত্তা
শুভ্র-সচেতন বার্ত্তা
শশীর কিরণ বিভাসি'
নির্দ্দিশ-নিখিলনিশারে অভিসারে দিল অভিনব দিশ রাশি।

মত্তকরী আশা যত করি' আনত করিলে অনুগত শান্ত,
তামসশবসঞ্জীবন—
তব মন্ত্রণ···
শ্মশানতিমিরনিশান্ত;
হে সাধক নিঃশঙ্ক!
ধ্বনিলে তব জয়শঙ্খ
সুচির সৃজনরসরঙ্গে,
স্বনিলে নৃত্যনিঝরস্বর শুভজাগর বৈতরণীগতিভঙ্গে।

যে-মণি প্রসুপ্ত ছিল মম লভি' ঘনতমধরণীবন্ধনমজ্জা,
ছিল যে-উৎস নিরুৎসব,
ছিল নীরব—
ধূলিবিলুণ্ঠিতলজ্জা,
কানন-গহনে থাকি'
ডাকিত যে মম পাখী,
তব আলোক অবন্ধ—
প্রপাতপ্রকাশধারে ধরি' তারে দিল উন্মুক্তির ছন্দ।

সার্থক মম পঙ্কজদল পঙ্কিল জল ; সার্থক তন্নুতট মর্ত্ত্য ;
সার্থক প্রদীপমৃন্ময়
জ্যোতির্ম্ময়
শিখা বিকাশিত সত্য ;
সার্থক : মানসম্বর্গ—
স্বচ্ছহৃদয়হ্রদঅর্ঘ্য,
রূপান্তর-আনন্দ :
সার্থক দিগন্তদল মম লভি' অনুপম আনতনীল অনন্ত।

হে সিতজ্যোৎস্নাসঞ্চিত তন্নুরঞ্জিত অবনীকলুষবিধ্বংস !
মুনিজনসাধনসার্থক—
হে পাবক,
রাজ-রাজ-পতি হংস !
তব মুখ-চুম্বন লাগে···
মম উৎপলবন জাগে
লভি' নন্দনমধুভাষা :
এ ভূতলসরসীজল করি' শীতল, সুন্দর ! কী তব আশা ?

ভূমিকা

ভূমিকার একটু প্রয়োজন আছে।

ছেলেবেলা থেকে নানা ওস্তাদের কাছে গানবাজনা শিখতে শিখতে নানা প্রশ্নই মনে জেগেছে···ধীরে ধীরে মিলেছে কারুর বা সমাধান, কারুর বা মেলে নি আজও। কোনো ধারণাই আমি আঁকড়ে থাকি নি—না সাহিত্য-জিজ্ঞাসায়, না সঙ্গীতসন্ধানে। তাই আগেকার অনেক ধারণা যদি আজ বদ্‌লে গিয়ে থাকে তাহ'লে জবাবদিহি নেই: অদলবদলই তো জীবনের ধর্ম্ম। সঙ্গীত সম্বন্ধেও আমার এই কৈফিয়ৎ প্রথমেই পেশ ক'রে রাখি।

পরের কথাগুলো যতটা পারি গুছিয়ে বলি—যদি যথাপর্য্যায়ে বলতে না-ও পারি, কেন না বক্তব্য বহু, ভিড় ক'রে আসে—চিন্তাও কখনো কখনো আসে শেক্ষপীয়রের sorrows' battalions-এর মতন—তা থেকে বাছাই করা অনেক সময় মোটেই সহজ হয় না।

হিন্দুস্থানি গান ও বাংলা গান উভয়ই আমার অত্যন্ত প্রিয়, কিন্তু এ-দুয়ের প্রীতির মধ্যে একটু তফাৎ আছে।

সেটা এই যে, বাংলা গান এখনো বর্দ্ধিষ্ণু: হিন্দুস্থানি গান তার প্রবীণতার শিখর অতিক্রম করেছে। একজন উদীয়মান: আর একজন পশ্চিমে ঢলেছে। কিন্তু তবু এ-অস্তাচলচূড়াবলম্বী তার রঙের রসের সব বাহার এখনো সঙ্গীত-গগনে নিঃশেষে বিলিয়ে দিয়ে যায় নি। তাই আমাদের হিন্দুস্থানি গানের কাছে শিক্ষণীয় আছে অনেক কিছুই। তাছাড়া হিন্দুস্থানি গান এখন "পুনরাবৃত্তিপন্থী" হ'লেও অতঃপর যে সে-ও একটা নতুন দিক কেটে নেবে না এমন কথা কে বলতে পারে? তবে হিন্দুস্থানি গানের ভবিষ্যৎ বিকাশের প্রসঙ্গ এখানে থাকুক—সেটা এ-ভূমিকায় অবান্তর ব'লেও বটে, এ একটা বিপুল গবেষণার বিষয় ব'লেও বটে। আপাতত আমি যেটা বলতে চাইছি সেটার উপরেই জোর দেওয়া যাক।

গীতশ্রী-র লক্ষ্য-নিরূপণে আমার একটা প্রধান বক্তব্য এই যে, বাংলা গানের ভাবী বিকাশের পক্ষেও হিন্দুস্থানি সঙ্গীতের সঙ্গে নিবিড় পরিচয় শুধু যে দরকার তা-ই নয়—অপরিহার্য্য। ভারতীয় সঙ্গীত নিখুঁৎ ধ্বনিশিল্পে চূড়ান্ত কীর্ত্তি অর্জ্জন করেছে হিন্দুস্থানি রাগসঙ্গীতে। এ-কলাকারু মহীয়ান্, অপূর্ব্ব, বিশ্বের সঙ্গীত-দরবারে এর জুড়ি নেই। এ-হেন জাতীয় সম্পদ শুধু অ-বাঙালির একচেটে থাকতে পারে না এ-যুক্তিতে যে, বাঙালি এ সঙ্গীতের প্রথম স্রষ্টা ছিল না। বস্তুত মানুষের কোনো মহীয়সী কীর্ত্তিই সাম্প্রদায়িক ব্যাপার হ'তে পারে না—প্রতি মানুষই সব মানুষের সরিক। একথা যে কথার কথা নয় তার প্রকৃষ্ট প্রমাণ এই যে, হিন্দুস্থানি গান "অ বাংলা" হওয়া সত্ত্বেও এর রসজ্ঞ হ'তে না হ'তে বাঙালি গুণীও এ-সঙ্গীতে অসামান্য কৃতিত্ব দেখিয়েছেন। এ থেকে সিদ্ধান্ত করা নিশ্চয়ই অসঙ্গত হবে না যে, হিন্দুস্থানি সঙ্গীতের প্রাণবস্তুটি বাঙালি গুণীর কাছে বৈদেশিক (exotic) নয়—যে-কথা হাল আমলে একদল স্বাজাত্যবাদী "বঙ্গগৌরবী"-র মুখে শোনা যায়। মানব-সভ্যতার প্রগতির ইতিহাসে ভূরি ভূরি দৃষ্টান্ত মেলে এই সত্যের যে, এক জাতির সৃষ্টিপ্রভাব অন্য জাতির ঘুমন্ত সৃষ্টিশক্তিকে জাগিয়েছে, সক্রিয় করেছে, উদ্বুদ্ধ করেছে। মানব-মনের উপর-তলায় 'ম্লেচ্ছ' কথাটিই অস্পৃশ্য। তাই একথা ধ্রুব যে, সনাতনীরা যতই আপত্তি করুন না কেন, অদূর ভবিষ্যতে য়ুরোপীয় সঙ্গীতও ভারতীয় সঙ্গীতে ঠাঁই পাবেই পাবে—ইতিমধ্যেই কি পায় নি?—আধুনিক বাংলার আবহাওয়ায় য়ুরোপীয় শিক্ষাদীক্ষার সুরভি চারিয়ে রয়েছে। তার শ্রেষ্ঠ সুরকারদের গানে য়ুরোপীয় সঙ্গীতের—মেলডির—আমেজ অপ্রতিবাদ্য। এতে অনেকে দুঃখ করেন—যদিও কেন, বোঝা দায়। কিন্তু সে-কারণ যাই হোক, আমরা সে-সম্প্রদায়ভুক্ত নই, তাই এতে আনন্দ ও গৌরবই বোধ ক'রে থাকি—রবীন্দ্রনাথের কথায় সর্ব্বান্তঃকরণে সায় দিয়ে যে, "পাশ্চাত্য শিক্ষা সোনার কাঠির মতো আমাদের জীবনকে স্পর্শ করেছে···

যেখান হ'তে যেমন ক'রেই হোক জীবনের আঘাতে জীবন জেগে ওঠে মানবচিত্ততত্ত্বে এ একটি চিরকালের বাস্তব ব্যাপার।" (সাহিত্যের পথে—১১৮ পৃষ্ঠা)

সনাতনীরা প্রশ্ন তুলবেন জানি: "তাহ'লে কি অনুকরণই হবে আদর্শ—জোড়া-তালি?" আসলে একথা বলে যে সে হ'ল আমাদের মনের শুচিবেয়ে তামসিক দিকটা, জড় দিকটা—অনভ্যস্তে আপত্তি যার চিরাচরিত প্রথা। "বাইরের প্রভাবে জাত যায়"—সনাতন নির্জীব মনের এই আপত্তির বড় চমৎকার উত্তর দিয়েছেন রবীন্দ্রনাথ, আর এত সুন্দর ক'রে যে, ঈষৎ দীর্ঘ হ'লেও উদ্ধৃত করার লোভ সম্বরণ করতে পারলাম না: "চৈন চিত্র-বিশ্লেষণে প্রমাণ হ'তে পারে যে, তার কোনো অংশে ভারতীয় বৌদ্ধ সংস্রব ঘটেছে, কিন্তু সেটা নিছক ইতিহাসের কথা, সারস্বত বিচারের কথা নয়। সে-চিত্রের ব্যক্তিত্বটি দেখো, যদি রূপ-ব্যক্ততায় কোনো দোষ না থাকে তাহ'লে সেইখানেই তার ইতিহাসের কলঙ্কভঞ্জন হ'য়ে গেল। মানুষের মনে মানুষের প্রভাব চারদিক থেকেই এসে থাকে। যদি অযোগ্য প্রভাব না হয় তবে তাকে স্বীকার করবার ও গ্রহণ করবার ক্ষমতা না থাকাই লজ্জার বিষয়—তাতেই চিত্তের নির্জীবতা প্রমাণ হয়। নীল নদীর তীর থেকে বর্ষার মেঘ উঠে আসে। কিন্তু যথাসময়ে সে হয় ভারতেরই বর্ষা। তাতে ভারতের ময়ূর যদি নেচে ওঠে, তবে কোনো শুচিবায়ুগ্রস্ত স্বাদেশিক তাকে যেন ভর্ৎসনা না করেন,—যদি সে না নাচত তবেই বুঝতুম ময়ূরটা মরেছে বুঝি। এমন মরুভূমি আছে যে, সেই মেঘকে তিরস্কার ক'রে আপন সীমানা থেকে বের ক'রে দিয়েছে। সে-মরু থাক্ আপন বিশুদ্ধ শুচিতা নিয়ে একেবারে শুভ্র আকারে, তার উপরে রসের বিধাতা শাপ দিয়ে রেখেছেন সে কোনোদিন প্রাণবান্ হ'য়ে উঠবে না। বাংলা দেশেই এমন মন্তব্য শুনতে হয়েছে যে দাশুরায়ের পাঁচালি শ্রেষ্ঠ, যেহেতু তা স্বাদেশিক।... যে কোনো দানের মধ্যে শাশ্বত সত্য আছে তাকে যে কোনো লোক যদি যথার্থভাবে আপন ক'রে স্বীকার করতে পারে, তবে সে দান সত্যই তার আপনার হয়। অনুকরণই চুরি, স্বীকরণ চুরি নয়। মানুষের সমস্ত বড়ো বড়ো সভ্যতা এই স্বীকরণ-শক্তির প্রভাবেই পূর্ণ মাহাত্ম্য লাভ করেছে।" (সাহিত্যের পথে, ১২৫-৭ পৃষ্ঠা)

আমাদের সঙ্গীতে একথা যে প্রত্যক্ষভাবে সত্য এ না জানে কে? মুসলমান সভ্যতার কাছে হিন্দু সঙ্গীত যে কী গভীর ভাবে ঋণী ভাবলে আনন্দ না হয় কার?

তাই বাঙালির পক্ষে অবাংলা হিন্দুস্থানি সঙ্গীত শিক্ষায় গৌরব বৈ অগৌরব নেই—তাতে বাঙালির বাঙালিত্বের ভরাডুবি হবে না—যে-কথা বঙ্গগৌরবী অনেককেই বলতে শুনেছি। কারণ এ-সত্য অবিসংবাদিত যে, বাঙালির প্রাণ, গান ও সৃষ্টিপ্রতিভা হিন্দুস্থানি সঙ্গীতের এ-অনুশীলন থেকে অনেক কিছুই লাভ করেছে, আজও করছে, ভবিষ্যতেও করবে —ধ্রুব। সুতরাং হিন্দুস্থানি রাগসঙ্গীতের সঙ্গে বাঙালির পরিচয় নিবিড়তর হওয়া একান্ত বাঞ্ছনীয় তো বটেই।

স্বভাবতই মনে যে-প্রশ্নটি জাগে সেটি এই যে, এ-অন্তরঙ্গতাকে আরো সহজ আরো ঘনিষ্ঠ করা যায় কেমন ক'রে?

আমার অনেকদিন থেকেই মনে হয়েছে যে, হিন্দুস্থানি রাগসঙ্গীত খুব সহজেই শেখানো যেতে পারে আমাদের ছেলেমেয়েদের। এ যাবৎ তেমন ভাবে শেখানো হয় নি নানা কারণে। একটা কারণ নিশ্চয়ই এই যে, ওস্তাদেরা শেখাতে চান না (অবশ্য ব্যতিক্রম আছে—উদারচরিত ওস্তাদও দেখা যায়), বা চাইলেও শিখিয়ে থাকেন দ্বিজেন্দ্রলালের বর্ণিত নৈয়ায়িক চণ্ডীচরণের মতন গুরুগম্ভীর চালে:

> "চণ্ডীচরণ ছিলেন একটি ধর্ম্মশাস্ত্র গ্রন্থকার,
> এম্‌নি তিনি হিন্দুধর্ম্মের করতেন মর্ম্ম ব্যক্ত:
> দিনের ম'ত জিনিষ হ'ত রাতের ম'ত অন্ধকার,
> জলের ম'ত বিষয় হ'ত ইঁটের ম'ত শক্ত।"

কারণ জলের ম'ত বিষয়কে ইঁটের মধ্যে শক্ত করার নৈপুণ্যে শুধু যে সুবিধা তা-ই নয়—বাহবারও হরির-লুট মেলে।

সে যাই হোক, এই সাম্প্রদায়িকতার ফলে আমাদের সঙ্গীত-প্রকর্ষের হানি হয়েছে খুবই। সঙ্গীত-শিক্ষার সুযোগ শিক্ষার্থীর কাছে দুরায়ত্ত না হ'লে তাতে ক'রে যে সঙ্গীত-সৃষ্টির প্রতিভা কত উদ্দীপ্ত হ'য়ে ওঠে অন্তত এ দেখবার জন্যেও একবার সাগর-পারে যাওয়া ভালো। যখন ১৯২১ সালে আমি বার্লিনে ওদের গান শিখতে প্রথম যাই তখন মনে আনন্দের চেয়ে দুঃখই হ'ত বেশি। দুঃখ এইটে দেখে যে গানের চর্চায় আমরা কী দারুণ পেছিয়ে! জানিই না সরলভাবে শেখানো কাকে বলে। বার্লিনে জগদ্বিখ্যাতা গায়িকা লিলি লেমানের "Meine Gesangskunst" বইটি পাই। তাতে তিনি লিখেছেন: "Mein künstlerisches Gewissen befiehlt mir, alles, was ich gelernt habe und was mir während meiner Künstlerlaufbahn klar geworden ist, zum Besten der Kunst zu enthüllen und meine 'Geheimnisse' preiszugeben, die nur darum Geheimnisse scheinen, weil selten jemand den Weg des rechten Studiums bis zu Ende wandelt." অর্থাৎ "আমার শিল্পবিবেকের কাছ থেকে আমি আদেশ পেয়েছি যে যা-কিছু আমি শিখেছি, যা-কিছু আমার সঙ্গীত-বিহারে উজ্জ্বল হ'য়ে উঠেছে সে-সমস্তকেই আমার উদ্‌ঘাটিত করতে হবে, আমার প্রত্যেক মন্ত্রগুপ্তিকেই হবে প্রকাশ করতে: বস্তুত, অনেকের কাছে যে এ-সব তত্ত্ব গুহ্যবৎ প্রতীয়মান হয় তার কারণ শুধু এই যে, খুব কম পথিকই তাঁর সন্ধানপথে শেষ অবধি যান।"

আমাদের দেশের ওস্তাদরা এভাবে খোলাখুলি শেখাতে চান না—একথা ভুক্তভোগী মাত্রই জানেন—গুহ্য তত্ত্ব তাঁরা গুপ্ত রাখেন—আপনার পরিবারবদ্ধ রাখেন—সহজ জিনিষকে অকারণ কঠিন করেন—নৈলে যে পসার মাটি হয়। একথা মহামতি পণ্ডিত ভাতখণ্ডে, তাঁর শিষ্য শ্রীকৃষ্ণ রতনজনকর এবং আরও কত সঙ্গীত-সন্ধানীই যে আমাকে বলেছেন! (আমার নিজের অজস্র বাধাবিপত্তির কথা না হয় ছেড়েই দিলাম।) পণ্ডিতজি আমাকে বহুবার হেসে বলেছেন ওস্তাদরা কী রাগই করতেন যখন তিনি উত্তর ভারতে প্রথমে হিন্দুস্থানি সঙ্গীতের পর্দ্দানশীন তত্ত্বগুলিকে বে-আব্রু ক'রে বৈজ্ঞানিক পদ্ধতিতে সর্ব্বসাধারণের কাছে ধরেন,—যা দুরূহ ছিল তাকে শেখাবার ব্যবস্থা করেন সরল ভঙ্গিতে। ফলে উত্তর ভারতে হিন্দুস্থানি সঙ্গীতের প্রায় নবরুজ্জীবন হ'ল, যেজন্যে বাংলায় এই পদ্ধতিতেই সঙ্গীত শেখানো উচিত এ বিষয়ে বহু বিশেষজ্ঞই আজ একমত। তাই আমি পণ্ডিতজির পদ্ধতিই মূলত অবলম্বন করেছি গীতশ্রীর ব্যাখ্যাবিচারে।

এতে কারুরই আপত্তি হওয়া উচিত নয়। কারণ মনে রাখতে হবে যে, আমরা এখন বলছি শুধু সঙ্গীতের টেকনিক শিক্ষার কথা। কাজেই যে-পদ্ধতি সবচেয়ে কম শ্রমে সবচেয়ে বেশি ফল দেবে এ-জীবন-সংগ্রামের দিনে সেই পদ্ধতিই গ্রহণীয়। অবশ্য এখানে ব'লে রাখা দরকার যে, সঙ্গীতের নব-সৃষ্টি এ-শিক্ষার এলাকার মধ্যে পড়ে না। হিন্দুস্থানি সঙ্গীতের রীতিনীতি জেনে নিয়ে তার পর নব নব সঙ্গীত-স্রষ্টা নতুন নতুন পথে নব নব দিগ্বিজয়ে ছুটবার সময় এসব রীতিনীতি যে লঙ্ঘন করবেন এ তো জানা কথাই—এতে আপত্তিরও কিছুই থাকতে পারে না।* কেবল রীতি-নীতি ঠিক মতন লঙ্ঘন করতে হ'লে আগে তাদের সঙ্গে পরিচয় হওয়া দরকার, এবং রীতি-নীতি জানবার সময় যথা-সম্ভব একটা ভালো পদ্ধতি অনুসারে শিখলে শ্রমলাঘবও হয়, অন্তরঙ্গতাও হয় বেশি। 'ভালো' বলতে বুঝছি একটা বৈজ্ঞানিক—scientific—পদ্ধতি। সব দেশেই একথা স্বীকৃত যে, আর্টের একটা টেকনিকাল দিক আছে ও সেটা আয়ত্ত করবার পক্ষে ভালো সায়েন্টিফিক পদ্ধতি খুবই সহায়তা করে। এইজন্যে সব দেশেই ক্লাসিকাল বা সনাতন সঙ্গীত শেখবার সময়ে শিক্ষার্থীদের যথাসম্ভব বৈজ্ঞানিক পদ্ধতিতেই আর্টের এই টেকনিকাল দিকটা শেখানো হ'য়ে থাকে।

* অবশ্য এতে আপত্তি করেন সব দেশের ওস্তাদরাই। পশ্চিমের সর্ব্বশ্রেষ্ঠ সঙ্গীতকার বীটোভন্ নিত্য নানা সঙ্গীত-বিধান লঙ্ঘন করতেন ব'লে তাঁর ওস্তাদ আলব্রেখ্‌ত্‌স্‌বের্গর এত রাগ করতেন যে, তাঁর অন্য সব সাগরেদদের মানা ক'রে দিয়েছিলেন "লক্ষ্মীছাড়াটার" সঙ্গে মিশতে। তবে সনাতনপন্থীরা রাগবিশুদ্ধির হানি হ'লে যে-সব মামুলি আপত্তি করেন সে-সব আমরা ধর্ত্তব্যের মধ্যেই গণ্য করছি না—কেন না অতীত গৌরব যত বড়ই হোক না, সে ভবিষ্যতের ঘাঁটী আগলে থাকতে চাইলে শুনব কেন?

আমাদের দেশেও তাই হওয়া উচিত বৈ কি। বর্ত্তমান যুগে পণ্ডিতজির চেয়ে সরল ও বৈজ্ঞানিক পদ্ধতি কেউ উদ্ভাবন করেন নি একথা আজ প্রায় সর্ব্বজনস্বীকৃত। তাই আমি অনেক গুরুতর মতভেদের ক্ষেত্রেও তাঁর মতামতকেই প্রাধান্য দিয়েছি। কেবল দু-একটা স্থলে বাংলাদেশে চলতি রাগের রূপও রাগের 'পাঠান্তর' (variant) হিসেবে দেখিয়েছি যেমন ভূপালী-বর্গীয় বিভাষ বা শুদ্ধ ধৈবতের ঘরানা পূরবী : এবং এই বৈজ্ঞানিক পদ্ধতির খাতিরেই প্রত্যেক রাগের একটি ক'রে লক্ষণ গীত বা সার্গমও দিয়েছি—তাতে ক'রে শিক্ষার্থীর সুবিধা হবে ব'লে।

গীতশ্রীতে বারবারই আমি একটি কথা বলতে চেয়েছি : যে, হিন্দুস্থানি গানে অনেক সময় তুচ্ছ কথা এমন কি অভব্য কথাও অত্যন্ত মনোহর রাগরাগিণীতে গাওয়া হ'য়ে থাকে। এ খুবই অনুচিত। ভালো রাগকে ভালো কাব্যের জুড়িতেই জোড়া উচিত—নইলে ভালো সুরের মর্য্যাদা থাকে না ব'লেও বটে, অসুন্দর গান গাওয়া সুকুমার সুকুমারীদের সাজে না ব'লেও বটে। তাই আমরা "পিয়া অবতক মোরি সিজিয়া নহি আয়ে" শ্রেণীর অকিঞ্চিৎকর হিন্দুস্থানি গানের বা "মজা দেতে হয় তেরে বাল ঘুঙরওয়ালে" শ্রেণীর ছেবলা গানের চিরনির্ব্বাসনদণ্ডের পক্ষপাতী : গীতশ্রীতে প্রতি রাগে ভালো কবিত্বময় গান দেবারই চেষ্টা করেছি—কি হিন্দুস্থানিতে কি বাংলায়। এ বিষয়ে গীতশ্রীর মন্তব্যাদির মধ্যে আমার বাকি বক্তব্য বলেছি—তাই সে-সবের পুনরুক্তি না ক'রে সাঙ্গীতিক বিষয়েই ফিরে আসি।

পণ্ডিতজির পদ্ধতি সম্বন্ধে একটি বিষয়ের উল্লেখ ক'রে রাখা দরকার প্রথমেই : কথাটা এই যে, তিনি রাগরাগিণীর বাদী সম্বাদী বিচার বাঞ্ছনীয় মনে করেন। এ-সম্বন্ধে আমাদের মন নিঃসংশয় নয়। প্রশ্নটি সংক্ষেপে এই (সংক্ষেপে বলছি—এ শ্রেণীর টেকনিকাল কচকচির অবতারণার স্থান এ নয় ব'লে) : আজকের দিনে কোনো রাগের রূপব্যাখ্যায় বাদী সম্বাদী বিচারের সার্থকতা আছে কি না। আমাদের সঙ্গীত-রত্নাকর, সঙ্গীত-পারিজাত, সঙ্গীত-দামোদর প্রভৃতি শাস্ত্রগ্রন্থে প্রতি রাগের বাদী সম্বাদী নির্ণিত। যে সময়ে ওসব শাস্ত্র লেখা হয়েছিল তখন হয়ত এসব রাগ ঐ ভাবেই গাওয়া হ'ত, যেমন, ধরা যাক বিলাবলের ধৈবতকে বাদী ও গান্ধারকে সম্বাদী ক'রে। কিন্তু এখনও কি সেইভাবে গাওয়া হয় বিলাবল রাগটি? যদি না হয় তবে এ-যুগেও বিলাবলের বর্ণনায় ধৈবতকে বাদী বলা সঙ্গত হবে কি? কিম্বা ধরা যাক, এখনকার দিনে অনেক ওস্তাদ বাগেশ্রীতে কখনো ধৈবতকে প্রাধান্য দেন, কখনো বা মধ্যমকে। কিন্তু পণ্ডিতজির মতে, সঙ্গীতশাস্ত্র অনুসারেও, মধ্যমই এর বাদী। আরও, মুস্কিল শুধু ওস্তাদি মতভেদ নিয়েই নয় : অনেক রাগে ঠাহর পাওয়াই দায় কোন্‌টা প্রধান সুর। তবে? কঃ পন্থাঃ? আমাদের মনে হয় যে, এ-যুগে খুব কম রাগেই বাদী সম্বাদী অতিচিহ্নিত। একই রাগ নানা ভাবে গাইবার সময় নানা পর্দার (notesএর) প্রাধান্য আসতে পারে—এসেও থাকে। বস্তুত কোনো রাগের মধ্যে অভিনবতা আনার একটি স্বীকৃত পন্থা হচ্ছে—তার নানা ব্যঞ্জনায় নানা পর্দাকে প্রাধান্য দেওয়া : যথা এক ঢঙের ভৈরবীতে হয়ত কোমল ধৈবতকে প্রাধান্য দেওয়া হ'ল, অন্য এক ঢঙের ভৈরবীতে কোমল গান্ধারকে, অন্য এক ঢঙে—(যেমন গ্রামোফোনে করিমের "যমুনাকে তীরে" ভৈরবীটিতে) তারার সা-কে। এ বিষয়ে কৃষ্ণধনবাবু তাঁর গীতসূত্রসারে ৯ম পরিচ্ছেদে যে-আলোচনা করেছেন প্রত্যেক গীতকৌতূহলীকে আমি সেটি পড়তে অনুরোধ করি। তবে এ-বিষয়ে প্রবুদ্ধ লোকমত গ'ড়ে না ওঠা পর্য্যন্ত প্রত্যেকের স্বাধীন মন্তব্য মুলতুবি রাখাই ভালো। তাই আপাতত আমি পণ্ডিতজীর বাদী সম্বাদী রীতিই গ্রহণ করেছি। এ-পদ্ধতিতে রাগরাগিণীগুলি শেখা তো হোক আগে। তার পর এসব সূক্ষ্ম বিচার হবে। প্রথম থেকেই এঁসব আলোচনায় বেশি সময় দেওয়া সমীচীন নয়। প্রথম দিকে যেটা দরকার সেটা হচ্ছে একটা সরল প্রথা মেনে কোনো বৈজ্ঞানিক ভিত্তির উপর রাগরাগিণীর একটা নির্ভরযোগ্য ইমারৎ গ'ড়ে তোলা। এ-পাকা কাজটি পণ্ডিতজী ক'রে গেছেন তাঁর জীবন-সাধনায়। সে মস্ত কাজটিকে কৃতজ্ঞচিত্তে গ্রহণ করা আমাদের পক্ষে কর্ত্তব্যও বটে, বাঞ্ছনীয়ও বটে—সব দিক দিয়ে সুবিধাও। তাই এ-তর্ক আপাতত মুলতুবিই থাকুক না।

রাগরাগিণী শেখবার সবচেয়ে সহজ পদ্ধতি হচ্ছে প্রতি রাগে অনেকগুলি ক'রে গান শেখা বিভিন্ন তালে। কারণ একরাগে নানা গান ভিন্ন ভিন্ন তালে শিখতে শিখতে তার অন্তর্নিহিত রূপটি আমাদের মগ্নচেতনে ছাপ ফেলে অত্যন্ত

সহজেই। বিশ্লেষণ আসুক, কিন্তু পরে—আগে না। স্থানের সংকুলান হ'লে প্রতি রাগের অন্তত ৭টি ক'রে গানের স্বরলিপি দিতাম: চৌতাল, ধামার, তেওরা, ত্রিতালী, একতালা, ঝাঁপতাল ও দাদরায়। কিন্তু প্রথম-শিক্ষার্থীর বইয়ে এতশত সমারোহ সম্ভব নয়। অতএব উপস্থিত প্রতি রাগে তিন'চারটি ক'রে গান দিয়েই ক্ষান্ত হ'লাম।

বলাই বেশি—এ বইটি মূলত বাঙালি শিক্ষার্থীর জন্যে। তাই প্রতি রাগে বাংলা গানই বেশি দেওয়া হ'ল: সেটা শুধু শোভন ব'লেই নয়—উচিত ব'লেও বটে। উচিত এইজন্যে যে, বাঙালি সৃষ্টি করবে প্রধানত বাংলা গানেই। তাই হিন্দুস্থানি রাগ তার শিক্ষণীয় হ'লেও সে যদি দাবি করে যে, প্রতি রাগকে সে বাংলা গানেই গাইবে তবে তার সে-দাবি নামঞ্জুর করাটা হবে গোঁয়ারতুমি। কেননা যেখানে গানের ভাষার কথা হচ্ছে—সেখানে আনন্দের প্রধান বাহন নিশ্চয়ই ভাষার অন্তরঙ্গতা (intimacy): আর একথা অস্বীকার করা কোনোমতেই চলে না যে, হিন্দুস্থানি গানের কথা বাঙালির কানের ভিতর দিয়ে সেভাবে মরমে প্রবেশ করতে পারে না যেমন পারে বাংলা গান। আমার খুবই আশা আছে অদূর ভবিষ্যতে বাংলায় প্রতি রাগে—মিশ্র রাগেও—অজস্র সুন্দর সুন্দর গান রচিত হবে। উপস্থিত একটা মস্ত মুষ্কিল এই যে, শুদ্ধ রাগে বাংলা গান খুবই কম।

তবে এ-বিষয়ে একটা প্রশ্ন ওঠে। কেউ কেউ বলেন বাংলা গানের কথায় হিন্দুস্থানি রাগের লজ্জৎ ও জৌলুষ খোলে না। এ-তর্কের আলোচনার একটু প্রয়োজন আছে—কারণ একথা যদিও আমি স্বীকার করি না—তবু এ-আপত্তির মধ্যে ভাববার কথা আছে—যদিও এমন কিছু অগাধ ভাবনা নয়: তবু।

ভাববার কথাটা এই যে, বাংলা গানের বিপক্ষে এমন অভিযোগ এল কেন? একটা কারণ অবশ্যই এই যে, মানবমনে উন্নাসিকতা (snobbishness) একটি ব্যাপক ব্যাধি: তাই হিন্দুস্থানি গান শিখলেই অ-হিন্দুস্থানি সব কিছুই-যে অসার এ-ভেবে কালোয়াৎ হৈন্দবাদীদের বিমল আত্মপ্রসাদ হয়। কিন্তু এ-কালোয়াতি কারণ নিয়ে মাথা বকান অনাবশ্যক—যেহেতু অল্প জ্ঞানের ঔদ্ধত্য কেবল ভূয়োজ্ঞানেই নিরাকৃত হয়—নান্যঃ পন্থাঃ। কিন্তু এ ছাড়া যে-কারণটি আছে তার আলোচনার কিছু সার্থকতা আছে। তাই সে-কারণটি বলি।

সবাই জানেন হিন্দুস্থানি গানে আ ঈ ঊ এ ঐ ও ঔ এরা সংস্কৃত ভঙ্গিমায় দীর্ঘায়িত হ'য়ে উচ্চারিত হ'য়ে দ্বিমাত্রার মর্য্যাদা পেয়ে থাকে—সর্ব্বত্র না হ'লেও প্রায়ই। বাংলা কাব্যে সচরাচর এমনটি হয় না। অর্থাৎ কি না বাংলা গানে গুরুস্বরও সচরাচর লঘু—কি না একমাত্রাকাল স্থায়ী—হ'য়ে থাকে। এর ফলে বাংলা গানের কথায় যাকে হিন্দুস্থানিরা বলে "বোলন্দ্" বা কল্লোলিত ধ্বনি সেটা পাওয়া অনেক সময় ভার হ'য়ে ওঠে—সুরের ফাঁক কথার ঠাশবুনুনিতে যায় বুঁজে। কিন্তু সঙ্গীতে এর নিরাকরণ-যে একেবারে অসম্ভব নয় সেটা হাল আমলে সাব্যস্ত হয়েছে: আধুনিক অনেক উৎকৃষ্ট বাংলা গানেই এটা দেখা গেছে যে, শব্দযোজনার নৈপুণ্য থাকলে "বোলন্দ্" স্বর বাংলা শব্দেও যথেষ্ট মিলতে পারে—বিশেষ ক'রে শব্দপ্রান্তিক স্বরবর্ণে, যথা "আরো আলো—আরো আলো—মোর নয়নে—প্রভু জ্বালো—" এখানে লো—নে প্রভৃতি স্বরবর্ণে সহজেই সুর ছাড়া পেতে পারে। অপিচ, শুধু যে শব্দপ্রান্তিক স্বরবর্ণেই সুর পাখা মেলতে পারে তা নয়—প্রয়োগ-নৈপুণ্য জানলে সমাসবদ্ধ শব্দেও কথার ফাঁকে ফাঁকে অতি মধুর সুরবিহার আদরণীয় হ'তে পারে। এর ব্যাখ্যা কথায় সম্ভব নয় স্বরলিপিতেই খানিকটা সম্ভব। তাই এ আলোচনা স্থগিত রাখলাম—মাত্রাবৃত্ত বা স্বরবৃত্ত ছন্দের গানগুলির স্বরলিপি অনুধাবন করলেই এটা বোঝা যাবে।

আরো একটি উপায় আছে: লঘুগুরু ছন্দে গান রচনা করা। এ-বিষয়ে ভূমিকায় কিছু বিশদভাবে বলতেই হবে, যেহেতু বাংলা গানে ভবিষ্যতে লঘুগুরু ছন্দ সুরকে খুব বেশি ছাড়া দেবে একথা মনে করার সঙ্গত কারণ আছে।

সবাই জানেন, সংস্কৃত ছন্দে গুরুস্বর (আ ঈ ঊ এ ঐ ও ঔ) এই কয় স্বরবর্ণ গুরু ব'লে গণ্য হয়, কিনা দু'মাত্রার মর্য্যাদা পায়, যেখানে লঘুস্বর (অ ই উ) মর্য্যাদা পায় একমাত্রার। ভারতচন্দ্রের সময় থেকে—সম্ভবত

তাঁরও আগে থেকেই—বাংলা কবিতায় গুরুস্বরের এই দ্বিমাত্রিকতা কাব্যে সমাদর পেয়ে এসেছে। বৈষ্ণব পদাবলীতে নানা চরণেই এই গুরুস্বরের কল্লোল এনেছে অপরূপ মনোহারিত্ব, এরই নাম—"লঘুগুরু ছন্দ" : অথ, লঘুগুরু ছন্দ একটা বাংলায় প্রচলিত ছন্দই—অদ্ভুত বা উদ্ভট কোনো ছন্দ নয়। একথা প্রমাণ করতে কয়েকটি মাত্র দৃষ্টান্ত দেই বৈষ্ণব পদাবলী থেকে :—

॥ ॥ ॥ ॥
আওল ঋতুপতি রাজ বসন্ত | ধাওল অলিকুল মাধবপন্থ ॥—(বিদ্যাপতি)

॥ ॥
এ সখি রসময় অন্তর হার

॥ ॥ ॥ ॥ ॥
শ্যাম সুনাগর গুণগণ আগর কো ধনি বিছুরয় পার ॥—(গোবিন্দদাস)

॥ ॥ ॥ ॥
কেলিকদম্ব পুনহি পুন হেরসি ঘনঘন তেজসি শ্বাস ॥—(ঘনশ্যামদাস)

॥ ॥ ॥ ॥ ॥
জয় জয় গোকুল-বল্লভ শ্যামর | ভাবিনি-ভাব-বিভাবিত-অন্তর ॥—(অনন্ত দাস)

॥ ॥
সুখময় শীতল চন্দন অঙ্গ | নব নব ভাব তরঙ্গিত রঙ্গ ॥—(রাধামোহন)

॥ ॥ ॥ ॥ ॥ ॥
পদনূপুর বাজত পঞ্চ স্বরে | করবাদন নর্ত্তন গীতবরে ॥—(নৃসিংহ দাস)

ভারতচন্দ্র তো হুবহু সংস্কৃত ছন্দেও লিখতেন :

॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥
ভূতনাথ ভূতসাথ দক্ষযজ্ঞ নাশিছে | যক্ষ রক্ষ লক্ষ লক্ষ অট্ট অট্ট হাসিছে।—(তূণক)

॥ ॥ ॥ ॥ ॥ ॥
তুঁহি পঙ্কজিনী মুহি ভাস্কর লো | ভয় না কর না কর না কর লো।—(তোটক)

॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥ ॥
মহারুদ্র বেশে মহাদেব সাজে | ভভম্ভম ভভম্ভম শিঙা ঘোর বাজে।—(ভুজঙ্গপ্রয়াত)

এছাড়া অন্য অনেক বাঙালি কবির কবিতা থেকেও লঘুগুরু ছন্দের অজস্র চরণের দৃষ্টান্ত উদ্ধৃত করা যেতে পারে। কিন্তু তার প্রয়োজন নেই—কেন না একথা সবাই জানেন। রবীন্দ্রনাথ শুধু যে তাঁর বিখ্যাত "ভানুসিংহের পদাবলী"তে এই গুরুস্বর এনেছিলেন তাই নয় তাঁর অনেক বিখ্যাত গানেই তিনি দ্বিমাত্রিক গুরুস্বরের প্রবর্ত্তন করেছেন, যথা : "দেশ দেশ নন্দিত করি" "জনগণমন অধিনায়ক" "মাতৃমন্দির পুণ্য অঙ্গন" "হিংসায় উন্মত্ত পৃথ্বি"—আরও অনেক গানে এই দ্বিমাত্রিক গুরুস্বরের আমদানি করেন। এছাড়া "চিরকল্যাণময়ী তুমি ধন্য, দেশ বিদেশে বিতরিছ অন্ন" "প্রথম প্রভাত উদয় তব গগনে, প্রথম সামরব তব তপোবনে, প্রথম প্রচারিত তব বনভবনে—জ্ঞান ধর্ম কত কাব্যকাহিনী" শ্রেণীর বহু চরণেই নিখুঁৎ লঘুগুরু উচ্চারণের ভেদ বজায় রাখেন। দ্বিজেন্দ্রলালও তাঁর অনেক বিখ্যাত গানে নিখুঁৎ লঘুগুরু ছন্দ এনেছেন, মনোহর কবিত্বের সঙ্গে এবং বাঙালি এসব গানকে সাদরেই গ্রহণ করেছে সবাই জানেন ও মানেন।

কিন্তু হ'লে হবে কি, থিওরি যখন মাথা চাড়া দিয়ে ওঠে তখন সত্যকেও নামঞ্জুর করার প্রবৃত্তি ওঠে জেগে—থিওরির মান রাখতে। হাল আমলে "স্বাভাবিক-পন্থী" একদল থিওরিষ্ট তাই তো বলা সুরু করেছেন যে ভাষা হবে একান্ত দৈনন্দিন, ঘরোয়া, চল্‌তি—যেহেতু একমাত্র এ-হেন ভাষাই না কি অকৃত্রিম, বাকি সব ভাষা না কি পণ্ডিতি, কৃত্রিম। এ থিওরি যদি সত্য হয় তাহ'লে মানতেই হবে যে লঘুগুরু ছন্দ এবং তার ভাষা কৃত্রিম। কিন্তু এ-আপত্তি বাস্তবিক হসনীয়। সাহিত্যের ভাষা মানব-মনের বহু-সংস্কৃতির অভিব্যক্তি। অসংস্কৃত মন অসংস্কৃত কালের কাছে তা কৃত্রিম লাগবেই, বিশেষ ক'রে কাব্যে—যে-রাজ্যে সে-সংস্কৃতি উঠেছে শিখরে। শেক্ষপীয়রের নাটকে ম্যাকবেথ যখন ডাক্তারকে মিনতি ক'রে বলছেন লেডী ম্যাকবেথের অসুখ সারাতে :

"Canst thou not minister to a mind diseased
And pluck from the heart a rooted sorrow ?"

তখন অকৃত্রিমবাদী বাস্তবপন্থীদের নিশ্চয়ই উচিত হেসে ওঠা—যদি তাঁরা সত্যই বিশ্বাস করেন যে, সাহিত্যের ভাষা সর্ব্বত্র হুবহু মৌখিক ভাষা বা উচ্চারণ-ভঙ্গির প্রতিচ্ছবি হবে। কেন না স্ত্রীর হ'য়ে এ-ভাষায় কোনো স্বামী যদি ডাক্তারকে সম্বোধন করেন তবে ডাক্তার স্ত্রীর আগে ছুটে আসবেন স্বামীকেই পাগলা গারদে শুশ্রূষার জন্যে পাঠাতে। শ্রীযুক্ত মোহিতলাল মজুমদার তাঁর "আধুনিক বাংলা সাহিত্য" বইটির "আধুনিক সাহিত্যের ভাষা" প্রবন্ধে ঠিকই লিখেছেন : "এক অর্থে সাহিত্যের ভাষা মাত্রেই কৃত্রিম। কবি যে-ভাষায় লেখেন, অরসিক অকবি তাহাকে কৃত্রিম মনে করিবে-ই, চিরদিনই করিয়া থাকে। রবীন্দ্রনাথের রচনাপাঠ-কালে—সে রচনা যে-রীতিরই হউক—হাস্যবেগ অনুভব করে, এমন শ্রোতার অভাব কখনই হইবে না।" একথার মার নেই, বিশেষ ক'রে ছন্দোবদ্ধ কাব্যে – কেন না ছন্দোবদ্ধ কাব্যই হ'ল ভাষার সর্ব্বোত্তম পরিণতি—এবং সে-পরিণতি বহু-সাধনা-লভ্য—বহুযত্নায়ত্ত, জীবনের স্বাভাবিকতার মাপকাটি এ-ভাষায় অব্যবহার্য্য—অচল।

এইজন্যেই সুকুমার সাহিত্যের ভাষা সব দেশেই কমবেশি stylised ভাষা—অর্থাৎ সুভঙ্গিম ভাষা : মানে, তাতে অভ্যস্ত হ'তে রস পেতে সময় লাগে ; জীবনের কৃত্রিম-অকৃত্রিমের মাপকাঠি, কলাকারুর কৃত্রিম-অকৃত্রিমের মাপকাঠি কোনোদিনই হয় নি—হ'তে পারে না। একথা বলার তাৎপর্য্য এ নয় যে, আর্টে কৃত্রিমতা ব'লে কিছু নেই—আছে, কিন্তু সে-কৃত্রিমতা চিনতে হ'লে, বুঝতে হ'লে চাই আর্টের বহু সাধনা, কারুকলার রহস্য-সম্বন্ধে বহু অভিনিবেশ, রসোপলব্ধি, ভূয়োদর্শন। কাজেই "কথ্য ভাষায় আমরা গুরুস্বরকে দীর্ঘ করি না" এ-যুক্তির মধ্যে কিছুমাত্র সারবত্তা নেই : দেখতে হবে গানে কবিতায় গুরুস্বরকে দ্বিমাত্রিকতার কল্লোল দিলে তাতে ধ্বনি-সম্পদে গাঢ়তর রস মেলে কি না—শ্রুতি-অনুশীলনে। এ-রসের রসিক হ'তে হ'লে শ্রুতি-অনুশীলন চাই এইজন্যে যে, শ্রুতিবৈদগ্ধ্য বিনা কাব্যের যথাযথ রসগ্রাহী হওয়া অসম্ভব।

এ-সম্বন্ধে একটি ছোট প্রাসঙ্গিক দৃষ্টান্ত দেই। যাঁরা বলেন লঘুগুরু ছন্দে রচনা কঠিন ব'লেই কৃত্রিম—তাঁরা একটি বিশ্বসত্য ভুলে যান যে কঠিন অনেক কিছুই অভ্যাসে সহজ হয়। গুজরাতি কথ্য-ভাষায়ও গুরুস্বরের চল নেই, কিন্তু গুজরাতি কাব্যে আছে। কাজেই ওদের কবিরা সংস্কৃতি-কৌলীন্যবশে খুবই সহজে কঠিন সংস্কৃত ছন্দে লঘুগুরু ভঙ্গিতে কবিতা লিখতে পারেন। আমার একটি গুজরাতি আশ্রম-সতীর্থকে—এঁর বয়স কুড়ি মাত্র—দু তিন দিনে পাঁচশো ছশো লাইন পৃথ্বী ছন্দ, স্রগ্ধরা ছন্দ লিখতে দেখেছি। তাঁকে একদিন কথায় কথায় বলি বাংলাদেশের সহজপন্থীদের এই যুক্তির কথা। তিনি তো হেসেই খুন ; বললেন (ইংরাজিতে) : "কঠিন তো আমারও লাগত একদিন। কিন্তু লিখতে লিখতে লঘুগুরু ছন্দ আমার কাছে হ'য়ে এসেছে জলবত্তরলম্।" আমি ঠাট্টা ক'রে বললাম : "কিন্তু মৌখিক ভাষার মতন তরল তো হয়নি।" তিনি বললেন : "আলবৎ হয়েছে। প্রমাণ ?—আচ্ছা, নেও কাগজ পেন্সিল, আমি মুখে মুখে সংস্কৃতে যে ছন্দ অত্যন্ত কঠিন—স্রগ্ধরা—রচনা ক'রে দিচ্ছি।"

ব'লে ঈষৎ থেমে থেমে অবলীলাক্রমে এই কয়টি লাইন রচনা ক'রে দিলেন গুজরাতি ভাষায়, আমি লিখে নিলাম :

‖ ‖ ‖ ‖ । ‖ ‖ । । । । । । । ‖ ‖ । ‖ ‖ । ‖ ‖
সংস্কৃত স্রগ্ধরা :—ধ্যা য়ে ন্নি ত্যং ম হে শং র জ ত গি রি নি ভং চা রু চ ন্দ্রা ব তং সং
গুজরাতি „ :—আ ন ন্দে কা ল কে রী বি ম ল ক ন ক নী ভ ব্য প্রতি মা স্ফু জ্জে লী
বি শ্বো না য ন্ত্র মা টে জি ব ন প ম র তী চে ত ন্য নে ঘ ড়ে লী
তুঁ ছে আ রী প্র তী মা তু ম নি ধি স ম আ ব ক্ষ না শ্বা স কে রাঁ
ঘে রা সৌঁ রা দি স্রো তো নি খি ল জি ব ন না প্রা ণ ধ র্তা স মা শা ‖

একদিনে ইনি তিনশো লাইন স্রগ্ধরা সহজেই রচনা করতে পারেন এখন। আর শুধু ইনিই নন। কবি নিশিকান্ত নিজেই আমাকে বলেছেন যে, একসময়ে তাঁরও মনে হ'ত লঘুগুরু ছন্দ কঠিন কৃত্রিম—কিন্তু এখন এ-ছন্দ তাঁর কাছে খুবই সহজ ঠেকে। আর এতে যে শুধু আমরাই আনন্দ পাই এমন নয়—গীতশ্রীর গোড়ায় তাঁর রাজহংস কবিতাটি প'ড়ে শ্রীঅরবিন্দ আমাকে লিখেছিলেন : "It is truly a marvellous success—magnificently easy and beautiful in rhythm as well as fine poetry. I agree with you that he has justified the laghuguru metre altogether, sustaining a perfect naturalness and fluency throughout such a long poem." তার পরে কৌতূহলের বশবর্ত্তী হ'য়ে রবীন্দ্রনাথকে পাঠাই এ-কবিতাটি—যাচাই করতে। প'ড়ে কবি লেখেন আমাকে : "নিশিকান্তর রাজহংস প'ড়ে দেখলুম। এ পরিণত লেখনীর রচনা—ছন্দের তরঙ্গভঙ্গের উপর দিয়ে ভাবে ভরা ভাষা পাল তুলে দিয়ে চলেছে নিরাপদে। আনন্দ লাভ করলুম।"

ধূর্জ্জটিপ্রসাদ—যিনি লঘুগুরু ছন্দের বিরুদ্ধে ছিলেন এ যাবৎ—আমাকে লেখেন : "নিশিকান্তর রাজহংস কবিতাটি সত্যই অদ্ভুত। আমি তাঁর কবিত্বশক্তি দেখে মুগ্ধ হয়েছি। কিন্তু লঘুগুরু ছন্দের পরীক্ষার জন্যে প্রথম পাঠে কবিতার স্বকীয় গরিমা চাপা পড়ে। পরে সূর্য্যের মতন তার আলো আমার মনে ছড়িয়ে পড়েছে। গায়ত্রীর ধ্যানের মতন লাগছে। ভারতের শ্রেষ্ঠ সঙ্কল্প এই কবিতার বিষয় বারবার এই কথাই আমার মনে উঠছে। তাঁকে আমার অভিবাদন জানিও।"

এ তিনটি মত উদ্ধৃত করলাম—প্রমাণ করতে যে, (১) লঘুগুরু অনেক রসজ্ঞের কানেই কৃত্রিম লাগে না; (২) এতে কোনো রচনা উত্তীর্ণ হ'লে শুধু যে সে-কাব্য ছন্দোত্তীর্ণ হয় তাই নয়—রসোত্তীর্ণও হয়, এবং সে-রস সম্পূর্ণ আলাদা আলাদা ছাঁচের মনেও আনন্দের ঢেউ তোলে; (৩) দ্বিমাত্রিক অযুগ্মধ্বনিতে সুর ছাড়া পায় ব'লে এর কল্লোল গানের পক্ষে বিশেষ উপযোগী। রবীন্দ্রনাথ ঠিকই লিখেছেন বৈ কি যে : "গায়কের সার্থকতা কথার ফাঁকে, লেখকের সার্থকতা কথার ঝাঁকে।" (জাপানে-পারস্যে—৪৭ পৃষ্ঠা) এই শেষ উপপাদ্যটি অবশ্য শুধু যুক্তি বা ব্যাখ্যায় প্রমাণ হ'তে পারে না—কিন্তু যে-কেউ খোলা মন নিয়ে লঘুগুরু ছন্দের গানগুলি স্বরলিপি দেখে গাইবেন, যিনিই একটু অনুধাবন ক'রে দেখবেন গুরুস্বরের কল্লোলে গানের সুর কতটা "ফাঁক" পায়—পাখা মেলে বিচরণ করবার আকাশ পায়, তিনিই একথা উপলব্ধি করবেন এ অবধারিত।

লঘুগুরু ছন্দের আর একটা মস্ত সুবিধে এই যে, সংস্কৃতপন্থী হওয়ার দরুণ এ-ছন্দে অস্থানে-খণ্ডনের সুযোগ বেশি মেলে—অর্থাৎ, গতিভঙ্গিতে যতিভঙ্গ এলে নানান্ তির্য্যক্ সৌন্দর্য্য আনা যায়। বলা বাহুল্য এতে সুরের তির্য্যক-গতির (ওরফে তালের "আড়ি" গতি) অবকাশ বেশি মেলে। দ্বিজেন্দ্রলাল এইজন্যেই গানে লঘুগুরু ছন্দের প্রবর্ত্তন এত কাম্য মনে করতেন।

এ-তির্য্যকগতি বলতে কী বুঝছি দেখাতে দুটি গান দিচ্ছি উদাহরণ স্বরূপ : একটি হিন্দি অপরটি বাংলা। হিন্দি গানটি এক খ্যাতনামা হিন্দি কবির রচনা। এখানে মহারাষ্ট্রীয় এক মহারাণীর সঙ্গে আলাপ হয়। ইনি

সঙ্গীতজ্ঞ ও কাব্যানুরাগিণী। একদিন সন্ধ্যাবেলা এ সুন্দর গানটি গাইলেন। এর ছন্দে আমি চমৎকৃত হওয়াতে তিনি বললেন: এরকম গান ও-দেশে আরও রচিত হচ্ছে হিন্দিতে। এতে হিন্দি কাব্যের তথা নাট্যসঙ্গীতের ভবিষ্যৎ সম্বন্ধে উৎসাহিত হ'তে হয়। কিন্তু সে যাক্, গানটি ছন্দজ্ঞ ও তালজ্ঞদের কাছে পেশ করি—নিশিকান্ত বাংলায় এ ছন্দের যে চমৎকার প্রতিরূপ দিয়েছেন সেটিও দিলাম পাশেই। এ গান দুটিতে শুধু অযুগ্ম (open) গুরু স্বরবর্ণের (আ ঈ উ এ ও) মাথায় যুগল দাঁড়ি দিলাম এদের দ্বিমাত্রিকতা দেখাতে—যেহেতু কেবল এই ক্ষেত্রেই লঘুগুরু ছন্দের সঙ্গে বাংলা মাত্রাবৃত্ত ছন্দের তফাৎ—বাংলা মাত্রাবৃত্তেও ঐ ঔ (যুগ্মধ্বনি হওয়ার দরুণ) দ্বিমাত্রিক ব'লে :—

হিন্দি লঘুগুরু

দিল্ | লে লিয়া হি | মে রো
রো | নন্দকে দু || লারে
পনি || য়া ভরন গ || ঈ থী
যমু | না-নদী কি || নারে
সির্ | পর্ মুকট জ || ড়া থা
কুণ্ || ডল কান প || ড়া থা
পন | ঘট নিকট খ || ড়া থা
কর্ | প্রেমকে ই || শারে
গল | বিচ্ বনফুল | মালা
লো || চন পরম র || সালা
কটি | মেখলা উ || জালা
তন | পীতবসন | ধারে
বন্ || সী অধর ল || গাঈ
মধু || রী ধুনী সু || নাঈ
অভি || সার সুর বু | লাঈ
ঘর || কাজ সব বি || সারে
সুন্ | দর ছবি মো | হনকী
দিল্ || মে বসি তো | হনকী
নতি | নিখিল শরণ | মনকী
আ || শা পূরণ | হারে

বাংলা লঘুগুরু

অনু || রাগ রাগ | লাগে
এ | মর্ম আজ | ভোলে
তনু- | জাগরণ বি || কাশে
পুল || কে বিভাসি' | দোলে
রঞ্ || জিত প্রাণ পি || য়াসা
লভি || য়া ছে নব | ভাষা
নব | জীবনেরি | আশা
নব | নব দুয়ার | খোলে
নন্ || দন-লুণ্ঠন- | মালা-
পরি' | কণ্ঠ মম উ || জালা
টল | মল হৃদয় পি | য়ালা
মধু | উছল ধার | তোলে
অব || না-স্বপন পু || রায়ে
সুর || লী সুর শিহ || রায়ে
অনু || পম গীত ঝ || রায়ে
কে | ছন্দে মম | বোলে ?
প্রিয়, | গোপন মন | চারী !
হে | মম প্রেমদি || শারী !
তব | সাগর অভি | সারী
মম | চেতন-রতি- | রোলে

ব'লে ঈষৎ থেমে থেমে অবলীলাক্রমে এই কয়টি লাইন রচনা ক'রে দিলেন গুজরাতি ভাষায়, আমি লিখে নিলাম :

॥ ॥ ॥ ॥ । ॥ ॥ । । । । । । ॥ ॥ । ॥ ॥ । ॥ ॥
সংস্কৃত স্রগ্ধরা :—ধ্যা য়ে ন্নি ত্যং ম হে শং র জ ত গি রি নি ভং চা রু চ ন্দ্রা ব তং সং
গুজরাতি „ :—আ ন ন্দে কা ল কে রী বি ম ল ক ন ক নী ভ ব্য প্রতি মা স্ফু জে লী
বি শ্বো না য স্র মা টে জি ব ন প ম র তী চে ত ন্য নে ঘ ড়ে লী
তূঁ ছে আ রী প্র তী মা তু ম নি ধি স ম আ ব ক্ষ না শ্বা স কে রাঁ
ঘে রা সৌঁ বা দি ব্যো তো নি খি ল জি ব ন না প্রা ণ ধ র্তা স মা শা ॥

একদিনে ইনি তিনশো লাইন স্রগ্ধরা সহজেই রচনা করতে পারেন এখন। আর শুধু ইনিই নন। কবি নিশিকান্ত নিজেই আমাকে বলেছেন যে, একসময়ে তাঁরও মনে হ'ত লঘুগুরু ছন্দ কঠিন কৃত্রিম—কিন্তু এখন এ-ছন্দ তাঁর কাছে খুবই সহজ ঠেকে। আর এতে যে শুধু আমরাই আনন্দ পাই এমন নয়—গীতশ্রীর গোড়ায় তাঁর রাজহংস কবিতাটি প'ড়ে শ্রীঅরবিন্দ আমাকে লিখেছিলেন : "It is truly a marvellous success—magnificently easy and beautiful in rhythm as well as fine poetry. I agree with you that he has justified the laghuguru metre altogether, sustaining a perfect naturalness and fluency throughout such a long poem." তার পরে কৌতূহলের বশবর্ত্তী হ'য়ে রবীন্দ্রনাথকে পাঠাই এ-কবিতাটি—যাচাই করতে। প'ড়ে কবি লেখেন আমাকে : "নিশিকান্তর রাজহংস প'ড়ে দেখলুম। এ পরিণত লেখনীর রচনা—ছন্দের তরঙ্গভঙ্গের উপর দিয়ে ভাবে ভরা ভাষা পাল তুলে দিয়ে চলেছে নিরাপদে। আনন্দ লাভ করলুম।"

ধূর্জ্জটিপ্রসাদ—যিনি লঘুগুরু ছন্দের বিরুদ্ধে ছিলেন এ যাবৎ—আমাকে লেখেন : "নিশিকান্তর রাজহংস কবিতাটি সত্যই অদ্ভুত। আমি তাঁর কবিত্বশক্তি দেখে মুগ্ধ হয়েছি। কিন্তু লঘুগুরু ছন্দের পরীক্ষার জন্যে প্রথম পাঠে কবিতার স্বকীয় গরিমা চাপা পড়ে। পরে সূর্য্যের মতন তার আলো আমার মনে ছড়িয়ে পড়েছে। গায়ত্রীর ধ্যানের মতন লাগছে। ভারতের শ্রেষ্ঠ সঙ্কল্প এই কবিতার বিষয় বারবার এই কথাই আমার মনে উঠছে। তাঁকে আমার অভিবাদন জানিও।"

এ তিনটি মত উদ্ধৃত করলাম—প্রমাণ করতে যে, (১) লঘুগুরু অনেক রসজ্ঞের কানেই কৃত্রিম লাগে না; (২) এতে কোনো রচনা উত্তীর্ণ হ'লে শুধু যে সে-কাব্য ছন্দোত্তীর্ণ হয় তাই নয়—রসোত্তীর্ণও হয়, এবং সে-রস সম্পূর্ণ আলাদা আলাদা ছাঁচের মনেও আনন্দের ঢেউ তোলে; (৩) দ্বিমাত্রিক অযুগ্মধ্বনিতে সুর ছাড়া পায় ব'লে এর কল্লোল গানের পক্ষে বিশেষ উপযোগী। রবীন্দ্রনাথ ঠিকই লিখেছেন বৈ কি যে : "গায়কের সার্থকতা কথার ফাঁকে, লেখকের সার্থকতা কথার ঝাঁকে।" (জাপানে-পারস্যে—৪৭ পৃষ্ঠা) এই শেষ উপপাদ্যটি অবশ্য শুধু যুক্তি বা ব্যাখ্যায় প্রমাণ হ'তে পারে না—কিন্তু যে-কেউ খোলা মন নিয়ে লঘুগুরু ছন্দের গানগুলি স্বরলিপি দেখে গাইবেন, যিনিই একটু অনুধাবন ক'রে দেখবেন গুরুস্বরের কল্লোলে গানের সুর কতটা "ফাঁক" পায়—পাখা মেলে বিচরণ করবার আকাশ পায়, তিনিই একথা উপলব্ধি করবেন এ অবধারিত।

লঘুগুরু ছন্দের আর একটা মস্ত সুবিধে এই যে, সংস্কৃতপন্থী হওয়ার দরুণ এ-ছন্দে অস্থানে-খণ্ডনের সুযোগ বেশি মেলে—অর্থাৎ, গতিভঙ্গিতে যতিভঙ্গ এলে নানান্ তির্য্যক্ সৌন্দর্য্য আনা যায়। বলা বাহুল্য এতে সুরের তির্য্যক-গতির (ওরফে তালের "আড়ি" গতি) অবকাশ বেশি মেলে। দ্বিজেন্দ্রলাল এইজন্যেই গানে লঘুগুরু ছন্দের প্রবর্ত্তন এত কাম্য মনে করতেন।

এ-তির্য্যকগতি বলতে কী বুঝছি দেখাতে দুটি গান দিচ্ছি উদাহরণ স্বরূপ : একটি হিন্দি অপরটি বাংলা। হিন্দি গানটি এক খ্যাতনামা হিন্দি কবির রচনা। এখানে মহারাষ্ট্রীয় এক মহারাণীর সঙ্গে আলাপ হয়। ইনি

সঙ্গীতজ্ঞ ও কাব্যানুরাগিণী। একদিন সন্ধ্যাবেলা এ সুন্দর গানটি গাইলেন। এর ছন্দে আমি চমৎকৃত হওয়াতে তিনি বললেন : এরকম গান ও-দেশে আরও রচিত হচ্ছে হিন্দিতে। এতে হিন্দি কাব্যের তথা নাট্যসঙ্গীতের ভবিষ্যৎ সম্বন্ধে উৎসাহিত হ'তে হয়। কিন্তু সে যাক্, গানটি ছন্দজ্ঞ ও তালজ্ঞদের কাছে পেশ করি—নিশিকান্ত বাংলায় এ ছন্দের যে চমৎকার প্রতিরূপ দিয়েছেন সেটিও দিলাম পাশেই। এ গান দুটিতে শুধু অযুগ্ম (open) গুরু স্বরবর্ণের (আ ঈ উ এ ও) মাথায় যুগল দাঁড়ি দিলাম এদের দ্বিমাত্রিকতা দেখাতে—যেহেতু কেবল এই ক্ষেত্রেই লঘুগুরু ছন্দের সঙ্গে বাংলা মাত্রাবৃত্ত ছন্দের তফাৎ—বাংলা মাত্রাবৃত্তেও ঐ ঔ (যুগ্মধ্বনি হওয়ার দরুণ) দ্বিমাত্রিক ব'লে :—

হিন্দি লঘুগুরু	বাংলা লঘুগুরু
দিল্ | লে লিয়া হি | মে রো	অনু ॥ রাগ রাগ | লাগে
রো | নন্দকে দু ॥ লারে	এ | মর্ম আজ | ভোলে
পনি ॥ য়া ভরন গ ॥ ঈ থী	তনু- | জাগরণ বি ॥ কাশে
যমু | না- নদী কি ॥ নারে	পুল ॥ কে বিভাসি' | দোলে
সিয় | পয় মুকট জ ॥ ড়া থা	রঞ্ ॥ জিত প্রাণ পি ॥ য়াসা
কুণ্ ॥ ডল কান প ॥ ড়া থা	লভি ॥ য়া ছে নব | ভাষা
পন | ঘট নিকট থ ॥ ড়া থা	নব | জীবনেরি | আশা
কয় | প্রেমকে ই ॥ শারে	নব | নব দুয়ার | খোলে
গল | বিচ্ বনফুল | মালা	নন্ ॥ দন-লুণ্ঠন- | মালা-
লো ॥ চন পরম র ॥ সালা	পরি' | কণ্ঠ মম উ ॥ জালা
কটি | মেখলা উ ॥ জালা	টল | মল হৃদয় পি | য়ালা
তন | পীতবসন | ধারে	মধু | উছল ধার | তোলে
বন্ ॥ সী অধর ল ॥ গাঈ	অব ॥ না-স্বপন পু ॥ রায়ে
মধু ॥ রী ধুনী সু ॥ নাঈ	মুর ॥ লী সুর শিহ ॥ রায়ে
অভি॥ সার সুর বু | লাঈ	অনু ॥ পম গীত ঝ ॥ রায়ে
ঘর ॥ কাজ সব বি ॥ সারে	কে | ছন্দে মম | বোলে ?
সুন্ | দর ছবি মো | হনকী	প্রিয়, | গোপন মন | চারী !
দিল্ ॥ মে বসি তো | হনকী	হে | মম প্রেমদি ॥ শারী !
নতি | নিখিল শরণ | মনকী	তব | সাগর অভি | সারী
আ ॥ শা পূরণ | হারে	মম | চেতন-রতি- | রোলে

এখানে যেটা আরো বিশেষ ক'রে অনুধাবনীয় সেটা এই যে, লঘুগুরু ছন্দে সংস্কৃত ছন্দ ভঙ্গিম এই স্বাধীনতার ফলে সুরের কল্লোল ও দুল্‌কি চাল সমৃদ্ধতর হয়। দুল্‌কি চালের রসটা বিশেষ ক'রে ফোটে এইজন্যেই যে, গুরুস্বরে একটা স্বাভাবিক প্রস্বন (stress) থাকার দরুণ শব্দের যে কোনো স্থানে পর্ব্বভাগ (অস্থানে খণ্ডন) এনে গুরু ধ্বনিটিকে পরবর্ত্তী পর্ব্বের প্রথম ধ্বনি করা যায়। দু একটি দৃষ্টান্ত দেওয়া মন্দ হবে না : (||) অস্থানে খণ্ডন চিহ্ন।

রবীন্দ্রনাথের সপ্তমাত্রিক লঘুগুরু :

|| || || || || || ||
সকল যোগী | সকল ত্যাগী | এস দুঃ||সহ | দুঃখ ভাগী |

|| || ||
এস দুর্জয় | শক্তি-সম্পদ | মুক্তবন্ধ স || মাজ হে | (মাতৃ মন্দির)

|| || || || || ||
রবীন্দ্রনাথের চতুর্মাত্রিক লঘুগুরু : চির ক || ল্যাণ ম | য়ী তুমি | ধন্য···দেশ বি || দেশে, প্রথম প্র || ভাত

|| || || || ||
অহরহ | তব আ || হ্বা ন প্র | চারিত ; জনগণ | ঐক্য বি || ধায়ক | জয় হে (জনগণমন)

এতে এমন কি শব্দপ্রান্তিক গুরুস্বরও অস্থানে খণ্ডিত হ'তে পারে এ ছন্দে, যথা রবীন্দ্রনাথের জনগণমন গানেই :

|| || ||
জাগ্রত | ছিল তব | অবিচল | মঙ্গল | নত নয় || নে অনি || মে যে

|| || || || || || ||
দুঃস্বপ্‌ | নে আ | তঙ্কে, রক্ষা | করিলে | অঙ্কে | স্নেহম | য়ী তুমি | মাতা

বাহুল্যভয়ে আর বেশি উদাহরণ দিলাম না। এ সম্পর্কে এতটা বললাম আরো এইজন্যে যে, আমাদের দেশে অনেকে অতি সহজেই ভুলে যান এই সাদা সত্যটি যে ছন্দে stylisation-এর ফলে সত্য অকৃত্রিম রস মানুষ সহজে পায় ব'লেই সানন্দে stylisationকে মানে। অবশ্য এ-কথা বলার মানে এ নয় যে লঘুগুরু ছন্দ অন্য সব ছন্দকে তার stylisation-এর অর্দ্ধচন্দ্র দিয়ে বাংলা কাব্যে একাই আসর জমালে তবেই কাব্যের কৈবল্য। কথাটা সোজা : বাংলা কাব্যে লঘুগুরু ছন্দ থাকবে স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত, যৌগিক, স্বরমাত্রিকের মতন আর একটি শাখা ছন্দ —রসজ্ঞদের দরবারে এই-ই আমাদের আর্জি। এ কেমন ? না, যেমন ইংরাজিতেও আছে quantitative ছন্দ, লাটিন ভাষায়ও হোরেস এনেছিলেন গ্রীক ছন্দ—তেম্‌নি। প্রতি ছন্দ পড়বার সময় এক একটা রীতি মেনেই আমরা পড়ি—যথা মাত্রাবৃত্ত ছন্দ পড়বার সময় যুগ্মধ্বনিকে টেনে দ্বিমাত্রিক ক'রে পড়ি, স্বরবৃত্ত ছন্দ পড়ার সময় যুগ্মধ্বনিকে ঠেশে একমাত্রিক ক'রে পড়ি। ঠিক্ তেম্‌নি লঘুগুরু ছন্দ পড়বার সময় গুরুস্বরকে (আ ঈ উ এ ও এই পাঁচটিমাত্র স্বরকে) টেনে দুমাত্রা ধ'রে পড়ব এই আর কি। এ-রীতি মেনে চললে সেটা-যে জবরদস্তি হবে না এটা দেখাতেই এতশত দৃষ্টান্ত দেওয়া : দেখাতে যে, ছন্দে নানা উচ্চারণ stylised হ'লে কাব্যরসিক আনন্দ পায় এ সত্য অবিসংবাদিত। ইংরাজিতে ঐ quantitative ছন্দের কথাই নেওয়া যেতে পারে এ-কথার অন্যতম প্রমাণ হিসেবে। সবাই জানেন ইংরাজিতে accentual ছন্দই বেশি প্রচলিত হওয়া সত্ত্বেও ও-ভাষায় quantitative ছন্দেরও যথেষ্ট আদর আছে—যেজন্যে সুইনবর্ণের বিখ্যাত Sapphics, Coriambic প্রভৃতি ছন্দ আজও ওদেশের কাব্যরসিকদের কাছে অত্যন্ত উপভোগ্য ব'লে গণ্য হয়, টেনিসনের Alchaic প্রভৃতি ছন্দ, মেরেডিথের Galliambic প্রভৃতি ছন্দ, লংফেলো, কিংস্লি প্রমুখ কবিদের Hexameter বর্গীয় ছন্দ, ব্রিজেস প্রমুখ কবির Elegiacs প্রভৃতি ছন্দ···ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। এসব ছন্দ পড়বার সময় ওরা ইংরাজি quantity-র মূল নীতি বা stylisation মেনে চলে। চলে, কেন না চললে কাব্যানন্দ পায়—সূক্ষ্ম ছন্দের রস পায়।

বস্তুত ছন্দ বা তালের সূক্ষ্মতর একটা রস আছে একথাটা মনে রাখা দরকার। এ-রস অনুশীলন-লভ্য কেননা সব সূক্ষ্ম রসের রসিক হ'তে হ'লেই চাই তার সাধনা। লঘুগুরু ছন্দের বেলায়ও এই কথা। এ ছন্দের ধ্বনিতে একটি গভীর কল্লোল আছে—গুরুস্বরবর্ণের বোলন্দ্ ধ্বনি থাকার দরুণ সুরের অবকাশ আছে, নানান্ বিচিত্র যতিভঙ্গের সুযোগে দুলকি চালের গতি-বৈচিত্র্যের নৃত্যভঙ্গি আছে। দু কথায় এ-সব সূক্ষ্ম আনন্দকে বরতরফ ক'রে দেওয়া যায় না 'স্বাভাবিক—অস্বাভাবিকের' সস্তা পরোয়ানা দিয়ে। যদি যেত তাহ'লে স্বয়ং রবীন্দ্রনাথ নিশিকান্তের লঘুগুরু ছন্দের গানগুলিকে "ভাষার সুরেই রচিত" বলতেন না। (তাঁকে আমি নিশিকান্তের কয়েকটি গান পাঠিয়েছিলাম এ-ছন্দে, প'ড়ে তিনি আমাকে লিখেছিলেন : "নিশিকান্তের রচনাগুলি আমার খুব ভালো লাগল। ওগুলি গীতিকাব্য—ভাষার সুরেই রচিত—" যেমন "গীতগোবিন্দ আপনার সুর ট্যাঁকে ক'রে নিয়ে এসেছে।") এককথায়, ছন্দ-জগতে মানব-মনের বৈচিত্র্যকামনাকে নাকচ করা চলে না।

চলে না-যে তার কারণ—বিভিন্ন ছন্দ বা তাল মানব-মনের বিভিন্ন মেজাজ (mood) বা আবেশের বাহন হ'য়েই আসে। স্বরবৃত্ত ছন্দে মৌখিক ক্রিয়াপদ সুন্দর শোনায় কেন না এ-ছন্দের প্রধান কথা কল্লোল বা গাম্ভীর্য্য নয়—অন্তরঙ্গতা বা ঘরোয়া মিষ্টতা। যৌগিক ছন্দে চলে না—কেন না এ ছন্দে (এ-অবধি) মানব-মনের গাম্ভীর্য্য ও কল্লোলিত সুষমাই মূর্ত্ত হ'তে চেয়েছে—প্রধানত। তেম্নি লঘুগুরু ছন্দে মানব মনের অলঙ্করণ, মন্দ্রধ্বনিমাধুর্য্য, জম্‌কালো নানা কলকল্লোল চায় আত্মপ্রকাশ। তাই কথিকা (narrative) শ্রেণীর কাব্যে লঘুগুরু উৎরোবে না বটে, কিন্তু গানে স্তবে পূজায় বা অপার্থিব প্রেম-বিষয়ক কাব্যে এর জৌলুষ বিশেষ ক'রেই খুলবে। বলাই বেশি যে, আমাদের কান যেমন ঘরোয়া মিষ্টতা বা আটপৌরে স্বাভাবিকতা চায়—তেম্নি সমৃদ্ধি, কল্লোল, মেঘমন্দ্র, আল্পনা, অলঙ্করণ—এসবও চায় : কাজেই যে-ছন্দে সে এসব পাবে তাকে আদরণীয় ব'লে গণ্য করবে নিজের আনন্দের গরজেই। আশা করি লঘুগুরু ছন্দে যে গানগুলি দেওয়া হ'ল তাদের কল্লোলে ও মন্দ্রিত মাধুর্য্যে একথা সপ্রমাণ হবে। যাক্।

এবার সঙ্গীতের কোঠায় আসি ফিরে : যে-কথাটা গোড়াই তুলেছিলাম।

কথাটা এই যে, বাংলা দেশে শিক্ষার্থীদের সুবিধার জন্যেই রাগরাগিণীকে কোনো একটা বৈজ্ঞানিক পদ্ধতি অনুসারে শ্রেণীবদ্ধ করার সময় এসেছে। বহুদিন থেকে এ-নিয়ে তর্ক-তুফান রৈ রৈ করছেই—তৈলাধার পাত্র, না পাত্রাধার তৈল?—কোন্ বসন্ত জলাচরণীয় বসন্ত—কোমল-ধৈবতী, না শুদ্ধ-ধৈবতী? কোন্ আশাবরীতে মান বাঁচে—কোমল-রেখাবী, না শুদ্ধ-রেখাবী? কোন্ দেশ কুলীন—কোমল গান্ধারী, না শুদ্ধ-গান্ধারী?—এম্নি কত কত কত যে বাগ্বিতণ্ডা, মতান্তর, মনান্তর, চোখরাঙানি, ওস্তাদি দলাদলি......

এসব ভুয়ো—এক হিসেবে। আমাদের বুঝবার সময় এসেছে যে ওস্তাদিয়ানার ষোলকড়া-ই না হোক—সাড়ে পনের কড়া-ই কানা।—কেন না এ সব তর্ক, খতিয়ে দেখলে, রসের তর্কই নয়—নামকরণের বচসা। বস্তুত বসন্তে শুদ্ধ ধৈবত দিলেও সুরের রসের ভরাডুবি হয় না, কোমল ধৈবত দিলেও না : প্রত্যেক ক্ষেত্রেই একটা স্বতন্ত্র সুর ফুটে ওঠে—তার নাম বসন্তই দাও, বা ললিতই দাও, বা পঞ্চমই দাও। অতএব এ-তর্কটার মধ্যে উষ্মার স্থানই নেই—যেহেতু প্রশ্নটা দাঁড়ায় অমুক ঠাটে যে-রাগটা অমুক আরোহ অবরোহ বিস্তারে ফুটে ওঠে তার কী নাম দিলে সবচেয়ে সুবিধে? একথা বুঝবার সময় এসেছে যে, দেশ রাগে কোমল গান্ধার লাগাই বা না লাগাই শ্রুতিমধুর হ'লে তাতে বিশেষ কিছু এসে যায় না—তবে শ্রেণীকরণের জন্যে উভয়ের নামকরণ আলাদা হওয়া উচিত এইমাত্র। এ-উভয়ের একটিকে বাতিল করার প্রশ্নই ওঠে না—যেহেতু যে-কোনো স্বরবিন্যাসে রসজ্ঞ কান রস পেলেই সে মঞ্জুর—তাকে মারে কে? তিনটি কথা স্বীকার করার সময় এসেছে এবিষয়ে : (১) গুণীর কণ্ঠে আগে গানই ফুটে ওঠে—ব্যাকরণ না, সে আসে পরে; (২) গুণী যা গেয়ে আনন্দ সঞ্চার করতে পারলেন তাকে রাখেন যে স্বয়ং রসকৃষ্ণ—মারে কোন্ বৈয়াকরণিক? (৩) ব্যাকরণের প্রয়োজনীয়তা শিক্ষার্থীর সুবিধারই জন্যে—সৃষ্ট রসকে নাকচ করবার

জন্যে নয়—সুতরাং এক রাগের কয়েকরকম রূপভেদ থাকলে বৈয়াকরণিক তাকে অস্বীকার করবার অধিকারী নন।

তবে শিক্ষার সুবিধার জন্যেই এইটুকু বলা চলে যে, একরাগের দু-তিন রকম বৈচিত্র্য—variant—থাকায় আপত্তি নেই, তবে শিখবার সুবিধা হয় -যদি রাগরাগিণীদের এই সব 'পাঠান্তর'-কে আলাদা আলাদা নাম দেওয়া যায়। একেই বলে শ্রেণী বিভাগ—classification—অথবা নামনির্ণয়—nomenclature: বৈয়াকরণিক বা শাস্ত্রকার এই দিকে আমাদের সহায়তা করতে পারেন—শিক্ষার সৌকর্য্যসাধন ক'রে। এই কাজটিই পণ্ডিতজি তাঁর জীবন সাধনায় সবচেয়ে সরল সহজ ভাবে করেছেন—রাগরাগিণীকে দশটি মূল ঠাটে ভাগ ক'রে। এভাবে রাগশিক্ষা দিলে একরাগ থেকে অন্য রাগের রূপভেদ সবচেয়ে সহজে ধরা যায়। তাঁর দশটি ঠাট হ'ল এই:

১। ইমন ঠাট (স র গ হ্ম প ধ ন—ইমন-কল্যাণ ইমনেরই variant: স র গ ম হ্ম প ধ ন, ওদের পারিভাষিকে একে বলে Lydian Mode): ইমন, ইমন-কল্যাণ, শুদ্ধ কল্যাণ, হিন্দোল, হাম্বীর, কেদারা, ছায়ানট, ভূপালী, বাংলা দেশে প্রচলিত খাড়ব বিভাষ, গৌড় সারং, শ্যাম প্রভৃতি রাগ এই ঠাটের অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২। বিলাবল ঠাট (স র গ ম প ধ ন অথবা Ionian Mode): শুদ্ধ বিলাবল, আলাইয়া (বিলাবল), শুক্ল বিলাবল, দেবগিরি, বেহাগ, দুর্গা, শঙ্করা, পাহাড়ি, সর্ফর্দা, মাড়, জলধর কেদারা প্রভৃতি রাগ এই ঠাটের অন্তর্ভুক্ত।

৩। খাম্বাজ ঠাট (স র গ ম প ধ ণ স র্স বা Mixolydian Mode—শুদ্ধ নিখাদ কোথাও বা লাগে, কোথাও না—ইংরাজি সঙ্গীত পরিভাষায়—"accidental" ঢঙে): খাম্বাজ, ঝিঁঝিট, তিলং, খাম্বাবতী, দেশ, তিলক-কামোদ, জয়-জয়ন্তী প্রভৃতি রাগ জয়-জয়ন্তীতে কোমল গান্ধার "accidental" হিসেবে লাগে ব'লে।

৪। ভৈরব ঠাট (স ঋ গ ম প দ ন—কোমল নিখাদ কোথাও বা লাগে, কোথাও না –"accidental" ঢঙে): ভৈরব, রামকেলি, কালাংড়া, যোগিয়া, ঔড়ব বিভাষ, গুণকেলি প্রভৃতি।

৫। পুরবী বা পরজ ঠাট (সা ঋ গ হ্ম প দ ন—বাংলা পুরবীতে শুদ্ধ ধৈবত লাগে অনেক সময় তাই এ ঠাটকে পরজ ঠাট বলাই ভালো): পরজ, পুরবী, পুরিয়াধনশ্রী, বসন্ত (বাংলায় প্রচলিত বসন্ত শুদ্ধ ধৈবত বর্গীয়, খাড়ব) গৌরী, শ্রী প্রভৃতি।

৬। মারবা ঠাট (স ঋ গ হ্ম প ধ ন—মারবাতে পঞ্চম নেই কিন্তু ঠাট বিচারের সময় সম্পূর্ণ ঠাটই ধর্ত্তব্য): মারবা, পুরিয়া, সোহিনী, ললিত (পণ্ডিতজির ললিত বাংলা বসন্তের ঘর—অনেকে একে পরজ ঠাটে গা'ন) ইত্যাদি।

৭। কাফি ঠাট (স র জ্ঞ ম প ধ ণ ওরফে Dorian Mode—এ-ঠাটকে কর্ণাটী সঙ্গীতে বলে করহরপ্রিয়া ঠাট): কাফি, সিন্ধু, সিন্ধুড়া, ভীমপলশ্রী, পিলু, বাগেশ্রী, সাহানা, বাহার, বৃন্দাবনী সারং, মিঞা মল্লার, শুদ্ধ মল্লার, মেঘ মল্লার ইত্যাদি।

৮। আশাবরী (শুদ্ধ রেখাব বর্গীয়) ওরফে জৌনপুরী ঠাট (স র জ্ঞ ম প দ ণ ওরফে Aeolian Mode): আশাবরী, জৌনপুরী, গান্ধারী, দরবারী কানাড়া, আড়ানা ইত্যাদি। একে জৌনপুরী ঠাট বলাই ভালো।

৯। ভৈরবী ঠাট (স ঋ জ্ঞ ম প দ ণ ওরফে Phrygian Mode): ভৈরবী, মালকোষ, কোমল ঋ বর্গীয় আশাবরী, বিলাসখানি তোড়ি প্রভৃতি।

১০। তোড়ি ঠাট (স ঋ জ্ঞ হ্ম প দ ন): নানাজাতীয় তোড়ি, মূলতানী প্রভৃতি।

অধুনা রাগরাগিণী সম্বন্ধে রকমারি থিওরি রকমারি শ্রেণী-বিভাগ শোনা যায়—কিন্তু এর চেয়ে সরল ও সহজ শ্রেণী-বিভাগ যে বৈজ্ঞানিক পদ্ধতিতে কেউ করেননি এ-বিষয়ে বহু উদার সঙ্গীত-বিশেষজ্ঞ একমত। বাংলা দেশে যেমন বাংলা ছন্দে প্রবোধচন্দ্র সেন মহাশয় সব চেয়ে সরল ও বৈজ্ঞানিক পদ্ধতিতে ছন্দসূত্রাদি রচনা ক'রে ছন্দ-শিক্ষার্থীর অশেষ উপকার করেছেন, পণ্ডিতজি তেমনি সারা ভারতে করেছেন—রাগরাগিণীকে সবচেয়ে সরল ও বৈজ্ঞানিক পদ্ধতিতে শ্রেণীভুক্ত ক'রে, নামকরণ ক'রে, অভিজ্ঞান দেখিয়ে। উত্তর ভারতে তাঁর পদ্ধতি-যে প্রায় সব বড় বড় সঙ্গীত-

প্রতিষ্ঠানেই গৃহীত হয়েছে তা এই কারণেই। সেইজন্যেই বাংলা দেশেও তাঁর পদ্ধতিই গ্রহণীয়—সব দিক দিয়ে এইটেই বাঞ্ছনীয় ব'লে। এখন নিশ্চয়ই সময় এসেছে তুচ্ছ দলাদলি ছেড়ে তাঁর বৈজ্ঞানিক পদ্ধতিকে গ্রহণ ক'রে আগে হিন্দুস্থানি সঙ্গীত-শিক্ষাদানের ভিৎ-পত্তন করা। পরে সূক্ষ্মতর বিচার হবে।

আমিও এই উদ্দেশ্যেই পণ্ডিতজির পদ্ধতিতেই গীতশ্রীর এ প্রথম খণ্ডে যথাসম্ভব সংক্ষেপে ষোলোটি রাগের রূপ ও রসের আলোচনা করেছি। তবে আমি রাগের রূপবিচারের সময়ে—বিশেষ ক'রে রসের প্রতিই লক্ষ্য রেখেছি—কেন না গীতশ্রী শুধু ব্যাকরণ নয়—স্বরলিপি, এবং স্বরলিপিকারের, সুরকারের প্রধান লক্ষ্য সুরের রস। সে যাহোক, এ রাগ কয়টি হ'ল :—**আলাইয়া, বিভাষ, খাম্বাজ, ঝিঁঝিট, দেশ, বেহাগ, ইমন-কল্যাণ, কাফি, বাগেশ্রী, পিলু, ছায়ানট, ভৈরবী, ভৈরব, পূরবী, আশাবরী, মেঘ-মল্লার।** দ্বিতীয় ভাগে এই ষোলটি রাগের স্বরলিপি দেবার ইচ্ছা রইল : **হাম্বীর, কেদারা, ভূপালী, শঙ্করা, তিলক-কামোদ, জয়-জয়ন্তী, পুরিয়া, সোহিনী, পরজ, ভীমপলশ্রী, সারং, মিঞা-মল্লার, কানাড়া, মালকোষ, তোড়ি ও মুলতানী।** তৃতীয় ভাগে এই ষোলটি : **হিন্দোল, কামোদ, রামকেলি, গৌড়-সারং, দুর্গা, তিলং, কালাংড়া, বসন্ত, সিন্ধুড়া, আড়ানা, বাহার, পুরিয়াধনশ্রী, শুদ্ধ কল্যাণ, শ্রী, যোগিয়া, পাহাড়ি।** তাহ'লে গীতশ্রীর আরব্ধ কাজ শেষ হবে—কেন না অন্যূন পঞ্চাশটি লোকপ্রিয় রাগ জানলে হিন্দুস্থানি সঙ্গীতের মূলসূত্রটি জানা হ'ল একথা অনেকটা নির্ভয়ে বলা চলে।

গীতশ্রীর এই টেকনিকাল দিকটার কথা শেষ হ'ল। কিন্তু যেটা তার চেয়েও বড় কথা সেটি সম্বন্ধে এবার কিছু বলতেই হবে। সেটি হ'ল একটি নিবেদন—সহৃদয় সঙ্গীতানুরাগীদের কাছে : নিবেদনটি এই যে, তাঁরা যেন টেকনিকাল তর্কের তুমুল তুফানে গীতশ্রীর প্রধান লক্ষ্যটি না ভোলেন। গীতশ্রীর লক্ষ্য নয়—হাজারো ওস্তাদিপন্থী বইয়ের মধ্যে আর একটি ওস্তাদিপন্থী বই হ'যে ওঠা : এর লক্ষ্য প্রধানত অতীতের পুনরাবৃত্তি নয়, এর উদ্দেশ্য—অতীতের ঐতিহ্যকে শ্রদ্ধার সঙ্গে জানা—নব সৃষ্টির জন্যেই। এইজন্যেই হিন্দুস্থানি সঙ্গীতের রসহীন অপ্রচলিত রাগগুলির পুঙ্খানুপুঙ্খ বিশ্বকোষ হ'য়ে উঠলে গীতশ্রীর উদ্দেশ্য ব্যর্থ হবে। গীতশ্রীর উদ্দেশ্য—হিন্দুস্থানি রাগসঙ্গীতের জীবন্ত রাগগুলিকে যথাসম্ভব বৈজ্ঞানিক ভাবে আয়ত্ত করা বটে, কেবল—তাদের রসরূপটির 'পরেই প্রধানত দৃষ্টি রেখে—যাতে ক'রে এ-সংস্কৃতির আলোয় সঙ্গীতানুরাগীদের মধ্যে নব সৃজনী শক্তির বীজে ফসল ফলে। তাই—পুনরুক্তি মার্জনীয়—হিন্দুস্থানি সঙ্গীত যত বড়ই হোক তার নিষ্প্রাণ পণ্ডিতি রাগগুলির আর একটি জাদুঘর গ'ড়ে তোলা এর উদ্দেশ্য নয়—হিন্দুস্থানি সঙ্গীতে যে-সব রাগ আজও প্রাণবন্ত অর্থাৎ কিনা রসে-রূপে-সুষমায় গতিশীল—যাদের মধ্যে আছে নব দ্যোতনার ইঙ্গিত তাদেরই চর্চ্চা এর লক্ষ্য—এবং সে-চর্চ্চাও হিন্দুস্থানি সঙ্গীতের পঙ্কোদ্ধারের জন্যে নয়—তা থেকে বাংলা গানের ভাবী বিকাশের পাথেয় বেশি ক'রে নতুন ক'রে পাবার জন্যে। ভারতীয় সঙ্গীতের ভাবী বিকাশে হিন্দুস্থানি গানও হয়ত নতুন পথ কেটে নেবে, মারাঠি গানও নেবে হয়ত, গুজরাতি গানও—কিন্তু গীতশ্রীর লেখক বাঙালি ব'লে তাঁর স্বরলিপির মুখ্য উদ্দেশ্য বাংলা গানেরই উদ্বোধন—এবং প্রধানত নাট্যসঙ্গীতের পথে—কাব্য ও সঙ্গীতের সমন্বয়ে। এ-সমন্বয় হিন্দি গুজরাতি মারাঠি প্রভৃতি প্রত্যেক প্রাদেশিক ভাষায়ই হবে এ আমরা বিশ্বাস করি—কিন্তু সেদিকে সৃষ্টি করবেন ঐসব ভাষার ভাষীগণ। বাঙালির কণ্ঠসঙ্গীতে প্রধান সৃষ্টি সুরু হবে নিশ্চয়ই বাংলা ভাষায়। একে অনেকে হয়ত প্রাদেশিকতা বলবেন—সঙ্গীত সার্ব্বভৌম সর্ব্বকালীন এই ধরণের বাঁধি গৎ আবৃত্তি ক'রে। কিন্তু বুলির মোহ পরিত্যাগ করলেই দেখা যাবে যে, ভাষা একটা আকস্মিক ঘটনা নয়—সে দৈবের দান, বর। বাঙালি তাই অন্য ভাষার গানে রস পেতে শিখতে পারে—গান গাইতেও শিখতে পারে—কিন্তু গান "সৃষ্টি" করবে প্রধানত বাংলা ভাষায়—(এক আধটা ব্যতিক্রমকে বাদ দিলে)—যেহেতু কেবল তাইতেই তার সৃষ্টি সত্য হ'য়ে উঠবে—স্বভাবস্থ হ'লে তবেই মিলবে মুক্তি, নৈলে নিরাকার একাকার বিশ্বজনীনতা ভ্রষ্টলক্ষ্য। বাঙালিকে সঙ্গীতরাজ্যে সব প্রাণবন্ত স্রোতকেই "স্বাগতম্" বলতে হবে বটে, কিন্তু সৃষ্টি করতে হবে প্রধানত বাংলা গানেই।

পরিশেষে বলতে চাই যেটি আমাদের সবচেয়ে বড় বক্তব্য। সেটি এই যে, একথা ধ্রুব যে, এ-যুগে নাট্য-সঙ্গীতই হ'ল যুগধর্ম্ম : কাজেই এ-যুগে সঙ্গীতরাজ্যে নবসৃষ্টি হবে সবদেশেই মূলত নাট্যসঙ্গীতেরই উদ্বোধনে, বৈঠকি-সঙ্গীতের পুনরুজ্জীবনে না—revivalএ না। কারণ পুনরুজ্জীবনে মৃত সত্য বাঁচে না : বাঁচতে হ'লে তাকে খুঁজতে হয় নবীন কায়াবন্ধনীর মধ্যে নবজন্ম। এ-যুগে বৈঠকি-সঙ্গীতের কোনো উপাদানই যে টি'কবে না এমন কথা কখনই সত্য হ'তে পারে না—কারণ সত্যবস্তু প্রাণবস্তু নব নব মূর্ত্তির মধ্যেই জের টেনে চ'লে নিজের নব নব পরিচয় লাভ করে। কাজেই হিন্দুস্থানি বৈঠকি-সঙ্গীতের মধ্যে জীবন্ত নানা উপাদানই বাংলা নাট্যসঙ্গীতের বোধনে সক্রিয় হবে সন্দেহ নেই (আর সেইজন্যেই তো হিন্দুস্থানি সঙ্গীতের পরিচয় এত বাঞ্ছনীয়) কিন্তু এদেরও চাই স্বীকরণ, অনুকরণ নয়—অর্থাৎ হিন্দুস্থানি কাঠামোয় এরা যা ছিল বাংলা নাট্যসঙ্গীতের কাঠামোয় সেটা বজায় থাকতেই পারে না।

স্বতই প্রশ্ন ওঠে নাট্যসঙ্গীত বলতে আমরা কী বুঝছি। একথাটা একটু খুলে বলার দরকার আছে, যদিও ব্যাখ্যা ক'রে একথার সন্তোষজনক উত্তর দেওয়া অসম্ভব, সে-শিক্ষার দীক্ষা হ'তে পারে এক সঙ্গীতেই।—তবু।

নাট্যসঙ্গীত বলতেই প্রথমটায় মনে হয় মঞ্চ, পাদপ্রদীপ, ঝাঁকে ঝাঁকে দর্শক, হাততালি, শ্রেণীবদ্ধ শ্রোতা ইত্যাদি। কিন্তু এসব ঠিক নাট্যসঙ্গীতের পক্ষে অত্যাবশ্যক নয়। বাংলাদেশে কীর্ত্তন ছিল এক মহান্ নাট্যসঙ্গীত। তাতে না ছিল সাজসজ্জা, না রঙ্গমঞ্চ, না যবনিকা প্রসাধন বেশভূষা। আধুনিক নাট্যসঙ্গীতে এসব থাকতে পারে না বলি না—কিন্তু একথা বলি যে, নাট্যসঙ্গীতে এসব বাহ্য না হোক, গৌণ নিশ্চয়ই। নাট্যসঙ্গীতে মুখ্য হ'ল—কথা ও সুরের সমন্বয়ে ছবি ফোটানো—মনের, প্রাণের, হৃদয়ের, অন্তরাত্মার। ছবি—নানা আবেগের, দ্বন্দ্বের, উচ্ছ্বাসের, ভক্তির, অভীপ্সার, আকুতির—অপেরায় হোক, কোরাস-সঙ্গীতে হোক, স্বদেশ-সঙ্গীতে হোক, প্রকৃতি তর্পণে হোক, বাউলে হোক, কীর্ত্তনে হোক, গজলে হোক, নটনে হোক, ভজনে হোক। আসল ব্যাপারটা হ'ল—কাব্য ও সুরের নব সমন্বয়ে রং ফলানো, ছবি আঁকা, আবেগকে উৎসারিত ক'রে তোলা। বৈঠকি-সঙ্গীতে একটা বিশেষ শ্রেণীর আবেগ ও ভঙ্গিমা মূলত বিশুদ্ধ সুরের মধ্যে দিয়েই খুঁজেছে আত্মপ্রকাশ—এর ধারাও তাই প্রধানত একমুখী—একে লিরিকাল বললে দোষ হয় না যদি মনে রাখা যায় যে, এ হ'ল শুধু বিশুদ্ধ সুরের মূর্চ্ছনার লিরিক। নাট্যসঙ্গীতেও লিরিক আছে বৈ কি—কেবল সে লিরিক কাব্যের বিপুল সম্ভার যোগে বহুমুখী, বহুমিল, বহুবর্ণ, বহুরূপী। ভাবের দিক দিয়ে তাতে মেলডি আছে বৈ কি, কিন্তু সে শুধুই মেলডি নয়—হার্মনি বা সিম্ফনি—যে-হার্মনি যে-সিম্ফনি সুরের আলোয় আবেগের পাখা মেলে উধাও হয়—নিত্য নতুন ছবির নীলিমায়। A wide gamut of human emotions—হৃদয়ের বহুবিস্তীর্ণ আবেগের স্বরগ্রাম—নিত্য নব পটপরিবর্ত্তনে যেন মিলতে চাইছে সুর ও কাব্যের গঙ্গাযমুনা-সঙ্গমে। কথাটা ঝাপসা শোনানো বিচিত্র নয়—কিন্তু একটা শিল্পকলার কোনো বড় বিকাশেরই সংজ্ঞা বেঁধে ধ'রে দেওয়া যায় না। রসের নিকষে অনুভবের পটেই এদের রং ঢং ফলে—ব্যাখ্যায় নয়। যাহোক গীতশ্রীর চরম লক্ষ্য-যে এই নাট্যসঙ্গীত এটা ভুললে তাকে ঠিক বোঝা হবে না ব'লেই এত কথা বলা।

যন্ত্রসঙ্গীতেরও নব নাট্যরূপ হবেই—না হ'য়েই পারে না—বহু যন্ত্রের ঐক্যতানে, হার্মনিতে, নৃত্যসঙ্গতে—orchestrationএ যে-বিকাশের আভাষ আলাউদ্দীন তিমিরবরণ প্রমুখ গুণীরা ইতিমধ্যেই দিয়েছেন পরে আরো অনেকে নিশ্চয়ই আরো দেবেন। কিন্তু সেটা আমাদের এলাকায় নয় : আমাদের লক্ষ্য—কণ্ঠসঙ্গীতে নাট্যরসের নব প্রেরণা—নব সুরকারু, নব সৃষ্টিকলা।

তবে এ-সম্পর্কে আরও একটু বলার প্রয়োজন আছে। কথাটা এই যে, আমরা বৈঠকি সঙ্গীতেরও ভক্ত—তাই যাঁরা নাট্যসঙ্গীত না চেয়ে শুধু বৈঠকি সঙ্গীতেরই বিকাশসাধনের পক্ষপাতী তাঁদের সঙ্গে আমাদের বিবাদ নেই—থাকতেই পারে না। রুচি বহুমুখী, বহুবিচিত্র : যাঁরা রাগরাগিণীর মামুলি পথেই চলতে চান—এক রাগের সঙ্গে অন্য রাগের চুলচেরা তফাৎ দেখিয়ে ইনটেলেকচুয়াল আনন্দ পেয়ে ভরপুর হ'য়ে থাকতে পারেন—বেশ তো, তাঁদের আনন্দ নিয়ে তাঁরা মশগুল থাকুন না। আমাদের বক্তব্য এই যে, আমরা এ আর চাইও না—পারিও না। এক সময়ে

পারতাম—দেশের সঙ্গে সুরটের প্রভেদ কোন্‌খানে—গান্ধারীর সঙ্গে জৌনপুরীর প্রভেদ কোথায়—মালকোষকে আরোহণে বা অবরোহণে ওড়ব না ক'রে খাড়ব ক'রে গাইলে চন্দ্রকোষ রাগ হয় কি না—দুর্গাকে অমুনিভাবে গাইলে দেবগান্ধার হয় কি না—এ সব পণ্ডিতি জাহিরিপনাতে একসময়ে একধরণের আনন্দ পেতাম বৈ কি—কিন্তু এখন আর তেমন আনন্দ পাই না এসবে—এখন আমরা প্রধানত চাই নাটসঙ্গীতের পটভূমিকায় নতুন নতুন সুরের সৃষ্টি, তানের সৃষ্টি—কাব্যশ্রী সুরশ্রীর সমন্বয়ে—কেন না বৈয়াকরণিক আনন্দ হ'ল সঙ্গীতের decadent অবস্থার উদ্দীপনা, বচসার আত্মপ্রসাদ—নব সৃষ্টির ঢল-নামার পরমানন্দ এ নয়। আমাদের দৃষ্টি চলেছে আজ তর্কাতীত সৃজনের পথেই। তাই নাটসঙ্গীতের নবসৃষ্টিতেই আমরা সবচেয়ে বেশি আনন্দ পাই—আত্মীয় (প্রায় যমজ) রাগের একটু আধটু পর্দাবিন্যাসের ইতরবিশেষে যে-রাগভেদ তাতে মশগুল থাকতে পারি না—বা এ-চাতুরীকে সঙ্গীত-নৈপুণ্যের চরম কলাকারু ব'লে মেনে নিতে পারি না—এসবকে আমাদের মনে হয় অতীতের গতানুগতিক পুনরাবৃত্তি—বড় জোর একটা নতুন তর্জমা—rendering: নতুন সৃষ্টি—creation—নয়। অবশ্য যাঁরা এসবেই পরম আনন্দ পান, তাঁদের যদি এতেই সঙ্গীত-তৃষ্ণা পুরোপুরি মেটে তবে আমরা তাঁদের খুসি ভেবে খুসি হ'তে নারাজ নই—কেবল বলব: আমাদের মন আর এসবে সার্থকতা বোধ করে না। কারণ অতীতকালে আমাদের সঙ্গীত যতই মহান্ থাকুক না কেন, সে যদি ভাবীকালের গর্ভে নব-প্রেরণার বীজে নবজন্ম না নেয় তবে আমাদের সুরবাণীর মুক্তি নেই: শুধু বেঁচে-বর্তে থাকায় আমাদের সঙ্গীতপিপাসা মেটে না। আমরা মনে করি—অতীতের পুনরাবৃত্তিতে কোনো কলা সত্যি বাঁচে না—বাঁচতে হ'লে অতীতের আত্মাকে মূর্ত্তি নিতে হবে নব রূপকোষে নব বিগ্রহে। এইজন্যেই হিন্দুস্থানি সঙ্গীতের চির-নবীন আত্মার পরিচয় আমরা চাই—তাকে এ-যুগের প্রেরণার মায়ায় নব কায়ায় ফুটিয়ে তুলতে। আমাদের মতে এই কায়া এই রূপ এই বিকাশ হচ্ছে কাব্যসুরের নব সমন্বয়, নব সৃষ্টি—ওরফে নাটসঙ্গীত, বৈঠকি সঙ্গীত নয়, মামুলি ওস্তাদি সঙ্গীত নয়। তবে লোক ভিন্নরুচি, তাই যাঁরা এ-পথের পথিক হ'তে চান না, তাঁরা চলুন না নিজের নিজের রুচির নির্দেশ-পথে: তর্কাতর্কি বচসা নিয়ে তো কথা নয়, কথা হ'ল আত্মস্ফূর্ত্তি নিয়ে, আনন্দরস নিয়ে। আমরা এই নব সৃজনের পথেই গভীর আনন্দ পাই—পুরোনোকে জীইয়ে রাখায় আনন্দ একেবারে পাই নে বলি না—তার প্রয়োজনীয়তাও সম্পূর্ণ অস্বীকার করি নে, কেবল তাতে আর কৃতার্থ বোধ করতে পারি নে: আমরা বিশ্বাস করি যুগর্ষি শ্রীঅরবিন্দের কথা:

"We do not belong to the past dawns, but to the noons of the future."

এবার এ-দীর্ঘ ভূমিকার সমাপ্তি টানি। তবে তার আগে আমাদের যে-সব বন্ধুবান্ধবী শুভার্থী শুভার্থিনী আমাদের কাজে সহায়তা করেছেন ও উৎসাহ দিয়েছেন তাঁদেরকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই, যথা শ্রীযুক্ত বীরেন্দ্রকিশোর রায়-চৌধুরী, শ্রীমতী ইন্দিরা দেবী চৌধুরাণী, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত পরেশচন্দ্র মজুমদার, শ্রীযুক্ত ভূপেন্দ্রকৃষ্ণ বসু, শ্রীযুক্ত মোহিনীমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত দিনেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত অর্দ্ধেন্দুকুমার মুখোপাধ্যায়, শ্রীযুক্ত শ্রীকৃষ্ণ রতনজনকর, শ্রীযুক্ত ভালচন্দ্র সীতারাম সুকঙ্কর, শ্রীযুক্ত কৃষ্ণকিশোর দাস, শ্রীমতী মমতা দেবী, শ্রীযুক্ত ধূর্জ্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত হরেন্দ্রকিশোর রায়-চৌধুরী, মহারাণী হীরাবাঈ প্রভৃতি, এবং আশ্রমবাসী সতীর্থ সকলে, যথা: শ্রীযুক্ত অনিলবরণ, শ্রীমান্ নীরদবরণ, শ্রীমতী সাহানা, শ্রীমতী জ্যোতির্মালা, শ্রীযুক্ত মদনগোপাল, শ্রীমান্ অনিলকুমার, শ্রীমান্ অর্দ্ধেন্দুপ্রসাদ, শ্রীল এ বি পুরাণী, শ্রীল ভেঙ্কটরাম প্রভৃতি।

এছাড়া পরম শুভার্থী বন্ধু শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায়ের কাছে ঋণ স্বীকার করছি: তাঁর তাগিদে তথা উৎসাহেই এ-বইটির সুরু। শ্রীযুক্ত রামেশ্বর দে ও শ্রীযুক্ত গোবিন্দপদ ভট্টাচার্য্য মহাশয়ও পুস্তক-মুদ্রণে অশেষ সহায়তা করেছেন: তাঁদের আনুকূল্য বিনা এত বড় বই যে বৎসর না ঘুরতে শেষ হ'ত না এ নিশ্চয়।

পরিশেষে নিবেদন এই যে, সুদূর প্রবাস থেকে এ বৃহৎ বই ছাপা : ছাপার ও অন্য নানান্ ত্রুটিই রইল, না থেকেই পারে না। তাই বিনীত নিবেদন রইল সহৃদয় সঙ্গীত-দরদীদের কাছে—যেন তাঁরা এসব ক্ষমা করেন অন্তত এ-প্রচেষ্টার বিপুল পরিশ্রমের কথা ভেবে। তবে গান লেখা, রাগে সুর দেওয়া, তার স্বরলিপি করা, এ বিষয়ে নানা টেকনিকাল ব্যাপারের অনুধাবন এজন্য বহু পত্রাদি লেখা প্রভৃতি অজস্র খুঁটিনাটি কাজে যে কী সতর্ক শ্রমস্বীকার করতে হয় সেটা হয়ত ভুক্তভোগী বিনা কেউ ঠিক মতন কল্পনা করতে পারবেন না ; তাই এ-প্রসঙ্গে শুধু এইটুকু ব'লে রাখি যে, এই প্রায় তিনশো পাতার বই ছাপতে যে-পরিশ্রম স্বীকার করতে হয়েছে তাতে অন্তত পাঁচ ছয়টি বৃহৎ উপন্যাস লেখা যেত। অর্থের দিক দিয়ে তাতে নিশ্চয় লাভ হ'ত ঢের বেশি, (কারণ এ-ও আমি জানি যে, এ-ধরণের বইয়ের চাহিদা আমাদের দেশে খুবই কম) কিন্তু অর্থের কথা ভেবে কোনো কিছু কখনো তো করিনি, আজ অবধি।

পঞ্চাশ বৎসর আগে স্বপনী কৃষ্ণধন আমাদের সঙ্গীতের মুক্তির যে-স্বপ্ন দেখেন সে-স্বপ্নলোকের আলো শৈশবে আমার মনে আরো ঢেউ তুলেছিল ৺পিতৃদেব দ্বিজেন্দ্রলালের সঙ্গীতে নিত্য-নব সৃজনের দৃষ্টান্তে। তারপর নানা অনুরাগ, বিরাগ, সন্ধান, নানান্ বন্ধুর নিন্দাবিদ্বেষ, বহু পরীক্ষার ভুলভ্রান্তির মধ্যে দিয়েই তার দৃশ্য ফুটে উঠেছে আরো উজ্জ্বল হ'য়ে : প্রায়ই ধ্যানলোকে দেখি আমাদের সঙ্গীতের এক উদ্ভাসিত পরিণতি। অপরূপ তার দীপ্তি···চল্‌তি কোনো সঙ্গীতই সে-দীপ্তির পাশে দাঁড়াতে পারে না। সে-স্বপ্নদীপ্তি মূর্ত্তিমতী হবে কি না জানি না—যার আভাষ পেয়েছি তার নাগাল পাবো কি না তা-ও বলতে পারি না—তবে ভগবান বলেছেন গীতায় :

"কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন"

—"আমাদের অধিকার শুধু কর্ম্মে—তার ফলাফলে তো নয়"।

শেষ কথা, সন্ধানী সুরজ্ঞ বন্ধুবর শ্রীযুক্ত বীরেন্দ্রকিশোরকে স্বরলিপিগুলি দেখতে পাঠাই। অতি সযত্নে এগুলি দেখে তিনি রাগগুলির বিশুদ্ধতার অনুমোদন করেন—কয়েকটি স্বরবিন্যাসের সামান্য অদলবদলের নির্দেশ দিয়ে। সেগুলির কিছু শুদ্ধিপত্রের সংশোধনে দিলাম। বাকিগুলি দ্বিতীয় সংস্করণে দেব। কেবল মেঘমল্লার রাগ সম্বন্ধে তিনি মতানৈক্য প্রকাশ করেছেন। কিন্তু এস্থলেও আমি পণ্ডিত ভাতখণ্ডেকেই অনুসরণ করেছি আমি নিজে বীরেন্দ্রকিশোরের সমমতাবলম্বী হওয়া সত্ত্বেও। কেন—সেকথা একাধিকবার বলেছি : সুত্রবাঁধার সময়ে মত-স্বাতন্ত্র্য বজায় রাখলে অনেক সময়ে আসল কাজটাই হয় পণ্ড। আর, রামগোপালপুরের জমিদার বিখ্যাত তালজ্ঞ শ্রীহরেন্দ্রকিশোর রায়চৌধুরী মহাশয়কে ২+৩ | ২+৩-রূপ ঝাঁপতালের ইনভার্শন ৩+২ | ৩+২ তালের কথা লিখে শুধিয়েছিলাম—এ-তালের কোনো ইঙ্গিত তিনি তালশাস্ত্রে পেয়েছেন কি না। তাতে তিনি আমাকে লিখেছেন : "এই কয়দিন অনুসন্ধানে প্রবৃত্ত ছিলাম কিন্তু পেলাম না। আমারো মতে এর নতুন নামকরণ হওয়া উচিত, কারণ এর চাল ও কদম ঝাঁপতাল থেকে পৃথক্। এরূপ নতুন তাল সৃষ্টি করবার অধিকার শাস্ত্র সকলকেই দিয়েছেন, বলেছেন : 'ন রাগস্য ন তালস্য অন্তঃ কুত্রাপি বিদ্যতে'।" একটু ভরসা পেলাম বৈকি, কেন না (তালাধ্যায়ে বলেছি) ষষ্ঠী, নবমী নামে দুটি তালের উদ্ভাবনের প্রেরণা পেয়ে আমি এ দুটি তালে একাধিক গান রচনা করেছি। (গীতিমঞ্জরী দ্রষ্টব্য—এ দুটি তাল সম্পর্কে)

ওঁ

ইতি

শ্রীঅরবিন্দ আশ্রম, পণ্ডিচেরী

দিলীপকুমার

দেওয়ালি, ১৩৪৩

তাল...ছন্দ...

তাল-অধ্যায়কেও তালজ্ঞরা সাধ্যমত চেষ্টা করেন রাগের মতনই দুরূহ করতে। কারণ স্পষ্ট: যাতে তাঁরা সিদ্ধ তাকে দুঃসাধ্য প্রতিপন্ন করলে সিদ্ধির গৌরব বাড়ে। তালাধ্যায় যে খুবই সহজ জিনিষ এমন কথা বলি না অবশ্য—কিন্তু শ্রীমতী লিলি লেমানের কথা স্মরণীয়: "রহস্য সত্যিই তেমন রহস্যময় নয়"। অন্তত সরলভাবে শেখালে তাল যে ঢের সহজে শিক্ষার্থীর আয়ত্ত হ'তে পারে এবিষয়ে সন্দেহমাত্র নেই। আমি যথাসম্ভব সহজ ও সরলভাবে তালের মোটামুটি শ্রেণীগুলির ব্যাখ্যা দেব। তবে ব্যাখ্যাদি শুনে এসব বিষয়ে কখনোই যথার্থ সিদ্ধি অধিগত হ'তে পারে না—সেটা গুরু ও তবলচির সঙ্গত-সাপেক্ষ। তবে তালের মূলনীতিগুলি জানলে সঙ্গতের সঙ্গে গাওয়াও সহজ হবার কথা। তাই এই নীতিগুলির ব্যাখ্যা করতে চেষ্টা পাব—যতটা পারি সরলভাবে: কেবল দুটো কথা এ সম্পর্কে সহৃদয় সমালোচকের মনে রাখা চাই: (১) এ ব্যাখ্যা প্রথম শিক্ষার্থীদেরই জন্যে (২) কেবল শিক্ষকের হাতে-কলমে-ক'রে-দেখিয়ে-দেওয়া-বিনা শুধু পুঁথিগত ব্যাখ্যায় কখনই ব্যবহারিক সিদ্ধি লাভ হ'তে পারে না। তাল বিষয়ে যাঁরা আরো জানতে উৎসুক তাঁরা যেন শ্রীকৃষ্ণধন বন্দ্যোপাধ্যায়ের "গীতসূত্রসার" ও শ্রীপ্রসন্নকুমার বণিক্য-র "তবলা তরঙ্গিণী" পড়েন মন দিয়ে।

হিন্দুস্থানি সঙ্গীতের যে-কয়টি তাল এ-ভাগে দেওয়া হ'ল এখানে কেবল তাদেরই সংক্ষিপ্ত বিবরণ দেই। ধামার মধ্যমান আড়া-ঠেকা প্রভৃতি অপেক্ষাকৃত দুরূহ তালের বিবরণ দ্বিতীয় খণ্ডে দেব সে-সব তালে গান দেওয়ার সঙ্গে সঙ্গে। এভাগে দেওয়া হ'ল দাদরা, কার্ফা বা ঠুংরি, একতালা, যৎ ত্রিতালী (ওরফে টিমা তেতালা বা কাওয়ালি); ঝাঁপতাল, চৌতাল, আদ্ধা, তেওরা, রূপকড়া, সুরফাঁকতাল ও আড়া-চৌতাল। এদের কথা বলি:

গানের তাল ও কবিতার ছন্দের মূল নীতির মধ্যে আত্মীয়তা খুব বেশি, তাই মনে হয় কাব্যপ্রিয় বাঙালি জাতিকে গানের তাল বোঝাতে কবিতার ছন্দের দৃষ্টান্ত দেওয়ায় সুবিধা হবে। স্থানাভাব ব'লে যথাসাধ্য সংক্ষেপেই বলব।

তাল বা ছন্দের মূল নীতি হ'ল—কোনো নিয়মিত মাত্রান্তরে প্রস্বন (Stress) দেওয়া। এই প্রস্বনের তিনটি বৈচিত্র্য করা হয় গানে: (১) সাধারণ তালি বা ঝোঁক; (২) ফাঁক; (৩) সম্। সমের চিহ্ন +; সম্ই হ'ল গানের প্রধানতম বিশ্রাম বা ঝোঁকের চিহ্ন; ফাঁকও তালই, তবে সম্কে দেখানোর সুবিধা ব'লেই একে বলা হয় ফাঁক, এর চিহ্ন ০। সাধারণ তালের চিহ্ন ১, ২, ৩, ৪...সংখ্যা।

আমাদের সঙ্গীত বা কবিতায় প্রধানত চার রকম কদম বা চাল আছে: (১) চতুর্মাত্রিক ওরফে দুয়ের কদম; (২) ষাণ্মাত্রিক ওরফে তিনের কদম; (৩) পঞ্চমাত্রিক ওরফে দুই-তিনের মিশেল কদম; (৪) সপ্তমাত্রিক ওরফে তিন-চারের মিশেল কদম। * (এছাড়া ঠিকমতন ধরতে গেলে সুরফাঁকতালকে দশমাত্রিক ছন্দের ও চৌতালকে দ্বাদশমাত্রিক ছন্দের কোটায় ফেলা উচিত—তাহ'লে দাঁড়ায় আমাদের সঙ্গীতে ছয় রকম মূল তালের আদর আছে—আড়া-চৌতালকে বাস্তবিক পক্ষে চোদ্দ মাত্রার তাল বলতে হয় কিন্তু আড়া চৌতালকে কেন আমাদের সঙ্গীতের একটি প্রকৃষ্ট তাল ব'লে গণ্য করা যায় না তার কারণ শেষে দ্রষ্টব্য।) প্রথম জাতীয় ছন্দকে বলা যাক সমমাত্রিক ছন্দ, দ্বিতীয়কে—অসমমাত্রিক ছন্দ, তৃতীয় ও চতুর্থকে বিষমমাত্রিক ছন্দ। কৃষ্ণধন ও রবীন্দ্রনাথ উভয়েই এই

* মিশেল কদমে আর দুই রকম তাল আমি উদ্ভাবন করেছি—২+৪ এর কদমে (এর নাম দিয়েছি ষষ্ঠীতাল) এবং ৪+৫ এর কদমে (এর নাম দিয়েছি নবমী তাল) কিন্তু এ দুই তালের গান গীতশ্রীতে দিই নি ব'লে এদের বিবরণ দিলাম না। এ দুই তালের ব্যাখ্যা ও গান নবগীতিমঞ্জরীতে দ্রষ্টব্য।

ধরণের ছন্দবিভাগের দিকে ঝুঁকেছেন, কেন না এইভাবে তালের শ্রেণীবিভাগই সবচেয়ে সহজ ও বৈজ্ঞানিক। তাই এই ছকে ফেলেই তাল-বিবরণী সুরু করা ভালো।

চতুর্মাত্রিক বা সমমাত্রিক ছন্দ : এতে পড়ে কার্ফা বা ঠুংরি, ত্রিতালী (মধ্যমান আড়া-ঠেকা প্রভৃতি) ; চার চার মাত্রা অন্তরে ঝোঁক বা তাল পড়ে তাই চার মাত্রা অন্তর পর্ব্বভাগ বা যতি চিহ্ন দেওয়া হয় এ-জাতীয় ছন্দে। যথা :

```
°               ১               +               ৩
।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।
ব   ন্  দ   ন | স   ঙ্  গী  ত | গু  ন্  জ   ন | মু  খ   রি  ত | ( রবীন্দ্রনাথ )
```

এখানে এইভাবে তালাঙ্ক দিয়ে + চিহ্নিত স্থলে সবচেয়ে বেশি জোর দিলে—অর্থাৎ সম্ দিলে এবং ° চিহ্নিত স্থলে হাতে তাল না দিয়ে অনাঘাত দেখালেই একে বলে ত্রিতালী। এতেই যদি আট মাত্রা অন্তর সম দেই তাহ'লেই এ হয় ঠুংরি বা কার্ফা যথা :

```
°               +               °               +
।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।   ।
ব   ন্  দ   ন | স   ঙ্  গী  ত | গু  ন্  জ   ন | মু  খ   রি  ত |
```

অনেকে ঠুংরিকে অষ্টমাত্রিক ও কার্ফাকে চতুর্মাত্রিক বলেন। কিন্তু সঙ্গীতের তালে সে শ্রেণীর ব্যবহারিক বিভাগ নেই। কেন না যাকে চতুর্মাত্রিক ছন্দ বলা হয় তারই প্রতি ব্যষ্টি বা unit-কে অর্দ্ধেক ক'রে তাকে ব্যষ্টি ধরলে সে-ই হ'য়ে পড়ে অষ্টমাত্রিক। এসব হ'ল আসলে নামকরণের বা তবলার ঠেকাকরণের তর্ক, তালের বা ছন্দের তর্ক নয়। প্রথম শিক্ষার্থীর পক্ষে তাই এইটুকুই আপাতত জানা নির্ভুল হবে যে ফাঁক থেকে গুনলে সম্ ত্রিতালীতে পড়ে নবম মাত্রায় এবং কার্ফা ঠুংরিতে—পঞ্চম মাত্রায়।* কিন্তু বস্তুত এ উভয়ের ছন্দ এক—কেবল ত্রিতালী হ'ল কার্ফা ঠুংরির ডবল এই আর কি।

```
                              +               °
কার্ফা ঠুংরির সরলতম ঠেকা :   ।   ।   ।   ।   ।   ।   ।   ।      ( আরও নানারকম
                              ধা  গে  তে  টে | না  ক্  ধি  ন্ |     ঠেকা আছে অবশ্য )
```

```
                          +                   ৩                   °                   ১
ত্রিতালীর সরলতম ঠেকা :   ।   ।     ।     ।   ।   ।     ।     ।   ।   ।     ।     ।   ।   ।     ।     ।
                          ধা  ধিন্  ধিন্  ধা | ধা  ধিন্  ধিন্  ধা | না  তিন্  তিন্  তা | তা  ধিন্  ধিন্  ধা |
```

যখন ত্রিতালীকে বিলম্বিত লয়ে গাওয়া হয় তখন লয়ের সুবিধের জন্যে ঠেকাকে একটু গালভরা করা হয়, ফলে তার পদবৃদ্ধি হ'য়ে সে হ'য়ে ওঠে ঢিমা তেতালা, যথা :

```
+                    ৩                         °                     ১
।   ।     ।     ।    ।     ।    ।        ।     ।   ।     ।     ।     ।     ।    ।        ।
ধা  ধিন্  ধিন্  ধা | ধিন্  ধাগে  তেরেকেটে  ধিন্ | না  তিন্  তিন্  তা | তিন্  তাগে  তেরেকেটে  ধিন্ |
```

আপাতত চতুর্মাত্রিক ছন্দ সম্বন্ধে এর চেয়ে বেশি বলা অনাবশ্যক। তবে সংস্কৃত ছন্দ থেকে ঠুংরি কার্ফাকে বলা যেতে পারে পংক্তি ছন্দের সামিল, অর্থাৎ আট মাত্রার ছন্দ :

```
       +                  °
       ।   ।   ।   ।   |  ।   ।   ।   ।
(ক)    কৃ  -   ষ্ণ  স  |  না  -   থা  -
       ত   ৎ   ণ   ক      প   ঙ্  ক্তি -
```

* বাংলা দেশে সম্‌কে ত্রিতালী একতালা ও ঝাঁপতালে বলা হয় দ্বিতীয় তাল—অন্য সব তালে সম্ প্রথম তাল। এ তিনটি তালেও সম্‌কে প্রথম তাল করলেই ভালো হ'ত—যেমন কীর্ত্তনে সম্‌কে সর্ব্বত্রই প্রথম তাল করা হয়, কিন্তু রীতি অন্যরূপ ব'লে সম্‌কে এখানে দ্বিতীয় তাল ধরা হ'ল। কেন না এটা তো প্রিন্সিপ্লের কথা না, কনভেনশনের কথা।

ত্রিতালীকে বলা যেতে পারে পজ্ঝটিকা ছন্দের সামিল, অর্থাৎ ষোলো মাত্রার ছন্দ :

```
                +                    ০              ১
                । । । । | । । । । | । । । । | । । । ।
(খ)             মা - কু রু   ধ ন জ ন   যৌ - ব ন   গ - র্ব ম্
                হ র তি নি   মে - ষা ৎ   কা - ল :   স - র্ব ম্
```

এ দৃষ্টান্ত দেওয়ার উদ্দেশ্য শুধু দেখানো যে, (খ)-তে প্রথম ও তৃতীয় তালে ফাঁক দিয়ে ফাঁকের স্থলে আবার সম্ দিলেই—(খ)-তালের দিক থেকে হ'য়ে ওঠে (ক)-এর একাত্মা—অর্থাৎ কিনা একে দূন করলে। দূন করা মানে আর কিছুই না—গতিকে ডবল করা ওরফে দুমাত্রাকে একমাত্রা ধরা। যথা :

```
                +                 ০
                ।   ।   ।   । | ।   ।   ।   । |
                মা  কুরু ধন  জন  যৌ  বন  গর্  বম্
```

ঢিমা তেতালাকে তেম্‌নি বলা যেতে পারে মদিরা ছন্দ অর্থাৎ ৩২ মাত্রার ছন্দ

```
 +                        ৩                      ০                       ১
(গ)। । । । । । । । |। । । । । । । । |। । । । । । । । |। । । । । । । । |
  মা - ধ ব মা - সি বি ক - স্ব র কে - শ র পু - ষ্প ল স ন্ ম দি রা - মু দি তৈ : - -
```

বলা বাহুল্য (গ)-কে দূন কর্‌লে এও হ'য়ে ওঠে (খ), যথা :

```
 +                  ৩                  ০                  ১
 ।   ।   ।   । |  ।   ।   ।   । |  ।   ।   ।   । |  ।   ।   ।   । |
 মা  ধব  মা  সিবি  কস্ বর  কে  শর  পুষ্ পল  সন্ মদি  রা  মুদি  তৈঃ  -
```

এ থেকে আশা করি বোঝা একটু সহজ হবে যে, এ তিনটি চতুর্মাত্রিক তালের মূল ছন্দ একই।

এতে আড়ি বা তির্য্যকভঙ্গি আনলেই হ'ল আড় কাওয়ালি বা আদ্ধা। আড়ির রহস্য আর কিছুই না শুধু এই যে, আড়িতে প্রস্বন বা ঝোঁকগুলি বক্রভাবে রেশ বা বিরতির উপর পড়ে। ফলে লয় ঠিকই থাকে, কেবল কদমফের হয় এই যা। সরল ছন্দের সঙ্গে আড়ির রকমফেরের তুলনা করলেই এটা জলের মতন সাফ হ'য়ে আসে। তাই স্বরলিপিতে দুটি নমুনা দেওয়া যাক (১) ঋজু ছন্দের ও (২) আড় ছন্দের :

```
                              ০            ১            +              ৩
ঋজু বা শুদ্ধ কাওয়ালি—সা পা পা পা | পা -া দা পা | মা মপা মগা মা | মা ণা দা পা | এখানে তালগুলি পড়ছে
                     শি ল্ প ব    নে - র মি'   চি  -   ত্ত তু    র ঙ্ গ মি'   সরলভাবে কথারই বর্ণের
                                                                              উপরে।
```

```
                              ০            ১            +              ৩
বক্র বা আড় কাওয়ালি—। সপা পা পা | । পা দা পা | । মপা মগা মা | । ণা দা পা | এখানে তালগুলি পড়ছে
                   • শিল্ প ব    • নে র মি'  • চি  ত্ত তু    • রং গ মি'   বক্রভাবে বিরতির 'পরে।
```

এখানে • চিহ্নিত স্থানে বিরতি না দিয়ে । -া ঢঙে রেশ দিলেও আড়ির ঢং বজায় থাকবে—অর্থাৎ শব্দের বর্ণের মাঝে মাঝে ঝোঁক ফেলা আর কি। যন্ত্র সঙ্গীতে—এটা করা হয় আগেকার টিপ্-কেই বজায় রেখে—অর্থাৎ নতুন টিপ্-এর উপর ঝোঁক না ফেলে আশ-এর উপর ঝোঁক ফেলে। কিন্তু এ-ভঙ্গির অপরূপ সুষমা ব্যাখ্যা ক'রে ঠিক বোঝানো যায় না, হাতে কলমে শিখলে তবেই বোঝা যায় এর মহিমা। তবু ঠেকায় আদ্ধার আড়ির ইশারা দিয়ে এ-পালা খতম করি—যতটা পারি কাব্যের সঙ্গে তুলনা ক'রে :

```
                   •           ১           +           ৩
                   । । । । । । । । । । । । । । । ।
তব্‌লার ঠেকা—  না তি- ইন্ তা |তা ধি- ইন্ ধিন্ | ধা ধি- ইন্ ধিন্ | ধা ধি- ইন্ ধিন্ |
কাব্যছন্দ— { ব স- অন্ তে সু গ- অন্ ধে আ ন- অন্ দে উ ছ- অল্ কে ?
           { ত র- অং গে ত র- অং গে অ ন- অন্ তে উ ত- অল্ সে।
```

ব'লে রাখি যে এ আড়ি ভঙ্গির ঠেকা অন্য সব তালে নামভেদে এমনভাবে সুচিহ্নিত নেই বটে, কিন্তু সব তালেই আড়ি আছে, থাকতে বাধ্য। গানে এর মূল্য খুবই বেশি আরো এইজন্যে যে আড়ির প্রসাদে গায়কের নিশ্বাস নেওয়া (দম নেওয়া) সহজ হ'য়ে ওঠে। তা ছাড়া আড়ির ইঙ্গিত না থাকলে গানের ছন্দ একঘেয়ে হ'য়ে ওঠেই—কাজেই এখানে সুবিধা ও সুষমা মালাবদল করেছে বললে শুধু কবিত্বই হবে না, হবে অকাট্য সত্যকথন।

এবার যাগ্মাত্রিক বা অসমমাত্রিক ছন্দের অধ্যায়ে আসা যাক।

এতে পড়ে প্রধানত একতালা ও দাদরা। খেমটা, ভরতঙ্গা, আড়খেমটা এই ত্রিমাত্রিক ছন্দেরই একটু-আধটু ইতর-বিশেষ মাত্রা আড়ি ও ঠেকার অদল-বদল প্রসাদাৎ।

দাদরায় একতাল এক ফাঁক—ব্যস্। যথা :

```
          +           •           +           •
          । । । । । । । । । । । ।
ঠেকা—    ধা ধিন্ না | না তিন্ না ‖ ধা ধিন্ না | না তিন্ না |
কাব্যছন্দে—তো মা র চ র ণে আ মা র প রা ণে      (চণ্ডীদাস)
```

এ হ'ল দু পর্বের তাল। এতে আরও দুটি পর্ব জুড়ে দিয়ে প্রথম-মাত্রায় ফাঁক, চতুর্থ-মাত্রায় প্রথম-তাল, সপ্তম-মাত্রায় সম্ ও দশম-মাত্রায় তৃতীয়-তাল দিলেই সে হ'য়ে ওঠে একতালা। সচরাচর প্রথম দুটি পর্বে একটু নতুন বোল আনা হয় শ্রুতিমধুরতার খাতিরে ও ফাঁক চেনাবার জন্যে। যথা :

```
                  ০           ১           +           ৩
                  । । ।       । । ।       । । ।       । । ।
একতালা—ঠেকা— কৎ তা ধাগে | ত্রেকট ধিন্ নাগে | ধা ধিন্ না | না তিন্ না
কাব্যছন্দে— { লু ব্ ধ   প ব ন   ক্ষু ব্ ধ   লো ভ ন  }
            { ম ল্ লি   কা অ ব   লু ণ্ ঠি   তা - -  } (রবীন্দ্রনাথ)
```

পক্ষান্তরে দ্রষ্টব্য যে, এখানে প্রথম-মাত্রায় সম্, চতুর্থ ও দশম-মাত্রায় ফাঁক দিলেই হুবহু দাদরায় পুনর্মূষিকত্ব লাভ করে, কেন না

তোমার চরণে | আমার পরাণে | লাগিল প্রেমের | ফাঁসি

এবং

লুব্ধ পবন | ক্ষুব্ধ লোভন | মল্লিকা অব | লুণ্ঠিতা—মূলত একই ছন্দ—যাগ্মাত্রিক।

এতক্ষণ অবধি কোন গোল হয় নি। কিন্তু চৌতালকে বুঝতে হ'লে একটু অভিনিবেশের দরকার কারণ চৌতালের মাত্রা একতালারই মতন সংখ্যায় বারো বটে, কাজেই সমষ্টিগত পর্য্যাবৃত্তির-লয় (periodicity) সমান, তবু চৌতালের চাল বা কদম একেবারে আলাদা। অবশ্য একতালার গান চৌতালের ঠেকায় গাওয়া যায় এবং vice versa, কিন্তু তবু এ দুয়ের ছন্দ একেবারেই ভিন্ন প্রকৃতির। চৌতালের ঠেকা হ'ল :

```
          +       ০       ২       ০       ৩       ৪
          । । | । । | ।   । | । । | ।   । | ।   ।
          ধা ধা ধিন্ ধা কৎ তাগে থুন্ না তেটে কতা গদি ঘেনে
কাব্যছন্দে : পা ল থা নি আ জ দা ও তু লে মা ঝি  }
           হা ল থা নি ধ রো নি জ হা তে - -   }
```

অর্থাৎ সমের পরে ফাঁক, দ্বিতীয় তালের পরে ফাঁক, তার পর তৃতীয় ও চতুর্থ তাল

(নিশিকান্ত)।

দ্রষ্টব্য যেটা সেটা হচ্ছে এই যে, সঙ্গীতে এর ছন্দ আদৌ একতালা জাতীয় নয়—কারণ একতালায় ঝোঁক বা তাল পড়ছে তিন মাত্রা অন্তর, চৌতালে—দুই মাত্রা অন্তর। কাব্যছন্দের সঙ্গে সঙ্গীতের ছন্দের এখানে একটু গরমিল আছে কেননা কাব্যছন্দে "পালখানি আজ দাও তুলে মাঝি, হালখানি ধরবো নিজ হাতে" এবং "পালটি তোমার তুলিয়া দাও গো, হালটি ধরিয়া নিজহাতে" এ দুয়ের মূল ছন্দ একই। চৌতালের মাত্রা সংখ্যা একতালার সমান রেখেও এই যে চৌতালের কদম দ্বিমাত্রিক ভঙ্গি ক'রে এক অপূর্ব্ব রস আনা হয়েছে এ আমাদের তালবিৎদের এক মস্ত কীর্ত্তি। মস্ত কীর্ত্তি বলছি এইজন্যে যে, চৌতালের ও একতালার পর্য্যাবৃত্তির লয় ওরফে Periodicity একই, অথচ এদের ছন্দরস একেবারে স্বতন্ত্র। তাই একে বারো মাত্রার এক স্বতন্ত্র তাল বলাই ভালো। কিন্তু একটা কথা এই যে, ছয় মাত্রা অন্তর চৌতাল ও একতালার পা মেলে। তাই চৌতালের ঠেকাতে প্রস্বন বদলালে সে আরো সহজে একতালা হ'য়ে ওঠে, মানে, যদি তিন তিন মাত্রা অন্তরে তাল দেওয়া যায়, যথা :

। । । । । । । । । । । ।
ধা ধা ধিন্ | ধা কৎ তাগে | থুন্ না তেটে | কতা গদি ঘেনে

এইজন্যেই তালবিৎ হ'লে একতালার গান চৌতালে গাওয়া যায়, চৌতালের গান—একতালায়, যেহেতু এ দুয়ের লয় সমান। (পণ্ডিতজি তাঁর ক্রমিকে একতালার স্বরলিপিতেও দুই দুই মাত্রা অন্তর পর্বভাগ করেছেন। এটা অবৈজ্ঞানিক নিশ্চয়ই। এত বড় ভুল তিনি কেন করলেন তা আমি ভেবে পাইনি। কারণ পর্ববন্ধনীর অর্থ প্রস্বন দেখানো। কাজেই একতালার পর্ববন্ধনী ও চৌতালের পর্ববন্ধনী এক হ'তে পারে না। আশা করি ভবিষ্যতে এ ভ্রমটুকু তাঁর লক্ষ্ণৌ গোয়ালিয়রের স্কুলের কর্তৃপক্ষ সংশোধন ক'রে নেবেই। *)

পঞ্চমাত্রিক ও সপ্তমাত্রিক (ওরফে বিষমমাত্রিক) ছন্দ : বলেছি এ দুই ছন্দ মিশ্র ছন্দ। পঞ্চমাত্রিকটা আগে ধরি :

পঞ্চমাত্রিক ছন্দের মধ্যে অনেকে সুরফাঁকতালকে ধরেন কিন্তু সেটা ঠিক নয়—যেহেতু সুরফাঁকতালের কদম দুই তিনের বা তিন দুয়ের নয়। সুরফাঁকতালের কথা যথাস্থানে, আপাতত ঝাঁপতাল নেওয়া যাক।

সচরাচর ঝাঁপতালকে ২ + ৩ ভাবেই ভাগ করা হয়, যথা :

\+ ৩ ০ ১
। । । । । । । । । ।
ঠেকা : ধা গে | দা ঘি ন্ ॥ তে টে | তা ঘি না ॥

কিন্তু কার্য্যক্ষেত্রে ৩+২ এর inversion প্রায়ই হয়। তবে যেহেতু তাতে মূল ছন্দ প্রায় অব্যাহতই থাকে সেহেতু এ-দুই কদমকে একই ছন্দ বললে ভুল হয় না (যদিও আমি নিজে এ-দুই ছন্দের আলাদা নামকরণের পক্ষপাতী। †)

* পণ্ডিতজির সমর্থকরা হয়ত বলবেন যে একতালা ও চৌতালের পর্য্যাবৃত্তির লয় সমান ব'লেই এটা করা হয়েছে। কিন্তু পর্য্যাবৃত্তির লয়—বা periodicity-ই তো ছন্দের একমাত্র মাপকাটি নয়—তার চলন একই period-এর মধ্যে বদলাতে পারে যে ও তাহ'লে সম্পূর্ণ আলাদা ছন্দরস আসবেই। "শয়ন শিয়রে | প্রদীপ নিভিল | যবে" এবং "অকালে কহ হে দেবি | অমৃত-ভাষিণী," এ-দুয়ের লয় বা মাত্রা সংখ্যা হুবহু এক কিন্তু ছন্দ একেবারে আলাদা : প্রথমটা তিনের বা ছয়ের কদম, দ্বিতীয়টা দুয়ের বা চারের। অনেকটা একতালা চৌতালের প্রভেদেরই মতন।

† কারণ সূক্ষ্ম বিচারে "ধরণী | আজি ॥ ধন্য | সাজি" এবং "শিখী | কলাপী ॥ মেঘ | আলাপী" এ দুয়ের কদমের মধ্যে একটু রকমফের আছে যদিও একটি অপরটির inversion, যেমন trochee ছন্দ iambic-এর inversion, মদিরা ছন্দ তোটকের inversion, মরা রাম-এর inversion. গানের বেলায় এ-তফাৎ আরও ধরা পড়ে কারণ ঝাঁপতালে ঝোঁক পড়ে প্রথম ও তৃতীয় এবং ষষ্ঠ ও অষ্টম মাত্রায় অথচ "ধরণী | আজি ॥ ধন্য | সাজি |"-তে স্বাভাবিক ঝোঁক পড়ছে প্রথম ও চতুর্থ এবং ষষ্ঠ ও নবম মাত্রায়। তবে এ বিচার হয়ত একটু বেশি সূক্ষ্ম—প্রায় চুলচেরা-র কাছাকাছি, তাই এখন এ মুলতুবি থাকুক। কিন্তু এবিষয়ে ভূমিকার শেষ প্যারাগ্রাফটি ১॥৵০ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

অনেকে এ ছন্দকে কঠিন বলেন কিন্তু আমার মনে হয় এ ছন্দ খুব সহজেই আয়ত্ত করা যায় একটু চেষ্টা করলেই। বদসি যদি কিঞ্চিদপি, পঞ্চশরে দগ্ধ ক'রে প্রভৃতি ছন্দ বাংলায় এত লোকপ্রিয় যে এ ছন্দ সম্বন্ধে বেশি বলা নিষ্প্রয়োজন।

সপ্তমাত্রিক : গীতশ্রীতে শুধু তেওরা দেওয়া হয়েছে সাতের কদমে। তাই শুধু তেওরা সম্বন্ধেই বলব। ধামার তেওট রূপক সম্বন্ধে বলব দ্বিতীয় ভাগে।

এ তালও খুব সহজ ৩+৪ এর কদম। কিন্তু দ্রষ্টব্য ঝাঁপতালের মতন ৪+৩ ক'রে একে গাওয়া হয় না—কারণ তাতে ভালো শোনায় না।

	+			২		৩		
	।	।	।	।	। |	।	।	
তেওরার ঠেকা :	ধিন	ধিন	না |	তেটে	কতা	গদি	ঘেনে |	
কাব্যছন্দ :	বা	লি	কা	দ	লে	দ	লে	অতুলপ্রসাদ
	চ	লি	ছে	গ	লে	গ	লে	

এ তালে ফাঁক দেওয়া হয় না সচরাচর—যদিও কেউ কেউ প্রথম তালেই ফাঁক দেখান। কিন্তু প্রথম তালেই এর সম্, কাজেই ফাঁক না দেওয়াই ভালো বিশেষ এইজন্যে যে পরের দুটি পর্বই দ্বিমাত্রিক ব'লে সম্ চিনে নিতে একটুও বেগ পেতে হয় না। সর্ব্বত্রই সম্ থেকেই এর ধরতা—তাতেই এ তালের জৌলুষ হয় ব'লেও বটে সুবিধা হয় ব'লেও বটে।

	+			২		৩		
	।	।	।	।	।	।	।	।
এর শেষ পর্বকে একমাত্রা টেনে বাড়ালেই রূপকড়া ঠেকা :	ধিন্	ধিন্	না |	তেটে	কতা |	গদি	ঘেনে	নাক |
কাব্যছন্দে :	চি	নি	গো	চি	নি	তো	মা	রে
	প্র	ভা	তে	নি	শা	আঁ	ধা	রে

দশমাত্রিক ছন্দ : সুরফাঁক-তালকে দশমাত্রিক ছন্দবর্গীয় বললে অবশ্য আপত্তি হ'তে পারে না। এ-তালটি প্রথমে একটু কঠিন মনে হওয়া বিচিত্র নয়—কিন্তু এর গঠন এত আঁটসাঁট যে একটু অভ্যাস করলেই এর ছন্দে গভীর আনন্দ পাওয়া যায়। এর ঠেকা হ'ল :—

+				২		৩			
।	।	।	। |	।	। |	।	।	।	। |
ধা	ঘেড়ে	নাক্	ধী	ঘেড়ে	নাক্	গ	দ্দী	ঘেড়ে	নাক

এতেও ফাঁক দেওয়া হয় না সচরাচর—যে কারণে তেওরায়ও হয় না। এতে কোনো কাব্যছন্দ অদ্যাবধি রচিত হয়েছে ব'লে আমি জানি না। আমিই প্রথম একে কাব্য-ছন্দে ফেলি আমার "আপদ" নাটকের—

।। । । । । ।। । ।
অ স্ত র | ব ন | ম ঞ্জি ল | গানটিতে।
ম স্থ র ম ন ছ ন্দি ল |

।। ।। । । ।। ।।
লঘুগুরু ছন্দেও রচনা করি ঢা লো | ম ধু | ঢা লো } গীতশ্রী ৫৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।
সুর নূ পু র আ লো }

এ ছন্দে গাইলে সুরফাঁকে তাল বা লয় ভুলের সম্ভাবনা প্রায় থাকে না বললেই হয়। নিশিকান্ত, অনিলবরণ ও শ্রীমতী জ্যোতির্মালা এ ছন্দে গান লিখেছেন—গীতশ্রীতে দেওয়া হ'ল।

চতুর্দশ মাত্রিক ছন্দ : আড়া-চৌতালকে চতুর্দশ মাত্রিক ছন্দ বলাই ভালো। এ-তালে গান খুব কমই গাওয়া হয়। তবু গীতশ্রীর ১০৯ পৃষ্ঠায় এ-তালে একটি সার্গম দেওয়া হয়েছে ব'লে এর একটু বিবরণ দিতে হ'ল।

	+	২	০	৩	০	৪	০
	। ।	। ।	। ।	। ।	। ।	। ।	। ।
এর ঠেকা :	ধা ক্	ধা ধা	দিন্ তা	কৎ তেকে	তেরে কেটে	তাকে কেটে	গদি ঘেনে
কাব্যছন্দ :	তু লি	য়া ছি	ত ব	ত রে	য ত	ফু ল	দ ল
	সঁ পি	লা ম	ত ব	পা য়	আ জি	স মু	ছ ল

এ-প্রসঙ্গে একথা আমি স্বীকার করতে বাধ্য যে আড়া-চৌতাল তালে ছন্দের কোনো অন্তর্নিহিত চমৎকারিত্ব নেই। চৌদ্দ মাত্রায় এক এক চরণ ধ'রে একে গাওয়া হয় মাত্র। এই কারণেই এ-তালে গান খুবই কম। যে কাব্য-ছন্দ রচনা ক'রে দিলাম তাতেও তাই চৌদ্দটি অযুগ্মধ্বনি আছে এইমাত্র। এ ছন্দকে আসলে চতুর্দশমাত্রিক বলার সার্থকতা নেই—কারণ এ কবিতার চরণ দুটিকে তিনের কদমেও পড়া যায়—পয়ারেও পড়া যায়। সুরফাঁকতালে যেমন একটা স্বাভাবিক বিদ্যুৎগতির শিহরণ আছে আড়া-চৌতালে তা নেই। এ যেন জোর ক'রে গুনে ছন্দ গেঁথে তোলা—কোনো ভিতরের তাগিদে এর উদ্ভব হয় নি। এ রকম ছন্দও আছে কাব্যে—তালও আছে সঙ্গীতে। তাদের আদর হয় না দেখে ওস্তাদরা আরো রাগ ক'রে অনেক সময়ে গায়ের জোরেই সে সব তালে গান করেন—নিপুণতার জন্যে বাহবাও পান—কিন্তু চলতি ভাষায় বলে না—অভাব তো কিছুরই নেই, কেবল যা অন্ন-বস্ত্রের?—এ সব গাণিতিক তালেরও সেই দশা—এ সব তালে সবই আছে নেই কেবল নৃত্যগতি। কাব্যছন্দেও এমনতরো ঘটে—ছন্দোমঞ্জরীতে তার প্রমাণ পাওয়া যায়, যথা ভুজঙ্গবিজৃম্ভিত, চণ্ডবৃষ্টিপ্রপাত, দণ্ডক বর্গীয় ছন্দ। এ সব ছন্দেও ছন্দ-বিশারদরা কবিতা লিখেছেন বৈ কি, কিন্তু সে-সব কাব্যের মৃত্যু আঁতুড়েই ঘটেছে এর ভূরি ভূরি প্রমাণ মেলে। আমাদের সঙ্গীতেও এমন মৃতজন্মা তাল আছে, যথা—রুদ্রতাল, খামসা, ব্রহ্মতাল প্রভৃতি। কৃষ্ণধনবাবু ঠিকই বলেছেন এসব তালের সম্পর্কে যে এদের "কেবল ওস্তাদিপনা জাহির করণার্থই ব্যবহার হয়। ফলত উহারা যে এমন কিছু কঠিন তাল, তাহা কিছুই নহে : উহাদের দীর্ঘ কলেবর আকাশের তারা কিম্বা মস্তকের কেশ গণনা করার ন্যায়, বিরক্তিকর মাত্র।"

কত যে বিরক্তিকর হ'তে পারে এ তালের গাণিতিক পালোয়ানি তার সবচেয়ে জাজ্বল্যমান দৃষ্টান্ত মেলে বোধ হয় কর্ণাটী সঙ্গীতে—"পল্লবী" মল্লযুদ্ধে। "পল্লবী" সঙ্গীত হচ্ছে সার্গম—নানা তালের তালঠোকার সাথে। আবেশ সৌন্দর্য্য সুষমা এ সবের বালাই পল্লবীতে একেবারেই নেই, আছে শুধু তাল, আর তাল, আর তাল—আঙুলে মাত্রা গুণে, হাত চিৎ ক'রে, হাত উপুড় ক'রে—কত রকম কসরৎ যে তাদের! অতি কষ্টে সে সব তালের পালোয়ানি-কাণ্ড দেখতে ও শুনতে হয়েছিল মহীশূরে, বাঙ্গালোরে ও মাদ্রাজে। কি রকম একটিমাত্র দৃষ্টান্ত দেই : ধরা যাক—ধ্রুবতাল। প্রতি তালের পাঁচটি ক'রে জাতি : (১) তিস্রজাতি (২) চতুরস্রজাতি (৩) খণ্ডজাতি (৪) মিশ্রজাতি (৫) সঙ্কীর্ণজাতি। ধ্রুবতাল এদের নাম—

(১)	মণিতাল	—	এতে	পর্বভাগ	যথা—	৩+২+৩+৩=১১ মাত্রা
(২)	শ্রীকরতাল	—	"	"	" —	৪+২+৪+৪=১৪ মাত্রা
(৩)	প্রমাণতাল	—	"	"	" —	৫+২+৫+৫=১৭ মাত্রা
(৪)	পূর্ণতাল	—	"	"	" —	৭+২+৭+৭=২৩ মাত্রা
(৫)	ভুবনতাল	—	"	"	" —	৯+২+৯+৯=২৯ মাত্রা

আরও অদ্ভুত অদ্ভুত ভাগ আছে—বিস্তর : যথা,— ৫+২+৫ (উদয়তাল); ৭+২+৭ (উত্তীর্ণ তাল); ৯+২+৯ (বাওতাল); ৭+১+২ (সুরতাল); ৯+১+২ (করতাল); ৯+২+২ (ভোগতাল); ৯+৯+২+২ (ধীরতাল) ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। অবশ্য কর্ণাটী সঙ্গীত আমি অধ্যয়ন করিনি, কিন্তু এদের তাল দেওয়া দেখেছি ও গানও বহু কষ্টে দুর্গতিনাশিনীর নাম জপ করতে করতে শুনেছি। তাতে মোটের উপর মনে হয়েছে কেবলই যে এ-পথে তালসিদ্ধি হ'লেও হ'তে পারে কিন্তু রসসিদ্ধির পথ অন্য। এভাবে মাত্রা গুণে গুণে অগুন্তি তালই রচনা করা যায় ৩৭ মাত্রার ৪৯ মাত্রার ৬৭ মাত্রার—যে-কোনো মাত্রার। কিন্তু সত্যকার তালের রসের মধ্যে থাকে এমন একটা ঝোঁক ও ছন্দবিন্যাস যাতে মন ওঠে দুলে। তালের সাধনায় একথাটি ওস্তাদেরা সব দেশেই ভুলে যান ব'লেই এটুকু একটু বিশদ ক'রে বলা আবশ্যক বোধ করলাম। প্রতি কলাকারুর সাধনারই দুটো দিক আছে : (১) গঠন বা দেহতত্ত্ব; (২) আত্মিক সুষমা। যেখানে দেহবিন্যাস আত্মাকে আষ্টেপিষ্টে বাঁধে সেখানে বন্ধন হয় শৃঙ্খল : যেখানে আত্মা আগে স্পন্দিত হয় কেবল সেখানেই দেহ হয় আকাশ, তার প্রতি কম্পনে বেজে ওঠে ছায়াপথের মায়ানূপুর।

পুনশ্চ। যৎ তালটির বিবরণ দিতে ভুল হয়েছে। এ তালে দুটি গানের স্বরলিপি দিয়েছি—"এ জীবনে পূরিল না" ও "এ স্বপনে ঘুম নাই"। যৎ দুরকম আছে : হিন্দুস্থানি চালের যৎ হ'ল সাত মাত্রার বা চৌদ্দ মাত্রার (বিষমমাত্রিক)। যথা :

	+			৩			০			১		
ঠেকা :	ধা	ধি ন্	|	তে টে	ধি ন্	|	না	তি ন্	|	ধিন্	না	ধিন্
কাব্যছন্দ—	যা	ও হে		সু থ	পা ও		যে	থা নে		সে	ই	ঠাঁই (দ্বিজেন্দ্রলাল)

বাংলা চালের যৎ হ'ল আটমাত্রা বা ষোলো মাত্রার। এই চালের গানেরই স্বরলিপি দিয়েছি।

	+			৩			০			১		
এ হ'ল সমমাত্রিক ছন্দ :	ধা -	ধি ন্	|	তে টে	ধি ন্	|	না -	তি ন্	|	ধিন্	না	ধিন্
	এ ক্ষু	দ্র জী		ব ন	মো র		এ ক্ষু	দ্র ভু		ব	ন	মো র

দ্রষ্টব্য এই যে, যেমন তেওরার শেষ পর্বকে এক মাত্রা বাড়ালেই হয় রূপকড়া, তেম্‌নি বিষমমাত্রিক যৎ-এর প্রথম ও তৃতীয় পর্বকে টেনে এক মাত্রা বাড়ালেই হয় সমমাত্রিক যৎ। বাংলাদেশে মধ্যমানের অনেক গান এই সমমাত্রিক যতের ঠেকাতেই গাওয়া হয়—এর ফাঁক ও সম চেনা অত্যন্ত সহজ ব'লে।

আকারমাত্রিক স্বরলিপি চিহ্নের সংক্ষিপ্ত ব্যাখ্যা

আমাদের সঙ্গীতে সাধারণত তিনটি সপ্তকের ব্যবহার আছে। যথা—উদারা (নিম্ন) মুদারা—(মধ্যক) তারা (উচ্চ)। উদারার সপ্তকের চিহ্ন,—স্, র্, গ্, ম্, প্, ধ্, ন্। মুদারা সপ্তকের চিহ্ন,—স, র, গ, ম, প, ধ, ন। তারা সপ্তকের চিহ্ন,—র্স, র্র, র্গ, র্ম, র্প, র্ধ র্ন।

এই সাতটি পর্দার মধ্যে ৪টিতে কোমল ও একটিতে কড়ি আছে। তার চিহ্ন যথা—কোমল রে=ঋ; কোমল গা=জ্ঞ, কোমল ধা=দ, কোমল নি=ণ ও কড়ি মা=হ্ম।

মাত্রার চিহ্ন=া (আকার) যথা সা একমাত্রা; সা - া, দুই মাত্রা; সা - া - া তিন মাত্রা ইত্যাদি। দুটি বা ততোধিক স্বর একমাত্রার মধ্যে ব্যবহারের চিহ্ন, যথা,—সরা,—সরগা, সরগমা ইত্যাদি।

আধ মাত্রার বিশেষ চিহ্ন=ঃ; যথা—সঃ, রঃ, ইত্যাদি।

কোনও এক স্বর যখন এক স্বরে বিশেষভাবে গড়িয়ে যায় অর্থাৎ যাকে বলে 'মিড়' তখন সেই দুইটি স্বরের মাথার উপরে এই ⌒ চিহ্ন বসে। যথা : সা মা, সা গা ইত্যাদি।

হাইফেন বর্জিত মাত্রা বা আকার বিরামের চিহ্ন অর্থাৎ যে কয় মাত্রায় হাইফেন নেই সে কয়মাত্রা থেমে থাকতে হবে কিম্বা থেমে পরবর্ত্তী স্বর অনুসারে গাইতে হবে। যথা,—রা সা া া | মা পা না র্সা। আর হাইফেন-বর্জিত আকারের নিচে থাকবে (৹) চিহ্ন - বিরামকে আরও বেশি ক'রে দেখাতে (যদিও এ বাহুল্য)

তালের ভাগচিহ্ন শুধু একটি বড় দাঁড়ি=' | ' ব্যবহার করা হয়েছে এই সংক্রান্ত অন্য সব চিহ্ন বর্জিত হয়েছে বাহুল্য বোধে।

যখন কোনও আনুষঙ্গিক স্বর কোনও প্রধান স্বরকে ছুঁয়ে যায় তখন ক্ষুদ্র অক্ষরে একটু উপরে তাকে এই ভাবে দেখানো হয়। যথা,— সরা সার ইত্যাদি। একে কৃষ্ণধনবাবু বলেছেন ভূষিকা—তাঁর গীতসূত্রসারে গানের স্বরলিপিতে ভূষিকা-র ব্যবহার অত্যন্ত প্রয়োজন। স্বরের দুল্‌কি চালের এ মস্ত সহায়।

আস্থায়ী যে পর্য্যন্ত গেয়ে অপর কলি ধরতে হয় সে স্থানের মাথার উপর '॥' ছোট ছোট যুগল দাঁড়ি চিহ্ন বসে।

পুনরাবৃত্তি" চিহ্ন " { } " | যথা,— { সা রা গা মা } অর্থাৎ এই অংশ দুইবার গাইতে হবে।

পুনরাবৃত্তি লঙ্ঘনের চিহ্ন "( )" | যথা :— {সা রা (গা মা) } পা ধা | এতে { } র অংশ দ্বিতীয়বার আবৃত্তি করবার সময় "(গা মা)" এই বন্ধনীবদ্ধ অংশটুকু বাদ দিয়ে একেবারে "পা ধা" এই অংশ ধরতে হবে।

কোনও পুনরাবৃত্তিকালে যদি কোনও স্থানে কোনও স্বরের পরিবর্ত্তন হয় তাহ'লে পরিবর্ত্তিত স্বর পূর্ব্ব-স্বরের মাথার উপরে এই রকম "[ ]" ব্র্যাকেটের মধ্যে দেওয়া হয়। যথা :— {সা রা [গা] গা, [মপা] মা।} অর্থাৎ কি না—

সা রা গা মা | গা রা গা মপা |

প্রত্যেক কলির শেষে "II" বসে। যে কলির শেষে আস্থায়ীতে ফিরে যাবার দরকার সেখানেও II বসে। গানের প্রথমে এ চিহ্ন সাধারণত ব্যবহার হয়েছে কলি শেষ ক'রে আস্থায়ীতে ফিরে গিয়ে ঠিক যেখান থেকে ধরতে হবে তারই আগে।

• গীতশ্রীতে আকারমাত্রিক স্বরলিপির পদ্ধতিই গৃহীত হয়েছে।

দণ্ডমাত্রিক স্বরলিপি চিহ্নের সংক্ষিপ্ত ব্যাখ্যা

সাতটি পর্দা হ'ল—স ঋ গ ম প ধ নি।

এতে উদারা হ'ল পর্দার তলে ফুটকি, যথা—নি ধ প ম গ ঋ স; মুদারা সহজ; যথা—স ঋ গ ম প ধ ন; তারা উপরে ফুটকি, যথা—স ঋ গ ম প ধ নি। কোমল চিহ্ন হ'ল ত্রিকোণ, যথা—ঋ=কোমল ঋ, গ=কোমল গ ইত্যাদি। কড়ির চিহ্ন হ'ল পতাকা, যথা—ম। একমাত্রা—১টি দণ্ড, যথা—স, দুইমাত্রা—২টি দণ্ড, যথা—স, তিনমাত্রা—৩টি দণ্ড, যথা—স ইত্যাদি। অর্দ্ধমাত্রা হ'ল চন্দ্রবিন্দু যথা সঁ=আধ মাত্রার সা। সিকিমাত্রা হ'ল—ডমরু, যথা—স। এক মাত্রায় দুই তিন বা ততোধিক পর্দা অন্তর্ভুক্ত হ'লে, তার প্রথমটির মাত্রায় দাঁড়ি দিলেই বোঝানো হবে যে সে-কয়টি পর্দা মিলিয়ে একমাত্রা কাল স্থায়ী হবে। যথা—সঋ, সঋগ, সঋগম ইত্যাদি মিড়ের চিহ্ন স ম, আশের চিহ্ন স ম, কম্পনের চিহ্ন স পর্ব্বভাগের চিহ্ন হ'ল (।)—আকারমাত্রিকেরই মতন, ভূমিকাও তাই। পুনরাবৃত্তির চিহ্ন—{ } পুনরাবৃত্তির অংশ বিশেষ বাদ দেওয়ার চিহ্ন ( )—আকারমাত্রিকেরই মতন এসবও। S=আস্থায়ীতে এই চিহ্ন দেখলে সেখান থেকে অন্তরা ধরতে হবে। গানের শেষে যুগল ছেদ চিহ্ন বসে।

আজকাল আকারমাত্রিক স্বরলিপিরই বেশি প্রচলন সুরু হয়েছে। কিন্তু এখনো দণ্ডমাত্রিক পদ্ধতিরও চল আছে ব'লে এ পদ্ধতির ব্যাখ্যাও দেওয়া হ'ল—তবে আকারমাত্রিক স্বরলিপির বহুল প্রচলন হচ্ছে; একথা অবিসংবাদিত। হওয়া বাঞ্ছনীয়ও বটে। কারণ সব জড়িয়ে আকারমাত্রিকই শ্রেষ্ঠ স্বরলিপিপদ্ধতি।

আকারমাত্রিক স্বরলিপির অনেকগুলি চিহ্ন বাহুল্যবোধেই বর্জন করেছি পণ্ডিত ভাতখণ্ডেরই নির্দেশে যে, প্রথমটায় চিহ্নসংক্ষেপ করা অত্যন্ত বাঞ্ছনীয়, স্বরলিপির বহুল প্রচার হ'লে চিহ্ন বাড়ানো যেতে পারে। যেমন ধরা যাক I চিহ্ন। যেখানে তালাঙ্ক দেওয়া হ'ল সেখানে এর কী দরকার? কিম্বা স্বরের মাথায় ⁀ চিহ্ন। এ-সবও বাহুল্য বৈ কি। দণ্ডমাত্রিকে ডমরু চিহ্ন দিয়ে সিকি মাত্রা দেখানো হয়। আকারমাত্রিকে সরঃ লিখলে সহজেই বোঝা যায় স সিকিমাত্রা, র সিকিমাত্রা—উভয়ে মিলে সরঃ দাঁড়ালো আধমাত্রা। স্বরলিপি খুব জটিল হ'লে হয়ত পরে এক-অষ্টমাংশ মাত্রার জন্যেও চিহ্নের দরকার হবে। তবে সে অনেক পরের কথা। আপাতত আকার-মাত্রিকে আলাদা সিকিমাত্রার চিহ্ন অনাবশ্যক। ⁀ চিহ্নটি অনেক স্থলে মিড়চিহ্নবৎ বসেছে ভুলক্রমে।

শুদ্ধিপত্র

ছাপানো প্রত্যেক লাইনই লাইন ধরা হ'ল, গীতশ্রী শিরোনামা হ'ল প্রথম লাইন—কেবল তালাঙ্ক ও [ ] গুলিতে লাইন ধরা হ'ল না * চিহ্নিত শুদ্ধিগুলি বীরেন্দ্রকিশোরের নির্দেশ।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
।०	৩	diejengen	diejenigen
।৶०	৩২	প্রত্যঙ্গ	প্রত'ঙ্গ
॥০	২৫	দুর্জ্জয় পৌরুষ, দুর্দ্দম	দুর্জয়-পৌরুষ, দুর্দম
১।०	৮	দুঃখসহ	দুঃসহ
৪	৯	গর্া	গর্া
৫	২১	রর্সা	র্সা
৭	২০	সর্গা	সর্গা
৮	১৩	ঋ	ঋা
৯	৩৪	মপা	ধমা *
১০	৮ ; ৯	সণা ; রর্গা	সর্ণা ; র্গা
১০	১২	র্সা	রর্সা
১১	৪; ১৬; ২২	স সা ; রর্সা ; সা	সর্সা ; রর্সা ; র্সা
১৪	৬	⁀⁀	⁀ অর্থাৎ মধুর শব্দটি মিড়ে গেয়
১৭	১৪	সধা	র্ধা
১৮	২১	গা রা	গরা গা *
১৯	২১ ; ২৩	সরা ; গরা মগা	গা * ; রা মা *
২৩	১৫ ; ১৭	পধা ; র্মা রা মা রা	পা ; মর্গা র্রা মগা রা
২৪	১৮	শেষ পর্বের নর্সা -র তলে বসবে	বা
২৭	২৮ ; ৩০	মা পা ; ধপা পা	মা গা * ; ধপা স্মা *
২৮	৩	পা পা পা | পা পগা | গা	স্মা পা পা | পা পগা | মগা *
২৮	২৯ ; ৩১	র্সা ; পনা	রর্সা ; পনা
২৯	৮	নধা র্সা	নধা না *
৩৩	২২	র্সা	র্সা
৩৫	২৫	পা ধা	স্মা ধা *
৩৬	১০	পা ধা	পস্মা ধা *
৩৭	৩৫	সরা	সর্রা
৪৬	৯ ; ১৮	পপা ; ধা -া | ধা -া	পধা ; ধা -া | মা ধা

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪১	৮;১৭;২৪	ণর্সা ; জ্ঞর্রা রজ্ঞা	নর্সা ; জ্ঞর্রা ; র্জ্ঞা
৪৪	৪;১৩;২০	পধা ; র্মজ্ঞা ; পধ্া	প্ধা ; র্মজ্ঞা ; প্ধ্া
৪৬	২২	ণ স	ণ্ স
৫৩	২৮	ণধা	ণধঃ
৫৫	১৫	[র্সা র্সা] [র্রর্সা র্গরা]	[র্স র্সা] [র্রর্সা র্গর্রা]
৫৭	৩১	পা	মা
৬৮	৫	জ্ঞঋা	জ্ঞর্ঋা
৭০	৩২	ঋর্সা	ঋর্সা
৭৭	৬ ; ৮	ণদ্া ; ণা	ণদ্া ; ণ্া
৭৮	১০	নর্সঋা	নর্সঋা
৮২	১২	চৌতাল চৌতাল চৌতাল	একতালা একতালা একতালা
৮৮	২৬	ফিকে হয়ে।	ফিকে হ'য়ে ?
৯৮	১১	পম্মা	পমা
১০৮	২০	নধা	ণধা
১১০	২৬	ঝাঁপতাল	ত্রিতালী
১১৩	২৬	পা -া	পা
১১৪	১৯	ভৈরব	ধৈবত
১১৯	৭	তিলে তিলে তিলে	তিলে তিলে
১২২	৩৪	সনা	র্সনা
১৩৩	৬	রা	র্রা
১৩৬	২	না ধনা	ন্া ধন্া
১৩৭	৩৫	নার্স	নার্স
১৬৬	২০	সধা	র্সধা
১৬৭	২ ; ১৪	সণা ; সনা	র্সণা ; সনা
১৬৮	১১	অগর…মারা-র মাত্রা ভুল ছাপা হ'য়েছে, এ হবে	অগরুআঁ। তুমুকিশীরা। জীবিদসতা। রদদ্বিলেমা। র
১৬৮	১২	না	মা
১৭৭	২	আকৃতি	আকুতি
১৯৭	১৩	সরা	র্সর্রা

সূচিপত্র

[রাগ-সঙ্গীত]

কীর্ত্তন ও বাউল

আধুনিক গান

PUNDIT BHATKHANDE *

(A PERSONAL TRIBUTE)

"Man approaches nearer his perfection when he combines in himself the idealist and the pragmatist, the originative soul and the executive power······The greatest men of action who were endowed by Nature with the most extraordinary force of accomplishment, have owed it to the combination in them of active power with an immense drift of originative thought devoted to practical realisation. They have been great executive thinkers, great practical dreamers."—(Sri Aurobindo—*Ideal and Progress.*)

Pundit Vishnunarayana Bhatkhande died last year. A star has once more ceased to throb in the heart of the far sky : far, yet near. It is the stars which make the void akin to earth.···But even when they cool to ashes, don't they bequeathe their dreams··· of immortality ?

I had met Punditji—I will call him so in this personal tribute—for the first time in Benares before I went to Europe. That was years ago, probably in 1916 or thereabouts. I still recollect that crystalline calm way of his of explaining. He adumbrated to me then and there his theories of the structures of different Ragas. I remember still with a sense of delectation his characteristic vein of ardent restraint. It had left a deep impress on my adolescent clay avid for the moulding hand. I was then hardly out of my teens ; yet I had visioned the greatness of the man in the then inchoate state of my musical ideas. I had loved music since my earliest childhood. I had been a seeker after the soul of our great classical music—the Raga-evolution. I had learned from different professionals as well as amateurs, composers as well as virtuosos. I had waded through books and treatises suggestive as well as pedantic. I had grown in my love of our beautiful art, but had begun to outgrow the superstitions that had marred its core of loveliness and vision. An intuitive perception of the inner reality—a half-formed sense of the necessity of sifting out gravel from gold-dust was crystallising out. Yet the sense of discrimination was far from luminous so that my mind was in a peculiarly receptive state for illumination. I indulge this luxury of a retrospect not for the mere fun of living the past over again. I limn my groping state as typical : of the majority of bourgeois amateurs' pilgrim seeking : sincere, yet not surefooted. The soul had put out its boat of adventure for the shores of knowledge, but got stranded often enough on shoals of dogma. I found myself frequently rudderless in the wordy typhoons that raged round about the distraught seeker.

It was at this psychological juncture that I met the man whom I at once thrilled to—hailing him as the Man of Destiny in our Renaissance of Music—the one man who had seen effulgence where the rest of us chased after glimmers in the dim twilight of our musical consciousness.

Then I left for Europe—where I acquired a smattering of European Music. This did indeed interest me but failed to hold my soul in thrall. My die had been cast : my heart had been surrendered *in toto* to Indian music—the classical music. The rudiments of European music learnt in England and on the Continent did, unquestionably, stand me in

* Reprinted from Triveni (a South Indian monthly) February, 1937, I thank the Editor Mr. K. R. Rao for his Kind permission.

Dilip kumar Roy.

good stead in that it showed up at once the greatness and deficiency of our music. For instance, it showed up our backwardness in harmony as well as our evolution in melody. But when all was said, I thirsted still for sure knowledge. And I cast back, again and again, longing if not lingering looks on the one man I had met for a few minutes in Benares who only, I felt, could give me the initiation I still hungered after.

And he did : about seven years later. I had returned home, after a three and a half years' stay and tour in Europe, in 1922 to renew my contacts with our musicians. But I never forgot Punditji. His mystic radiant face haunted me like to fugitive musical phrases standing out warm and clear in the clangour of the work-a-day world, as do sudden sun kissed peaks in the mists of amorphous clouds. In fact I had become his disciple already—in my heart of hearts—although he must have forgotten a mere stripling he had run across for an odd hour or so at Benares before whom he had, with his matchless courtesy and musical fire, tentatively set forth some of his theories and classifications of the Raga music. He knew the art of wakening the sleeping adult in the juvenile.

I met him next in 1923 in Bombay in his cosy little room overlooking the sea on the Malabar Hill. He accorded me the same cheery welcome. The old man treated youth as old men seldom do in our country : as his equal. I flattered myself in the vanity of youth : I wanted to 'discuss things' I said so with a consequential air. "Splendid," he smiled, "pray be seated."

I did, but only to find myself in strange waters—in a few minutes. Hardly had a quarter of an hour elapsed before I found myself utterly beyond my depth. I realised, once more, what a hopeless nincompoop I had been to have taken the wise man at his word and sat down splendiferously to 'discuss' our music with him. I should have bowed then and there and owned that I had come to *learn*, to *imbibe*. For *my* role was to ask : *his*—to give. But curiously, I was half-amused to notice the confoundedness of the vain part of my nature—the part that so often got the better of the other part—the one that was loth to flourish its raw 'opinions,' albeit eager to form the basis of knowledge on which to build them. Hence I was partially amused also at his kindly, if a wee bit overt, enjoyment of my discomfiture when he placed me under his mischievous ordeal of cross-examination. The old man had a Socratic vein for mischief—delightful yet none the less disconcerting to his disciples or, more accurately, would-be disciples. I came back to my flat a sadder though a wiser man.

But Punditji's laughing in his sleeves had a charm all his own. I will relate in due course an anecdote or two of this side of his personality, if only to illustrate his elfin genius for mock-gravity—which I had then recorded. But let me now resume where I left off.

The next day I went to him again. This time I approached him with a chastened humility and took copious notes. Henceforward I always did. It was tacitly understood that I had become his pupil. Sometimes, naturally, I could not quite catch his drift. Then I felt a sort of secret animosity. But he quickly appeased me with a kindly laughter backed up by a restatement of his position. I could not but feel then by way of consolation, shall we say :

The Pupil might be dense, but his
Good Master was a Socrates !

Of music, I should have added, of course.

This is not an over-statement ; for one thing I was not among his regular pupils that I should have any selfish motive in extolling my master. I hummed he was a Socrates in music as none who knew Punditji well could doubt it for a moment. First, because he was a rationalist *par excellence* in music. Secondly, because he knew what he was talking about. Thirdly, he never talked or theorised where he was not sure of himself. And lastly —oh, how exhilarating were his succinct, suggestive explanations ! What a contrast between this master teacher and the wordy commentators, the highbrows ! My father (the famous poet and satirist, D. L. Roy of Bengal) had once written about a religious savant Chandicharan (I translate from his Bengali comic song) :

Chandicharan was an august savant : for, you see,
When *he* explained the sacred lores—white daylight itself seemed
Black as night, and lo, he lectured with such subtlety
That butter felt like brick which hurt till the hero of heroes screamed.

ধ রা ব ন্       ধ ন টু টি'      চ লে অ ভি       সা - রী -       ছা য়া চু ম্       বি ত ত মী
শো ক ত টি      নী র বু কে      দে হে র খে      য়া - রে -       বা হি তে শি     খি য়া ধা ও
```

+	৩	০	১	+	৩
না র্সা র্নদা -া	পা -া -া -া	দা দা দা দা	-া দা দা -া	পা -া দপা দা	পা -া মা মগা
ত ট কো -	ছো - - ড়	ন ব প্র ভা	- ত লা -	লী - কে -	স ন্ মু খ
চ লা - না	সী - খো -	জ ল দ ক	টে - ঙ্গে -	দি ন অ ব	উ ন্ কো -
ত ট প রি	হা - রি, -	র ক্ ত ন	বী ন উ ষা	স্ব প্ নি মা	পু রো ভা গে
ব রি, দু রা	শা - বে -	ফা টি বে অ	চি বে য ত	ঝ ন্ ঝা তু	ফা ন য বে

০	১	+	৩	০	১
মা ণা -া দা	পা -া মা পা	গমা গা ঋা সা	সা ঋা গা মা	পা ণা দা -া	পা মা মা পা
চ ঢ়া - রে	চি ট্ টা -	পা - - ল	দে - খো -	ন ভ লো -	চ ন হ য়
ক্যোঁ - দে -	তে - হো -	টা - - ল	দে - খো -	ন ভ লো -	চ ন হ য়
মে লি য়া শু	ভ্ র হি য়া	পা - - ল	পূ র বে	অ ম্ ব র	আঁ খি হ য়
নী লি মা না	বি ক ধ রে	হা - - ল	পূ র বে -	অ ম্ ব র	আঁ খি হ য়

+	৩	০	১	+	৩
গমা -া -া -া	-া -া -া -া	II সা ঋা -া গা	মা -া মা মা	মা -া মা পা	গমা -া -া -া
লা - - -	- - - ল	হ মে - ন	হী - ধ ন	দ ও ল ত	আ - - শ
		মি টে ছে আ	মা র ধ ন	স ম্ প দ	আ - শা -

০	১	+	৩	০	১
মা -া দা -া	দা দা দা দা	পা -া দা -া	পমা -া -া -া	মা ণা -া দা	দা -া দা দা
হ য় স্ব চ্	ছ ন্ দ হ	মা রা -	হা - - স	বি ঝা - ন	হী - স ক্
আ জি স্ব চ্	ছ ন দ বে	মো র হা সি	ভা - ষা -	মো হি তে আ	মা রে না রে

+	৩	০	১	+	৩
পা -া দপা দা	পা মা মা গা	মা পা মপা দা	পা -া মা পা	গমা গা ঋা সা	মা ঋা গা মা
ভা - হ য়	হ ম কো -	জ গ মা -	যা - কা -	জা - - -	- - - ল
রা ঙা আ স	ঙ্ গে য ত	জ টি ল জ	গ ত মা য়া	জা - - -	- - - ল

শরণাগত

(ভৈরোঁ—ত্রিতালী)

[লঘুগুরু ছন্দ]

নিখিল শরণ কমল-চরণ
জীবন মম যাচে :
শ্যামল, তব রূপ-বিভব
চিন্ময়-ঘন সাজে।
ভাঙি' মোহ-স্বপন রাতি
এস তপন-কিরণ গাঁথি

প্রেম-পরশ নির্ঝর-রস
ঢালো গহন মাঝে।
করি' মন্থিত মন গোপন
আন অতল শুভ্র রতন
সার্থক কর' অন্তরতর,—
রাখো তব কাছে। (নীরদবরণ)

সুর ও স্বরলিপি—সাহানা [পণ্ডিত ভাতখণ্ডের পদ্ধতি অবলম্বনে

০	১	+	৩	০
II { গমা গমা পা পা	র্নদা র্নদা পা -া	মপা মপা মা গা	মঋা -া মগা মা	মপা া পমা মা
নি খি ল শ	র - - ণ	- ক - ম - ল চ	র - - ণ - -	জী - - ব - ন

১	+	৩	০	১
গা মা গা ঋা	মগা পা মা গা	মা ঋা সা -া }	সন্া সা মগা গা	মা -া মা -া
ম ম যা -	- - - -	চে - - -	শ্যা - ম ল	ত - ব -

\+ ২ ০ ১
মদা -া পদনর্সা -া | নর্সা নদা পা মা | মগা মা মণদা ণদা | পা -া পা -া |
রূ - প - - বি ভ ব - চি ণ্ ম - য় - ঘ - ন -

\+ ৩ ০ +
পদা মপা দদা পমপা | মা -া -া -া | মা -া গা গপা | মগা মা গা ঋা |
সা- - - - - জে - - - জী - ব ন - ম ম যা -

\+ ৩
মগা মা -া -া | মা ঋা -া সা | II
\- - - - চে - - -

০ ১ + ৩ ০
{মা -া পা -া | ণদা ণদা না -া | দনা র্সা র্সা নর্সা | র্সা নর্সা র্সা -া | সর্ঋা -া র্গা মর্গা |
ভা - ঙি' - মো - - হ্ - স্ব - প ন - রা - তি - এ - - স ত -
ক - রি' - ম - ন্ থি ত ম - ন - গো - প ন আ - ন অ -

\+ ৩
১ [র্সর্ঋর্গ মর্পা | মর্পা মর্গা র্মা গর্মা মর্ঋা -া র্সা -া |]
র্গর্ঋা -া র্সা -া | পদা পদনা র্সর্ঋা র্সা | নদা -া পা -া | } মা গমা ঋা -া | ঋা ঋা সা -া |
প - - ন - কি র - - ণ গাঁ - থি - প্রে - ম - প র শ -
ত - ল - শু - - ভ্র র ত ন - সা - র্থ ক ক - র, -

\+ ৩ ০ ১ +
সদা -া ন্া সা | গঋা -া সা -া | সন্া সা মগা মা | মা মা পা পমা | মদা -া -া -া |
নি র্ ঝ র র - - স - ঢা - লো - গ হ ন - মা - - -
অ ন্ ত র ত - - র - রা - খো - ত - ব - কা - - -

৩ ০ ১ + ৩
পদা নর্সা ঋর্সা নর্সা | ণদা -া দা পা | মগা মা গা ঋা | মগা মা -া -া | মা ঋা -া সা | II
ঝে - - - - জী - - ব ন ম - ম যা - - - - - - চে - - -
ছে - - - - " - " " " " " - - - - - - " - - -

ভৈরোঁ বা তোড়ি রাগের ভাবানুষঙ্গ জড়িত উদয়গোধূলির সঙ্গে, যেমন পুরবীর বা পুরিয়ার ভাবানুষঙ্গ—অস্তগোধূলির সঙ্গে। এ-রকম রাগ খুব বেশি নেই। অন্তত আজকের যুগে না। কারণ যদিও ভৈরোঁ আশাবরী প্রভৃতি প্রভাতী রাগ ব'লে খ্যাত তবু রাতে এসব রাগ শোনার অভ্যাস যে আমাদের নেই তা নয়—বিশেষত ভৈরবী। তাই ভৈরবী রাতেও ভালো লাগে—দিনেও মধুর লাগে এ আমরা বহুবার দেখেছি। কিন্তু ভৈরোঁ শুনলেই, কেন জানি না, উদয়গোধূলির কথা মনে হয় আমাদের। দ্বিজেন্দ্রলালের "প্রণয় উচ্ছ্বাসি" ভৈরোঁটি তাঁর উদাত্ত মনোহর কণ্ঠে ভোরবেলায় শুনতে এত ভালো লাগত যে, বলতে পারি না। মনে হত: এর কোমল ঔদার্যের সঙ্গে কেমন যেন নিশান্তের প্রসন্ন অথচ নরম লাবণ্যের একটা সহজ মিল আছে। হারীন্দ্রনাথের "তরুণ অরুণসে" ভৈরোঁর সম্বন্ধেও ঐ কথা। তাই "বেলা গেল তোমার পথ চেয়ে" বা "আই সাঁঝ কি বেলা" যেমন বিশেষ ক'রেই পুরবী সুরের উপযোগী মনে হয়, তেম্নি "প্রণয় উচ্ছ্বাসি" ও "তরুণ অরুণসে" গান দুটি বিশেষ ক'রে সকালবেলার ভৈরোঁ রাগের জন্যেই রচিত ব'লে মনে হয়। বিশেষ বিশেষ লগ্নে বিশেষ বিশেষ রাগ গাওয়ার আইডিয়ার পিছনে আমাদের হৃদয়ের রাগলোকের কিছু অনুমোদন অন্তত ছিল—যদিও অন্যসব ক্ষেত্রের মতন এক্ষেত্রেও বাড়াবাড়ি হয়েছে তো বটেই। আর এ-যুগে এ-ধরণের সেকেলে বাড়াবাড়িতে মনে স্বতই বিদ্রোহ ক'রে ওঠে। এই জন্যেই, মনে হয়, কৃষ্ণধনবাবু কোনো রাগ তার নির্দ্দিষ্ট সময়ে ছাড়া গাওয়া উচিত নয় এ-বিধি মানতে রাজি নন—আদৌ। মানতে আমরাও কেমন যেন স্বভাবতই একটা

প্রবল কুণ্ঠা বোধ করি। কারণ, বলাই বেশি, এ-ধরণের কথার স্বপক্ষে প্রত্যক্ষ যুক্তি মজুদ নেই। তাই কৃষ্ণধনবাবু বলছেন : "রাগরাগিণী সকল দিনরাতের এক এক নির্দ্দিষ্ট সময়ে গান করার বিধি যে নিতান্ত কাল্পনিক, তাহা বিবেচক ব্যক্তি মাত্রেই স্বীকার করেন।" এ-কথা তাঁর মতন শ্রদ্ধেয় বিশেষজ্ঞ বললেও মেনে নেওয়া মুস্কিল এইজন্যে যে, আর একজন প্রায় সমতুল্য বিশেষজ্ঞ ও বিবেচক পণ্ডিত ভাতখণ্ডে প্রবলভাবে উলটো মত—অর্থাৎ সনাতন মত পোষণ করেন। প্রায় বললাম এই জন্যে যে, কৃষ্ণধনবাবুর সঙ্গীতে ভুয়োদর্শন পণ্ডিতজীর চেয়েও বেশি ছিল তিনিও শুধু একাধারে গায়ক ও বাদক ছিলেন ব'লেই না—তাঁর ছিল য়ুরোপীয় সঙ্গীতেও অসামান্য ব্যুৎপত্তি ও বাঙালি ব'লে স্বভাবসিদ্ধ কল্পনাশক্তির বিশালতা। কিন্তু সে কথা থাক। পণ্ডিতজীর মতে যে-যে রাগ যে-যে সময়ে গাওয়ার বিধি আছে তা বৈজ্ঞানিক অর্থাৎ ভৈরবী রাত্রে গাইলে তেমন জমবে না, বেহাগ দিনে গাইলে তেমন ভালো শোনাবে না। এ-কথা বিশ্বাস করা আমাদের পক্ষে মুস্কিল এইজন্যে যে, কতিপয় রাগের ক্ষেত্রে এ-কথা সত্য ব'লে মনে করা গেলেও অনেক রাগের ক্ষেত্রেই এ যুক্তি পাকা নয়। যথা মালকোষ, বিলাবল, কানাড়া, ভৈরবী, খাম্বাজ প্রভৃতি অনেক রাগই সব সময়েই আমাদের সমান ভালো লাগে এ আমরা দেখেছি, বেহাগও দিনে গাইলে বেশ লাগে এ-ও পরীক্ষা ক'রে দেখেছি। যদিও রাতেই একটু বেশি ভালো লাগে এ-কথা বোধহয় বলা চলে। তাছাড়া কৃষ্ণধনবাবুর এ-যুক্তি খণ্ডন করাও কঠিন যে, "রাগের সহিত সময়ের যে কোনো সম্বন্ধ নাই—যে-সকল প্রাচীন সঙ্গীতগ্রন্থকার রাগাদির নিরূপণ করিয়াছেন, তাঁহাদেরই মধ্যে মতের ঘোরতর অনৈক্যই উহার প্রমাণ। 'সঙ্গীত পারিজাতে' ভূপালী প্রাতে ও ভৈরবী সর্ব্বদা গাইতে বিধি আছে···কোনো মতে ললিত রামকেলি তোড়ি সায়ংকালে গাওয়ার বিধি আছে।" ব'লে তিনি উদ্ধৃত করেছেন :

> "ছায়া গৌড়ী তথা চান্দ্রা ললিতা চ তথা মতা
> মল্লারিকা তথা ছায়া গৌরী তু তোড়িকাহ্বয়া (রাম কিরিও)
> সায়মেথান্ত গানেন মন্তীং শ্রিয়মাপ্নুয়াৎ।" (সঙ্গীতসার সংগ্রহ)

ফ্যাসাদ বৈকি। কেননা who shall decide when doctors disagree? এসব টেকনিকাল সমস্যার নিষ্পত্তি করা মুস্কিল আরও এই জন্যে যে, এধরণের বিধিবিধানের কতখানি যে অভিজ্ঞতার সায় পায় কতখানি পায় না তা ঠাহর করা প্রায় অসম্ভব। এরূপ ক্ষেত্রে তাই কেবল বহু রসজ্ঞের অভিজ্ঞতার statistical সাক্ষ্য মিলিয়ে দেখলে তবেই এসব ব্যাপারের কিনারা হওয়া সম্ভব। যদিও বলা দরকার যে, এ-ও সহজ বা সুসাধ্য হবে না। কেননা বহু লোকের ভোট নিলেও কার কোন্ রাগ কতটা অভ্যাসবশে ভালো লাগছে কতটা নিছক নিরপেক্ষ রসবোধের সাক্ষ্যে তারও নিশ্চিত কোনো হদিশ পাওয়া সহজ নয়। মনে করুন "ভারতের দক্ষিণ-প্রদেশে" যেখানে "ইমন প্রাতে ও ভৈরবী রাত্রে গাওয়ার প্রথা" (কৃষ্ণধনবাবু লিখছেন) সেখানে যদি স্ট্যাটিস্টিক্‌স্ নিতে যাওয়া যায় তবে তারা যে বলবে ইমন প্রভাতী রাগ ও ভৈরবী নৈশ রাগ এটা সহজেই অনুমান করা যায়। এ আমাদের অনুমানও নয়। আমি ভুক্তভোগী। একটা ঘরোয়া উদাহরণ দেই কারণ উদাহরণটি বিশেষ চিত্তাকর্ষক : দ্বিজেন্দ্রলালের সঙ্গে তাঁর প্রতিভাবান তীক্ষ্ণধী বন্ধু ৺লোকেন্দ্রনাথ পালিতের প্রায় তর্ক হ'ত। লোকেন্দ্রবাবুর মতন রসজ্ঞ ও মনীষী জগতে বিরল—রবীন্দ্রনাথও বলেন। (লোকেন্দ্রবাবুর সম্বন্ধে কবির শ্রদ্ধা যে কত গভীর ছিল তা তাঁর জীবনস্মৃতি দ্রষ্টব্য) এখন, লোকেন্দ্র পালিত বলতেন (সে-তর্ক আমি বহুবার শুনেছি স্বকর্ণে) : "দ্বিজু, তুমি বলছ : তোমার ভৈরোঁ রাগ সকালে বেশি ভালো লাগে, পুরবী—সন্ধ্যায়। আমি বলব সে তুমি অভ্যাস করেছ ব'লে। আমি এ-অভ্যাস করিনি : আমার ভৈরোঁ রাত্রেও সমান মিষ্ট লাগে। তুমিও যদি কিছুদিন অভ্যাস করো তাহ'লে দেখবে পুরবী দিনে ও ভৈরোঁ রাত্রে তোমারও আমারই মতন সমান ভালো লাগছে।" ব'লে তাঁর স্বভাবসিদ্ধ রসিকতার সঙ্গে হেসে বলতেন : "তুমি অসামান্য স্রষ্টা মানি—কিন্তু আমিও একটা কেও-কেটা শ্রোতা তো নই—জানোই।" মহা বিপদ। এঁরা ও দুজনেই মনীষী—রসজ্ঞ বৈ কি। অথচ এঁদের মত একেবারেই অহিনকুল। আমি এ উদাহরণ দিলাম একটু বেশি ক'রেই শুধু দেখাতে—যে, সমস্যাটা দেখতে যত সহজ আসলে তত সহজ নয়। অথচ তবুও, কি জানি কেন, মনে হয় প্রতি রাগরাগিণীর সময় নির্দ্দেশ করার এই যে-প্রথা ছিল, সেটা হয়ত সম্পূর্ণ কাল্পনিক ছিল না। কারণ একেবারেই অকারণ এ-ধরণের একটা ব্যাপক ও বহু-রসজ্ঞের-অনুমোদিত প্রথা গ'ড়ে ওঠে মানতেও একটু বাধে—বিশেষত যখন দেখি আধুনিক মনেও এ-আইডিয়লজির প্রভাব এত বেশি। অবশ্য এ-আইডিয়লজির পিছনে-যে আগেকার দিনে ঠিক কী ধরণের আন্তরিক অনুভবের স্বাক্ষর ছিল তা আজকের দিনে নিশ্চিত ক'রে বলা মুস্কিল—প্রায় অসম্ভবের কোঠায়—যেহেতু আমাদের সঙ্গীতের ঐতিহাসিক দলিল দস্তাবেজের প্রায় সব স্বাক্ষরই আজ ঝাপসা হ'য়ে গেছে, এত ঝাপসা যে এ সব তর্ক নিয়ে দ্বন্দ্ব ক'রে কোনো কূল-কিনারা হবার সম্ভাবনা খুবই কম। তাই এ যুগে কর্ত্তব্য—আমাদের মনে হয়—যতটা পারা যায় মনকে খোলা রেখে ও চিত্তকে দরদী রেখে গান শোনা, অবহিত হ'য়ে শ্রদ্ধার সঙ্গে ভেবে দেখা—কোথায় কোন্ থিওরির পিছনে সত্য আছে। প্রাচীন অনেক প্রথার মধ্যেই কুসংস্কার ছিল ব'লে তাদের ভিতরকার সত্যকেও অনাদর করা চলে না। ঢাকে ফুটো

হয়েছে ব'লে নিরপরাধ ঢাকীকেও তার সাথে বিসর্জন দিলে লাভের চেয়ে লোকসানই হবে বেশি। তাই যতটুকু পারি সত্যটুকুকেই রাখবার চেষ্টা করা উচিত মিথ্যা বাদ দিয়ে। কারণ সত্য যা কিছু তাকে চিনতে হ'লে চাই শ্রদ্ধা। এই জন্যেই ভৈরোঁ-বর্গীয় সুরের প্রভাতী রস তথা পুরবী-বর্গীয় সুরের সান্ধ্যরস সম্বন্ধে এত কথা বললাম—এ-আলোচনা প্রায় বন্ধ্যা জেনেও। বিচার খুব ভালো কথা—কিন্তু সে-বিচার শ্রদ্ধার সঙ্গে হওয়া দরকার। প্রত্যেক রাগ-রাগিণীর উপযোগী সময় আছে এ থিওরির মধ্যে কতখানি সত্য আছে না আছে তার বিচার হওয়া দরকার খোলা মনে সজাগ বুদ্ধি দিয়ে বটে কিন্তু আন্তরিক শ্রদ্ধার সঙ্গে এ-ও নিশ্চয়। কেননা রাগরাগিণীর সময়-নির্দ্দেশের এ থিওরি ভারতীয় সঙ্গীত ছাড়া অন্য সঙ্গীতেই নেই এবং এর পিছনে অনুভবের সূক্ষ্মতার, ভাবের আদর্শবাদের একটা অপরূপ স্বকীয় মহিমার আভাষ মেলে না কি? আর একটা মাত্র দৃষ্টান্ত দেই অনুভবের লালিত্য বলতে কী বুঝছি সেটা বিশদ করতে। স্বয়ং রবীন্দ্রনাথই তাঁর 'সঙ্গীতের মুক্তি' প্রবন্ধে বলছেন: "ভৈরোঁ যেন ভোর বেলাকার আকাশেরই প্রথম জাগরণ···মুলতান যেন রৌদ্রতপ্ত দিনান্তের ক্লান্তিনিশ্বাস···পুরবী যেন শূন্যগৃহচারিণী বিধবা সন্ধ্যার অশ্রুমোচন।" বেশ বোঝা যায় এই সব রাগের সঙ্গে তাদের প্রাহরিক ভাবানুষঙ্গের রস তিনি গভীরভাবেই বোধ করেছেন—দিনের নানা প্রহরের রসের সঙ্গে অন্তত কোনো কোনো রাগিণীর রসের মিতালিতে সায় দিয়েছে তাঁর রসজ্ঞ মন। রবীন্দ্রনাথের মতন ভাবুক মুক্তমনা মনীষীর এ-এজেহার যে অত্যন্ত মূল্যবান্ একথা বলাই বেশি। যদি বলা যায় এ-ও তাঁর শুনে শুনে অভ্যাস হ'য়ে গেছে ব'লে হয়েছে—অর্থাৎ ভাবানুষঙ্গ—তাহ'লে স্বতই প্রশ্ন ওঠে: যে-ভাবানুষঙ্গে এমনভাবে সুকুমার রস গ'ড়ে ওঠে, অনুভব নিবিড় হওয়ার সহায়তা করে তার মধ্যে সার না থকে কি পারে? কারণ, মনে রাখতে হবে ভৈরোঁ পুরবীর সঙ্গে উষা সন্ধ্যার এই ভাবানুষঙ্গে রস পেয়েছেন ব'লেই তিনি "তিমিরদুয়ার খোলো" ভৈরোঁ রামকেলিতে রচেছেন, "বেলা গেল তোমার পথ চেয়ে"—পুরবীতে, যার ফলে এ দুটি রাগে উষার ও সন্ধ্যার রসের একটা নিটোল ভাব গ'ড়ে উঠেছে একাঙ্গী হ'য়ে। দ্বিজেন্দ্রলালের "কোথা যাও হে দিনমণি আমায় সঙ্গে নিয়েযাও ভাই" পুরবী গানটিরও ভাব অনুধাবনীয়। সন্ধ্যার অশ্রুমুখী ম্লানিমার সঙ্গে এর সুর তথা ভাবের সমন্বয় হ'য়ে কাব্যে ও সঙ্গীতে এ মনোহর হ'য়ে উঠেছে। যদি ভাবানুষঙ্গই এর মূল কারণ হয় তাহ'লে বলা যায় না কি যে রসসৃষ্টিতে এ-ধরণের ভাবানুষঙ্গ মঞ্জুর? অন্ততঃ যাঁদের অনুভব একে মঞ্জুর করে তাঁদের রায়কে উপেক্ষা করতে তো পারি নে। দ্বিজেন্দ্রলালের "এখনো তপন উঠেনি গগনে পূরবভাগে" ব'লে একটি অতি সুন্দর গানে এম্‌নিই সুষমিত হ'য়ে উঠেছে তোড়িতে উষার নানা মাধুর্য্যে যেন—নিশান্তে ধরণীর ঘুমভাঙার সুর···নব আগমনীর প্রতীক্ষার সুর। তোড়ি এই ঘুমভাঙানিভাবে বোধহয় সবার সেরা রাগ।

কিন্তু মুস্কিল এই যে সব রাগিণীর বেলায় দিনের নানা প্রহরের এমনধারা কোনো প্রবল ভাবানুষঙ্গও গ'ড়ে তো কই উঠল না। কিম্বা একদিন উঠেছিল আজ অনাদরে অনভ্যাসে গেছে সে নিবিড়তা ফিকে হ'য়ে। জানি না। তবে এটুকু জানি যে অধিকাংশ গানের সঙ্গে দিনের নানা প্রহরের কোনো সম্বন্ধই আমরা আর অনুভব করি নে। সিন্ধুর সঙ্গে দিনের কোন্ প্রহরের ভাবানুষঙ্গ নজির না দেখে কে বলতে পারেন? খাম্বাজের সঙ্গে কোন্ প্রহরের? শঙ্করার সঙ্গে কোন্ প্রহরের? পরজের সঙ্গে? হাম্বীরের? ছায়ানটের? কামোদের? অবশ্য শাস্ত্রের নজির দিয়ে সময় নির্দ্দেশ ক'রে দেওয়া যায় সহজেই। কিন্তু অভিজ্ঞতা সে সব সময় বিধানে সায় দেয় কি না খুব সন্দেহ আছে। আর তা যদি না থাকে তাহ'লে পুঁথিগত বিধান মেনে সেই পথে প্রহরের সঙ্গে রাগের রস জড়িয়ে কখনই গানের রস গভীরতর করা যাবে না। যে-বিধান, যে-নজির যে-সংযমের স্বপক্ষে অভিজ্ঞতার—এক্সপীরিয়েন্সের—কোনো সাক্ষ্য নেই তাকেই না বলা হয় মনগড়া fanciful, arbitrary; একথা বলাই বেশি যে আজকের দিনে বহু সাঙ্গীতিক বিধিবিধান কোডডগমাই এই শ্রেণীর মনগড়া নীতি। সেইজন্যেই আরো মুস্কিল হয়েছে তুষ থেকে ধান চিনে নেওয়া। কেন না মার্গ-সঙ্গীতের সব বিধানই তুষ ছিল না।

একটু বেশি হ'য়ে গেল এ-আলোচনা। কিন্তু এ-তদন্ত অতি চিত্তাকর্ষক—হিন্দুসঙ্গীতের বিচারে। এর জন্যে আরো অনুধাবন ও সশ্রদ্ধ আলোচনের প্রয়োজন তাই আছে। সেই জন্যেই নিষ্পত্তি নেই জেনেও এ-তর্কের অবতারণা ক'রে রাখলাম—এদিকে সঙ্গীতজ্ঞ সুধীর দৃষ্টি আকর্ষণ করতে। আর বলাই বেশি যে টেকনিকাল বিচারের জন্যেই এ-কচকচি তুলি নি – তুলেছি রসের আদর্শের দিকে লক্ষ্য রেখে। কেন না, প্রমাণ করতে না পারলেও, কেমন যেন মনে হয় যে একদা সময়ের সঙ্গে রাগরাগিণীর ভাবানুষঙ্গ গ'ড়ে তোলার পিছনে কোনো একটা গভীর সুরবোধের সম্বন্ধ ছিল।

এবার বাস্তব ভূমিতে নামা যাক। ভৈরোঁ সুরের আরোহ অবরোহ: স ঋ গ ম প দ ন র্স, র্স ন দ প ম গ ঋ স। পণ্ডিতজীর মতে কোমল ধৈবত এর বাদী সুর, কোমল রেখাব—সম্বাদী। পশ্চিমের ওস্তাদরা সাধারণত ভৈরোঁতে কোমল নি দেন না—কিন্তু একথা নিশ্চয় যে কোমল নিখাদ দিলে ভৈরোঁ মিষ্টতর হয়। ৺সুরেন্দ্রনাথও দিতেন। বাংলায় ভৈরোঁতে প্রায় দুই নিখাদই লাগে সচরাচর, বিশেষ—মিড়ে। ৺রাধিকাপ্রসাদের কাছে "লম্বোদর গজানন"

নামক যে-বিখ্যাত ভৈরোঁ চৌতাল শিখেছিলাম তাতেও কোমল নি লাগত। বামাচরণবাবুর কাছে আলিবক্সের ঘরের "ভোর ভৈলি চিড়িয়া বোলন লাগি" নামে যে অপূর্ব্ব মধুর ভৈরোঁ আমি শিখেছিলাম তাতেও কোমল নি লাগাতেন তিনি—মিড়ে। সচরাচর এ-কোমল নিখাদ গ ম প ণ দ প এই ঢঙে লাগে অতি মোলায়েম মিড়ের ঢঙে। দ্বিজেন্দ্রলালও এই মিড়ের ঢঙেই কোমল নি ব্যবহার করতেন প্রণয় 'উচ্ছ্বাসি' গানটিতে। এই সব কারণে আমরা ভৈরোঁতে সর্ব্বদাই কোমল নি ব্যবহার করা বাঞ্ছনীয় মনে করি। ভৈরোঁ শ্লথগতি রাগ, মিড়ের কাজ এতে অত্যন্ত বেশি, স ঋ গ ম এতেও মিড় খুব বিলম্বিত ভাবেই লাগে। এ না লাগলে ভৈরোঁর প্রভাতী রসটি ফোটে না তেমন। জলদ ভৈরোঁও শোনা যায়—কিন্তু মনে হয় তাতে গুরুচণ্ডালী দোষ হয়, যেমন খুব ঠায়ে সোহিনী গাইলেও হয়। কারণ ভৈরোঁ পুরবী ধরণের উদাস সুর জলদ লয়ে গাইলে রসভঙ্গ হয়ই। দৌলতরামের কাছে "পিয়া মিলনকে" ব'লে একটি জলদ ভৈরোঁ শিখেছিলাম। ভালো না।

পথ চেয়ে

(পুরবী—একতালা)

বেলা গেল তোমার পথ চেয়ে!
শূন্য ঘাটে একা আমি—
পার ক'রে লও খেয়ার নেয়ে॥

ভেঙে এলাম খেলার বাঁশি;
চুকিয়ে এলাম কান্না হাসি,
সন্ধ্যা বায়ে শ্রান্ত কায়ে
ঘুমে নয়ন আসে ছেয়ে॥

ওপারেতে ঘরে ঘরে
সন্ধ্যাদীপ জ্বলিল রে,
আরতির শঙ্খ বাজে
সুদূর মন্দির 'পরে॥

এসো এসো শ্রান্তিহরা!
এসো শান্তি-সুপ্তি-ভরা!
এসো এসো তুমি এসো
এসো তোমার তরী বেয়ে॥ (রবীন্দ্রনাথ)

পথ শেষে

(পুরবী—একতালা)

মালা গাঁথি তোমার পথ 'পরে।
নিদ্রাহারা নয়ন মেলি'
জেগে আছি তোমার তরে।

আশায় আকুল পরাণ ভরি'
ব্যাকুলতার কাঁপন ধরি'
মর্ম্মতলে কোন্ চেতনা
পরম ব্যথায় পরশ করে!

খেলার পথে চলার বেলা
খেলেছিলাম অনেক খেলা···
এখন যাচি জীবনে মোর
তব লীলার রঙীন মেলা।

এ-বিরহের বেদন শেষে
এসো এবার দাঁড়াও এসে···
এবার শুভ লগন খানি
যেন মিলন সুধায় ভরে। (নিশিকান্ত)

সুর রবীন্দ্রনাথ স্বরলিপি·· সাহানা

৩		০	১	+		৩	০
II {গা	ক্ষা পক্ষা গা।	ঋগা ঋা সা।	সন্া সন্া সা।	ঋগা গা }	-া।	গক্ষা পা পা।	পা পা -া।
বে	লা গে ল	তো মা র	প - থ	চে য়ে	-	শূ ন্ ন	ঘা টে -
মা	লা গাঁ থি	তো মা র	প - থ	'প রে	-	নি দ্ রা	হা রা -

১	+	৩	০	১	+
পক্ষা দপা ক্ষা।	গমা গা -া।	গা ক্ষগা ক্ষা।	পক্ষা গা ঋা।	গা ক্ষগা ক্ষা।	পক্ষা গা ঋা।
এ কা -	আ মি -	পা র ক'	রে ল ও	পা র ক'	রে ল ও
ন য় ন	মে লি -	জে গে -	আ ছি -	জে গে -	আ ছি -

৩	০	১	+
গা ক্ষগা ক্ষা।	পা পা না।	দা পা ক্ষা।	গক্ষা গক্ষপক্ষা। II
পা র ক'	রে ল ও	খে য়া র	নে য়ে
জে গে -	আ ছি -	তো মা র	ত রে

৩ ০ ১ + ৩ ০

{ া ঋগা গা | পক্ষা ঋধা -া | ধপা পর্সা -া | র্সনা ঋর্সা নর্সা | র্সা র্সা র্সা | র্সনা ধা -া |

০ ভে ঙে এ লা ম খে লা র বাঁ শি - চু কি য়ে এ লা ম

০ এ সো এ সো - শ্রা -ন্ তি হ রা - - এ সো শা ন্ তি

০ আ শার আ কু ল প রা ণ ভ রি' - - ব্যা কু ল তা র

০ এ বি র হে র বে দ ন শে ষে - - এ সো এ বা র

১ + ৩ ০ ১

ধা না ধনর্সা | ধনা ধপা ক্ষগা | } ঋগা ক্ষা গক্ষপা | পা পা -া | পা ক্ষা ধপক্ষা |

কা ন্ না হা সি - স ন্ ধ্যা বা য়ে - শ্রা ন্ ত

সু প্ তি ভ রা - এ সো - এ সো - তু মি -

কাঁ প -ন ধ রি' - ম র্ ম ত লে - কো ন্ চে

দাঁ - ড়াও এ সে - এ বা র শু ভ - ল গ ন

+ ৩ ০ ১ +

গমা গা -া | গা ক্ষা পনা | ধা পা -া | ক্ষা গা -া | গক্ষা গক্ষপক্ষা II

কা য়ে - ঘু মে - ন য় ন আ সে - ছে য়ে

এ সো - এ সো - তো মা র ত রী - বে য়ে

ত না - প র ম ব্য থা য় প র শ ক রে

খা নি - যে ন - মি ল ন সু ধা য় ভ রে

৩ ০ ১ + ৩ ০

গক্ষা গক্ষা পা | পা পা -া | পক্ষা ধপা ক্ষা | গমা গা -া | গা -া ক্ষা | গক্ষা পা ক্ষগা |

ও পা - রে তে - ঘ রে - ঘ রে - স ন্ ধ্যা দী - প

খে লা র প থে - চ লা র বে লা - খে লে - ছি লা -ম

১ + ৩ ০ ১ +

গক্ষা গক্ষা পা | গক্ষা গা গঋা | গা ঋগা -া | ঋা সা -া | ঋসা ন্া সা | ঋ গা -া |

জ্ব লি - ল রে - আ র - তি র - শ ঙ্ খ বা জে -

অ নে ক খে লা - এ খ ন যা চি - জী ব - নে মো র

৩ ০ ১ +

সা সপা -া | ক্ষা গা -া | গঋা -া গা | গঋা সা -া |

সু দূ - র ম ন্ দি - র 'প রে -

ত ব - লী লা র র ঙী ন মে লা -

অকেলা

(পুরবী—ত্রিতালী, ঢিমা)

[লঘুগুরু ছন্দ]

অব আই সাঁঝকী বেলা !
রাগরঙ্গ ঝমকট কছু নাহি···
হুয়া খতম অব মেলা !
গঁবা দিয়ে দিন ধীমে ধীমে···
নাহক নিষ্ফল তুচ্ছ হসীমে :
বহুৎ খেল তূনে খেলে—পর্
সঁচ্চা খেল ন খেলা !
যশকো তূমনে বহুৎ কমায়া ··
দিন রহতে—ধন বহুৎ জমায়া :
দিবস-অন্তমে কর হয় খালি···
এক ভি বচা ন ভেলা !
সাঁঝ গঈ···অব আঈ রাতি···
ন কোই সঙ্গী···ন কোই সাথী :
পথিকহীন পথ চলা হয় আগে···
তূ হী পথিক অকেলা। (হারীন্দ্রনাথ)

একেলা

(পুরবী—ত্রিতালী, ঢিমা)

[মাত্রাবৃত্ত ছন্দ]

আজ এল যে সাঁঝের বেলা !
রাগরঙ্গের জনতা নীরব ··
ভাঙিল মুখর মেলা !
দিনে দিনে দিন যায়·· কেটে যায়···
নিষ্ফল হাসি···তুচ্ছ কথায়···
খেলিলি কতই···শুধু হ'ল কই
সকল খেলার খেলা ?
আহরিলি যশ কত তুই, মন !
সুদিনে সঞ্চি' কত···কত ধন !
দিনান্তে কর খালি···ভিড়িল না
কূলে একটিও ভেলা।
সন্ধ্যাও যায়···আসে ঐ রাতি···
সঙ্গী কোথায় · কোথা তোর সাথী ?
পথিকবিহীন পথ চলে আগে···
পথিক তুই একেলা !··· (দিলীপ)

সুর ও স্বরলিপি—দিলীপ

০ ১ + ৩
সা ঋসন্। | II সা ঋা গা ঋগা | হ্মপা পা পহ্মা গা | গা -া গমপমা গমা | গা ঋা সা -া | I
অ ব আ - ই সাঁ - ঝ কী - বে - লা - - - - -
আ জি এ ল যে সাঁ - ঝে র - বে - লা - - - - -

০ ১ + ৩ ০
পা -া পা পা | -া পা পা পা | হ্মপা ধপা হ্মা পহ্মা | গা মা গা -া | গহ্মা গহ্মা না ধা |
রা - গ র ঙ্ গ ঝ ম ক ট ক ছু না - হি - হু য়া - খ
রা - গ র ঙ্ গে র - জ ন তা - নী - র ব ভা - ঙি ল

১ + ৩
পা হ্মপা গা মা | গা -া গমপমা গমা | গা ঋা সা -া | II
ত ম অ ব মে - লা - - - - -
মু - খ র মে - লা - - - - -

০ ১ + ৩
পা ধপা হ্মা পা | হ্মপা ধনর্সা র্সা র্সা | ঋা -া র্সা ঋর্সা | না -া র্সা -া |
গঁ বা - দি য়ে - দি ন ধী - মে - ধী - মে -
সাঁ - ঝ গ ঈ - অ ব আ - ঈ - রা - তি -
দি নে - দি নে - দি ন যা - য় কে টে - যা য়
স ন্ ধ্যা - ও - যা য় আ সে ও ই রা - তি

০ ১ + ৩
র্সা ঋা র্গা র্গা | ঋা -া র্সা র্সা | না র্সনা ধা পা | পহ্মপা গমা গা -া |
না - হ ক নি ষ্ ফ ল তু চ্ ছ হ সী - মে -
ন কো - ই স ঙ্ গী - ন কো - ই সা - থী
নি ষ্ ফ ল হা - সি - তু - চ্ ছ ক - থা য়
স ঙ গী কো থা - - য় কো থা তো র সা - থী

° ১ + ৩
গা ক্ষা গক্ষাপা পা | -া পা পা -া | পক্ষা পা মগা মা | গা -া গা গা |
ব হু ত খে - ল তু - নে - খে - লে - প র
প থি ক হী - ন প থ চ লা হ য় আ - গে -
দি ব স অ ন্ ত মে - ক র হ য় খা - লি -
খে লি লি ক ত - - ই শু ধু হ' - ল - ক ই
প থি ক বি হী ন প থ চ - লে - আ - গে -
দি না - ন্ তে - ক র খা - লি - ভি ড়ি ল না

° ১ + ৩
গক্ষা পা না -া | ধপা ক্ষপা গা মা | গমপমা গমা গা -া | মগা ঋা সা -া |
সঁ চ্ চা - খে - ল ন খে - লা - - - - -
তৃ - হী - প থি ক অ কে - লা - - - - -
এ - ক ভি ব চা - ন ভে - লা - - - - -
স ক - ল খে - লা র খে - লা - - - - -
তৃ - ই - প থি ক এ কে - লা - - - - -
কূ - লে - এ ক টি ও ভে - লা - - - - -

° ১ + ৩ °
ন্া সা ঋা গা | ক্ষা পা পা -া | ক্ষা ধা পা ধা | পক্ষা গা পা -া | পা না ধা র্সা |
ব শ কো - তু ম্ নে - ব হু ত ক মা - য়া - দি ন র হ
আ হ রি লি - - য শ ক ত তু ই - - ম ন সু দি নে -

১ + ৩
না ঋা র্সা র্সা | না র্সনা ধা পা | পক্ষাপা গমা গা -া |
তে - ধ ন ব হু ত জ মা - য়া - (ছন্দ হিসেবে "চলা হয়াগে পড়তে
স ন্ চি - ক - - ক ত - ধ ন হবে—ছন্দসন্ধি বলা হয় একে।)

বিমুগ্ধ

(পুরবী…ত্রিতালী)

[লঘুগুরু ছন্দ]

প্রভু বজয়ে রোহি মুরলী কি তান
জেহি সুনত ব্রজ গোপিন অর্প্যো তনু মন ধন অরু প্রাণ।
রহি জমুনা রহি বনসীবট হৈ নন্দগাম বরসান
পৈ মুরলীকী মধুর ছটা বিন ফীকো মদন মহান্॥ (মদনগোপাল)

সুর ও স্বরলিপি—সাহানা

° ১ + ৩
II সা ন্া | সন্া ঋা গা ঋা | গঋগা ক্ষপা পা -া | পা পা দক্ষা -া | গমা গা -া -া |
প্র ভু ব জ য়ে - রো- - হি - মু র লী- - কি- তা - ন

° ১ + ৩ °
ক্ষপা পা পা -া | পা পা পা পা | পদা ক্ষপা ক্ষগা -া | ন্া ঋা গা ক্ষা | পা দা না দা |
জে - হি সু ন ত ব্র জ গো - পি- ন্ অ র্ প্যো - ত নু ম ন

১ + ৩
পা ক্ষা গা মা | গমক্ষা গমগা ঋা গা | ঋা সা | II
ধ ন অ রু প্রা - - - - - - ণ্

° ১ + ৩ ° ১
{ গা গা গা গা | ক্ষা দা র্সা র্সা | র্সা -া র্সনা ঋা | র্সা র্সা র্সা -া | না ঋা গা গা | -া গঋা ঋা র্মা |
র হি জ মু না - র হি ব ন্ সী - ব ট হৈ - ন ন্ দ গা - ম ব র

\+ ৩ ০ ১ + ৩
নর্ঋা র্সা নদা পা | পক্ষা গমা গা -া | } পা -া পা পা | পা -া পা -া | পনা ঋর্া না দপা | ক্ষা গা মা গা |
সা - - - - - - - ন পৈ - মু র লী - কি - ম ধু র ছ টা - বি ন

০ ১ + ৩
গা ঋা গা -া | ক্ষাপদা ক্ষপা ক্ষগা গা | ক্ষাদনর্সা ঋনদনা দপদপা ক্ষাগমগা | সঋা সা | II
ফী - কো - ম - দ - ন - ম হা - - - - - - - ন্

পুরবী সম্বন্ধে একটু মতভেদ বেশি। অনেক গুণী এ-রাগ শুদ্ধ ধৈবত দিয়ে গেয়ে থাকেন, অনেকে—কোমল ধৈবত দিয়ে গেয়ে থাকেন, অনেকে আবার দুই ধৈবত দিয়ে। রবীন্দ্রনাথের বিখ্যাত "বেলা গেল তোমার পথ চেয়ে" গানটিতে দুই ধৈবতই বড় মনোহর ভাবে লেগেছে; হারীন্দ্রনাথের "আই সাঁঝকি বেলা" গানটিতে শুদ্ধ ধৈবত এবং মদনগোপালের সুন্দর "বজয়ে প্রভু মুরলীকি তান"-এ কোমল ধৈবত। এ-তিনটি সুরেই পুরবীর মূল উদাস করুণ সুরটি পুরবীর মর্ম্মস্পর্শী মিড় দিয়ে গেয়। পুরবীর সুরের সঙ্গে প্রদোষের শান্ত উদাস বিরহিণী সুরের ভাবানুষঙ্গ—association—অচ্ছেদ্যভাবে জড়িত—অন্তত অদ্যাবধি এ-ই হ'য়ে এসেছে। তাছাড়া এ-রাগের দুই মধ্যমের "chromatic descent" (অর্থাৎ প হ্ম ম গ ঢঙে আধ পদা ক'রে অবরোহ) এ-রাগটিকে বিশেষ মাধুর্য্য দিয়েছে। এ-ঢঙে এই ক্রোমাটিক অবরোহ প্রায় ছোট তানে বা মিড়যোগেই হ'য়ে থাকে। ৺সুরেন্দ্রনাথ "দিলির্‌যাঁকে গুণিজন গায়ে" ব'লে একটি অপূর্ব্ব পুরবী গাইতেন তাঁর অপূর্ব্ব ঢঙে এক বিচিত্র স্বরবিন্যাস লাগিয়ে যথা :

পা ক্ষা মা গা | গমা পমা গমা পমা | গমা পমা গা ঋা | সা -া -া -া -া |
গা - - - - - - - - - - - - - যে - - - - -

"আই সাঁঝকী বেলা" গানটিতে এ মনোহর সমিড় তানটি "বে——লা"র রেশে লাগানো যেতে পারে। তবে এ-ভাবে পুরবীর অবতরণ আর কোথাও হয় কিনা জানি না। যদি না হয়—নাই হ'ল—আমাদের রাগসঙ্গীতের লীলায়িত ভঙ্গিতে গাওয়ার এই-ই তো একটা মস্ত কথা যে, গুণী তান বিস্তারে শুধু সুরের বাহক বা ব্যাখ্যাতা (executant) নন—স্রষ্টা (creator)। এ-স্বাধীনতা আছে ব'লেই রাগ-সঙ্গীত সঙ্গীত-জগতে অদ্বিতীয় ও মহান্, রাগরাগিণীর মনগড়া শুদ্ধতা অশুদ্ধতা নিয়ে যে-কচকচি তার জন্যে তো আর আমাদের সঙ্গীত বড় হয় নি। আমার খেয়ালের অন্যতম গুরু বামাচরণবাবুর কাছে যখন আলিবক্স খাঁর "ধরানা খানদানী" (খেয়াল) পুরবী শিখতাম তখন তিনি বলতেন যে এই সব খাঁ খানানদের মতে ন্‌া ঋা গা না দিয়ে সা ঋা গা দিলেই "সব বরবাদ"—অর্থাৎ পুরবীর জাত গেল। এ কথা আমি মানি না। ৺সুরেন্দ্রনাথ কখন ন্‌া ঋা গা আরোহ অবলম্বন করতেন কখনো বা সা ঋা গা আরোহ অবলম্বন করতেন। স ঋ গ আরোহে পুরবীর শান্ত করুণ রসের কোনো ব্যত্যয় হ'তে যখন দেখিনি তখন খাঁ খানান আলিবক্স খাঁর হুকুম হ'লেও এ-ধরণের বিধিবিধান মানব কেন? রবীন্দ্রনাথ তাঁর বিখ্যাত "সঙ্গীতের মুক্তি" প্রবন্ধে যে-কথা লিখেছেন তার যৌক্তিকতা অস্বীকার করবে কে?—"হাল আমলে এ সমস্ত (ওস্তাদি) উৎপাৎ চলবে না। আমরা শাসন মানব, তাই ব'লে অত্যাচার মানব না। কেননা যে-নিয়ম সত্য সে-নিয়ম বাইরের জিনিস নয়, তা বিশ্বের ব'লেই আমার আপনার। যে-নিয়ম ওস্তাদের তা আমার ভিতরে নেই, বাইরে আছে; সুতরাং তাকে অভ্যাস ক'রে বা ভয় ক'রে বা দায়ে প'ড়ে মানতে হয়। এই রকম মানার দ্বারাই শক্তির বিকাশ বন্ধ হ'য়ে যায়। আমাদের সঙ্গীতকে এই মানা থেকে মুক্তি দিলে তবেই তার স্বভাব তার স্বরূপকে নব নব উদ্ভাবনার ভিতর দিয়ে ব্যক্ত করতে থাকবে।" (কবির "ছন্দ" পুস্তক দ্রষ্টব্য—১৯৮ পৃষ্ঠা)। কিন্তু দুঃখ এই যে, এসব স্বতঃসিদ্ধ কথা এখনো বলতে হয়। তবে বলতে যে হয় তার কারণ (কৃষ্ণধনবাবুর ভাষায়) : "বিশুদ্ধ সঙ্গীত জ্ঞানাভাবে লোকের সঙ্গীত বিষয়ে কুসংস্কার অনেক; এবং সেই জন্য সঙ্গীতব্যবসায়ী ওস্তাদেরাও যাহা ইচ্ছা তাহাই করিয়া থাকেন।" (গীতসূত্রসার, ১১ পরিচ্ছেদ) ওই ওস্তাদিপনা, দস্তুরবাজি, কালোয়াতির বিরুদ্ধে তাই আপত্তি অশ্রান্তভাবে বরাবরই করতে হবে শিক্ষিত সুকুমার সঙ্গীতামোদীদের নানা "কুসংস্কার" দূর করতে। নইলে ওস্তাদি গোঁড়ামি নাস্তানাবুদ হবে কেন?

পুরবীতে বাদী গান্ধার ও সম্বাদী নিখাদ ব'লেই প্রসিদ্ধি। আরোহ অবরোহ এইভাবে স ঋ গ হ্ম প, দ (অথবা ধ) ন র্স, র্স ন দ প (অথবা ধ) হ্মম গম গঋ সা। ক্রোমাটিকভাবে নৈলেও অবরোহ সহজভাবে করা যায় পহ্ম গঋা সা দুই ধৈবতের পুরবীতে আরোহে শুদ্ধ ধৈবত ও অবরোহে কোমল ধৈবত ব্যবহার করাই ভালো। এর অভিজ্ঞান বা পকড় : ন্ ঋ গ অথবা ন্ স ঋ গ ম গ ঋ স। বামাচরণবাবুর পুরবীর ঋ র চেয়ে পুরিয়ার ঋ আরও কোমল গাইতেন। সেভাবে গেয়ে দেখেছি পুরিয়ার রস বেশি মেলে। তাই পুরবীর ঋ-কে কোমল রেখাব ও পুরিয়ার ঋ-কে অতি কোমল রেখাব বললে হয়ত অসঙ্গত হবে না।

উদাসিনী

(আশাবরী—ত্রিতালী)

[লঘুগুরু ছন্দ]

তুমরী কারণ সব সুখ ছোড়্যাঁ—অব মৈঁ ক্যোঁ তরসারো ?
বিরহ-বিথা জাগে চিত-অন্দর—সো প্রভু আর বুঝারো।
অব ছোড়্যাঁ বন প্রভুজী মোহে চরণ কি পাস বুলারো :
মীরা দাসী জনম জনমকী চিত্তসুঁ চিত্ত লগারো
অঙ্গসুঁ অঙ্গ বুলারো। (৺মীরা বাঈ)

স্বর ও স্বরলিপি—সাহানা (পণ্ডিত ভাতখণ্ডের পদ্ধতিতে)

৩ ০ ১ + ॥ ২
II পদা মা পদা মপা | মজ্ঞা -া ঋা সা | সঋা মা পা পা | পর্সা ণর্সা ণদা পা | পদা মা পা -া |
তু ম রী- - কা- - র ণ স- ব সু খ ছো- - ড়্যা - অ- ব মৈঁ -

০ ৩ + ২ ৩
পদা পদণা দা পা | দা মা পদা মপা | মজ্ঞা -া মজ্ঞা -া | জ্ঞঋা ঋা ঋসা সা | সঋা মা পা পা |
ক্যোঁ - ত র সা - - - রো- - - - বি- র হ- বি- থা- - জা গে

৩ + ২ ০ ৩
ণদা ণদা ণদা -া | পা -া পমপা -া | সর্জ্ঞা -া জ্ঞর্ঋা ঋা | ঋর্সা -া সা র্সা | ঋণা -া ণদা -া |
চি- ত- অ- ন্ দ - র - সো- - প্র- ভু আ- রো -বু ঝা- - - -

+ ২ ০ ৩ +
পা -া দা মা | II { পমা মা পা মপা | ণদা -া ণদা -া | দর্সা র্সা র্সা -া | র্সা -া র্সা -া |
রো - - - অ ব ছো ড়্যাঁ ব- - ন- - প্র- ভু জী - মৈঁ - হে -

২ ০ ৩ +
ণদা দা দা দা | দর্সা -া র্সা র্সা | সর্জ্ঞা -া জ্ঞর্ঋা -া | র্সা ণর্সা ণদা পা | }
চ র ণ কী পা- - স বু লা- - - - - - - রো- -

২ ০ ৩ + ২
দা মা পদা মপা | মজ্ঞা -া মজ্ঞা -া | জ্ঞঋা ঋা ঋা ঋা | সা সা সা -া | ঋা মা পা পা |
মী - রা- - দা- - সী- - জ- ন ম জ ন ম কী - চি - ত্ত সুঁ

০ ৩ + ২ ০
পদা -া দপা দা | ণদা -া ণদা -া | পা -া -া -া | সর্জ্ঞা -া জ্ঞর্ঋা ঋা | ঋর্সা -া র্সা র্সা |
চি- - ত্ত- ল গা - - - রো - - - অ- - ঙ্গ- সুঁ অ- - ঙ্গ ল

৩ +
ঋণা -া ণদা -া | পা -া দা মা | II
গা- - - - রো - - -

বিরহিণী

(আশাবরী—ত্রিতালী)

[লঘুগুরু ছন্দ]

দরস বিনা তরসে সখি নৈন।
জবসে ছোড় গয়ো মৈঁ প্রভুজী, কবহুঁ ন পায়ো চৈন॥
শবদ সুনত নিত ছতিয়াঁ কম্পেঁ মীঠি লগৈ তব বৈন।
শ্যামল, তুমরো পন্থ নিহারুঁ ভঈ ছমাসী রৈন॥
বিরহ-বিথা কাসোঁ কহুঁ সজনী, বহ গই অঁসুঅন ঐন।
মীরাকে প্রভু আরো প্রাণে—দুখমেটন সুখদৈন॥ (মীরা)

সুর ও স্বরলিপি—দিলীপ

II পা র্পসা ণা দা | পা -া পদা পমা | মপা মপা ণদা পা | মজ্ঞা মরা সা -া | সা রা মা -া |
দ র স বি না - ত র সে - স খি নৈ - ন - জ ব সে -

রমা পা পা পা | ণদা ণদা পা দমা | মণা দা পা -া | মা দা পা র্সা | ণদা ণদা পা দমা |
ছো - ড় গ য়ো - মৌঁ - প্র ভু র্জা - ক ব হুঁ ন পা - য়ো -

মপা মপা ণদা পমা | জ্ঞমা পা মজ্ঞা রসা | II { া মমা মা মা | পা পা ণদা দা |
চৈ - - - ন - - - শব দ সু ন ত নি ত

র্সা র্সা র্সণা দা | দপা মদা র্সা -া | পা র্রা র্রা র্রজ্ঞা | র্রর্সা -া র্সর্রা ণর্সা |
ছ তি য়া - কম্ - পৈ - নী ঠি ল গৈ - ত ন

[পণা র্সর্রা ণর্সা ণদা ণদা ণদা পা]
ণর্সা র্সর্রা র্রর্সা ণর্সা | র্সণা ণদা দপা পমা | } পা র্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা | র্রা র্সর্রা র্রর্সা -া |
বৈ - - - ন - - - শ্যা - ম ল তু ম বো -

ণা র্সা র্রা ণর্সা | ণদা ণদা পা দমা | মপা দর্সা -া র্সা | ণদা ণদা পা -া | মপা মপা ণদা মপা |
প ন্ থ নি হা - রু - ভ ঈ - ছ মা - সী - বৈ - - -

মজ্ঞা মজ্ঞা মরা সা | রা মা পা র্সা | ণদা ণপা দা মা | পণা দা মদা পা |
ন - - - দ র স বি না - লা - গৈ - - -

মজ্ঞা মপা মজ্ঞা রসা | II মা মা পা পা | ণদা ণদা পমা পা | মা র্সা ণদা পমা |
নৈ - ন - বি র হ বি থা - কা - সৌঁ - ক হুঁ

পা ণা দা র্সা | র্সা র্জ্ঞা র্জ্ঞা -া | র্রা র্সা ণর্সা ণদা | মপা দা পদা র্সা | র্রণা র্সা ণদা পা |
স জ নী - ব হ গ ই অঁ সু র ন ঐ - ন - - - - -

পা র্জ্ঞা র্জ্ঞা -া | র্মর্জ্ঞা র্রা র্সা র্সা | ণর্সা র্রা র্সণা র্সা | র্রা ণা দা পা | মা পা দা র্সা |
মী - রা - কে - প্র ভু আ - রো - প্রা - ণে - ছু খ মে -

ণদা পা পদা মপা | মপা মপা ণদা -া | মজ্ঞা -া মরা সা | রা মা পা র্সা |
ট ন সু খ দৈ - - - ন - - - দ র স বি

ণদা ণদা পা -া | -া
না - - - -

পিয়াসিনী

(আশাবরী—একতালা)

দরশন-হীন তৃষিত নয়নে চাহি :
যবে থেকে তুমি ছেড়ে গেছ প্রিয়, পরাণে শান্তি নাহি।
মধুর-অধর শশির-স্বপন হৃদি-কম্পনে লাগে,
শ্যাম-অভিসার সরণিতে শত অতন্দ্র রাতি জাগে।
এত সহি, তবু বিরহের ব্যথা কারে কহি সখি, আঁখিজলে দিন বাহি।
হে মীরার প্রভু ! এস প্রাণে দুখ-অবসানে তব মিলনের গান গাহি'। (নিশিকান্ত)

(এ গানটি "দরস বিনা"-র সুরে সহজেই গাওয়া যাবে ব'লে এর স্বরলিপি আর দেওয়া হ'ল না)

(অনুবাদটি মূলের ছন্দেই রচিত ব'লে ও সহজেই ঐ সুরে গাওয়া যায় ব'লে এর স্বরলিপি দেওয়া হ'ল না)

প্রার্থী

(আশাবরী—দাদ্‌রা)

প্রার্থনা লহ অমর্ত্ত্য রস স্যন্দিয়া
অমৃত মন্দ্রে নৃত্য ছন্দে ছন্দিয়া।
উন্মেষি' তোলো মগ্ন চেতনা-মঞ্জরী
উজ্জ্বল করো মৃত্তজীবন সঞ্চরি'
জাগাও চিত্ত নীরব সুপ্তি ঝঙ্কয়া।

ভাষাহীন গান নাহি জানি তান মূর্চ্ছনা
শুধু চাহি প্রিয়, তব মধুনাম বন্দনা।
তোমার মূর্ত্তি সূর্য্যদীপ্তি সঞ্চিত
সুবর্ণে মোর অন্তর করো বঞ্চিত
করো প্রমুক্ত তব আনন্দে নন্দিয়া ॥ (অনিলকুমার)

সুর ও স্বরলিপি—সাহানা (পণ্ডিত ভাতখণ্ডের পদ্ধতি অবলম্বনে)

II { + ৩ + ০ + ০
পমা পা পর্সা | ণদা পা পা | পদা মপা মজ্ঞা | জ্ঞা রা সা | রমা -া রমপা | দমা পা -া | }
প্রা র্ থ- না ল হ অ ম- র ত্ত্য র স স্য ন্ দি- য়া - -

ণদা ণদা ণদা | পা -া পা | মপদা মপা মজ্ঞা | সরা -া সা | র্সজ্ঞা র্সরা ণর্সা | র্রা ণদা পা | II
অ মৃ ত- ম ন্ দ্রে নৃ- - ত্য- ছ ন্ দে ছ- - ন্ দি য়া -

{ পমা -া পা | পা দা ণদা | ণর্সা -া র্সা | র্সা র্সা র্সরা | র্সরা জ্ঞা র্জ্ঞরা | র্সা -া -া |
উ ন্ মে ষি' তো ল ম গ্ ন চে ত না- ম- ন্ জ- রী- - -
তো মা র মূ - র্ত্তি সূ - র্য্য দী প্ তি- স ন্ চি ত - -

ণদা -া ণদা | দা দর্সা র্সা | র্সরা -া ণা | ণদা পা পদা | পমা -া পদা | দর্সা -া -া | }
উ - জ্জ্ব ল ক রো মৃ র্ত্ত জী- ব ন- স ন্ চ- রি - -
সু ব র্ ণে মো র্ অ ন্ ত র- ক রো- ব ন্ চি ত - -

র্সপা পজ্ঞা জ্ঞা | র্মজ্ঞা র্রা র্সরা | ণদা পা মপা | মজ্ঞা রা সা | রা মা রমপা | দমা পা -া | II
জা গা ও চি - ত্ত- নী র ব- সু প্ তি ঝ ঙ্ কৃ- য়া - -
ক রো প্র মু - ক্ত- ত- ব আ- ন ন্ দ ন ন্ দি- য়া - -

পমা পা পর্সা | ণদা পা -া | পদা মপা মজ্ঞা | রা সা -া | ণদা -া ণদা | পা -া -া | দা মা পর্সা |
ভা ষা হী- ন- গা ন্ না- হি জা- নি তা ন্ মূ র্ ছ না- - শু ধু চা

ণর্সা ণদা পা | পর্রা র্সা ণদা | প মজ্ঞা রসা | রমা পা পদর্রা | র্সা -া -া |
হি প্রি য় ত- ব ম- ধু না- -ম্ ব ন্ দ না - -

তিলোত্তমা

(আশাবরী—চৌতাল)

বলো, কী দিয়ে সাজাব মধুর মূরতি—
কী সাজ মিলিবে উহারি সাথ রে!
কঠিন হীরা হেম রজতে
সাজায়ে পূরে না মনের সাধ রে!
(তবে) আয় দি'প্রভাত- কনক কিরণে
অতুল উজল মুকুট গড়ায়ে :
স্নিগ্ধ বিজলি ঘন হ'তে পাড়ি'
গাঁথি হার গলে দি' পরায়ে।

জলধি-নীলে অঞ্জন করি'
দি' ও-আঁখি-অপাঙ্গে বুলায়ে :
কুড়ায়ে তারা- হীরা-ভাতি
চারু কর্ণে দুল দি' দুলায়ে।
পূর্ণচন্দ্র- রেখারচিত
কোমল করে বলয় রাজিবে :
বিহগ-কূজন- গঠিত নূপুর
চুম্বি' যুগল চরণে বাজিবে।

মেখলা দিব ভানুলেখা
আনি' নবঘন-স্নেহে সিনায়ে :
দিব রে বসন সান্ধ্য মেঘে
রঞ্জিত রবির ঘুমটি বিনায়ে।
চরণের তলে দিব অলক্তক—
কবির গীত ভকতি-রাশি :
দিব ও-অধরে অধর-রাগ—
কিশোর প্রেম স্বপন হাসি। (দ্বিজেন্দ্রলাল)

এসো

(আশাবরী—চৌতাল)

(ভাতি') স্নেহ-জলধনু সুন্দর তনু!
শান্তি সুষমা-
বিছনে এসো।
ফুল-সন্ধানে ঝঙ্কৃ' পরাণে
দীপি' দিশা রমা,
জীবনে এসো।
ধূপ ছায়া—তালে
এসো মা মর্ম্মে :
এসো মা নিরালে
জনতা-নর্ম্মে :
বিধুর তিমিরে উজলি' মিহিরে
বিরহের তীরে
মিলনে এসো॥

তোমার গন্ধ- নিবিড় ছন্দ
ভোলে যদি হিয়া—
মলয়ে এসো।
যদি বা পান্থ পথভ্রান্ত
হয়—নন্দিয়া
অভয়ে এসো।
দুলিব না আর
কালো তরঙ্গে :
এসো সুধাসার-
আলো-বিভঙ্গে :
তোমার চরণ যাচে প্রাণমন
দাও মা শরণ—
প্রণয়ে এসো। (দিলীপকুমার)

সুর ও স্বরলিপি—দিলীপ

	+	০	২	০	৩ আস্থায়ী	৪	+	০	২
সা সা	রা -া	মা -া	পা -া	দা দা	পা -া	দমা -া	পদা নর্সা	নর্সা -া	দা -া
ভা তি	স্নে -	হ -	জ -	ল -	ধ -	নু -	সু ন্	- -	দ -
ব লো	কী -	দি -	য়ে -	সা -	জা -	ব -	ম -	ধু -	র -

০	৩	৪	+	০	২	০	৩	৪
পা -া	মজ্ঞা রা	জ্ঞা -া	জ্ঞা -া	পা মা	পা -া	পমা পা	দা দা	মপা জ্ঞা
র -	ত -	নু -	শা -	- ন্	তি -	সু -	ষ -	মা -
মূ -	র -	তি -	কী -	সা -	জ -	মি -	লি -	বে -

+	০	২	০	৩	৪	+	০	২
মজ্ঞা মপা	মজ্ঞা মজ্ঞা	মজ্ঞা -া	ঋা -া	সা -া	সা সা	রা -া	মরা মা	পদা নর্সা
বি -	ছ -	নে -	এ -	সো -	ভা তি	স্নে -	হ -	জ -
উ -	হা -	রি -	সা -	থ -	রে -	কী -	দি -	য়ে -

• ৩ ৪ + • ২ • ৩ ৪
ণদা ণদা | পা -া | পা -া | পসা র্সা | র্সা -া | র্সা ণা | র্সা -া | পর্রা -া | র্সা -া |
ল - ধ - ম্নু ফু - ল - সন্ - - - ধা - নে -
সা - জা - ব - ক ঠি - - ন - হী - - - রা -

+ • ২ • ৩ ৪ + • ২
ণর্সা ণর্ণা | দা পা | পদা ণর্সা | ণা -া | পণা দপা | মজ্ঞা -া | জ্ঞা -া | পমা পা | ণা -া |
ঝং - - - ক্ - প - রা - ণে - দী - পি - দি -
হে - - - ম - র - জ - তে - সা - জা - য়ে -

• ৩ ৪ + • ২ • ৩ ৪
ণদা -া | মপা -া | দপা মজ্ঞা | সজ্ঞা মপা | মজ্ঞা মজ্ঞা | জ্ঞসা জ্ঞা | ঋা -া | সা -া | সা সা |
শা - র - মা - জী - ব - নে - এ - সো - ভা তি
পূ - রে - না - ম - নে - র - সা - ধ - রে -

+ • ২ • ৩ ৪ + অন্তরা • ২
রা -া | মা -া | পক্ষা পা | ণদা ণদা | ণা পা | পা -া | { পমা -া | পা -া | ণদা ণদা |
স্নে - হ - জ - ল - ধ - ম্নু - ধু - প - ছা -
কী - দি - য়ে - সা - জা ব ত বে আ - - য় দি' -

• ৩ ৪ + • ২ • ৩ ৪ +
দমা -া | পা -া | পদা ণর্সা | ণা র্সা | -া -া | ণদা ণা | র্সা -া | র্রা -া | র্সা -া | র্সা -া |
য়া - তা - লে - এ সো - - মা - ম - - ম্ন মে - এ -
প্র - ভা - ত - ক - ন - ক - কি - র - ণে - অ -

• ২ • ৩ ৪ + • ২ •
র্রর্সা র্রা | মর্জ্ঞা মর্জ্ঞা | সর্রা -া | র্সা -া | র্রা ণা | ণা -া | র্সা -া | র্রা ণা | দা পা |
সো - মা - নি - রা - লে - জ - ন - তা - ন -
তু - ল - উ - জ্ব - ল - মু - কু - ট - গ -

৩ ৪ + • ২ • ৩ ৪ + •
-া -া | দা মা | } মা -া | জ্ঞা -া | র্রর্সা -া | র্রা -া | সর্ণা -া | র্সা -া | ণধা -া | ণা -া |
- ম্ন মে - বি - ধু - র - তি - মি - রে - উ - জ -
ড়া - য়ে - স্নি - - গ্ ধ - বি - জ - লি - ঘ - ন -

২ • ৩ ৪ + • ২ • ৩
দপা -া | দা -া | পমা -া | পা -া | মজ্ঞা রজ্ঞা | সা -া | সরা মপা | ণা -া | ণদা ণদা |
লি' - মি - হি - রে - বি - র - হে - র - তী -
হ' - তে - পা - ড়ি' - গাঁ - - - থি' - হা - র -

৪ + • ২ • ৩ ৪ + •
পা -া | মা পা | ণদা ণা | র্সা র্রা | সর্ণা র্সা | সর্ণা দপা | মজ্ঞা ঋসা | রা -া | মা -া |
রে - মি - ল - নে - এ - সো - - - স্নে - হ -
দি' - গ - - - লে - প - রা - য়ে - কী - দি -

২ • ৩ ৪ + সঞ্চারী • ২ • ৩
পা -া | ণদা ণদা | পদা ণর্সা | র্সা সা | ণ্সা -া | সা -া | ণ্‌ সা | ণ্দা ণ্দা | ণ্দা ণ্দা |
জ - ল - ধ - ম্নু - তো - মা - র - গন্ - - -
য়ে - সা - জা - ব - জ - ল - ধি - নী - - -

৪ + ° ২ ° ৩ ৪ + ° ২
ণ্‌া -া | সা জ্ঞা | জ্ঞা -া | জ্ঞা রা | মা জ্ঞা | রজ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা -া | পা মা |
ধ - নি - বি - ড় - ছন্‌ - - - দ - ভো - লে - য -
লে - অ ন্‌ - - জ - ন - ক - রি' - দি - - - ও -

° ৩ ৪ + ° ২ ° ৩ ৪
পা -া | দা দা | মপা জ্ঞা | সজ্ঞা মপা | মজ্ঞা মা | জ্ঞসা জ্ঞা | ঋা -া | সা -া | ঋা ণ্‌া |
দি - হি - য়া - ম - ল - য়ে - এ - সো - - -
আঁ - খি - অ - পা - - ঙ্‌ গে - বু - লা - য়ে -

+ ° ২ ° ৩ ৪ + ° ২ °
ণ্‌া -া | দা -া | দা -া | দা -া | -া -া | দা -া | ণা -া | দণা দদা | মা দা | মমা মমা |
য - দি - বা - পা - - ন্‌ থ - প - ণ - - - ভ্রা -
কু - ড়া - য়ে - তা - - - রা - হী - - - রা - ভা -

৩ ৪ + ° ১ ° ৩ ৪ +
জ্ঞজ্ঞা জ্ঞজ্ঞা | সা -া | ণ্‌া -া | ঋা -া | মা -া | দা -া | র্সা -া | র্সঋা র্মজ্ঞা | র্জ্ঞা র্জ্ঞা |
- ন্‌ ত - হয়্‌ - - - নন্‌ - ০ - দি - য়া - অ ভ
- - তি - চা - - - রু - ক - - ম্‌ পে - দু -

° ২ ° ৩ ৪ + আভোগ ° ২ °
দা -া | দণা সঋর্জ্ঞা | জ্ঞর্ঋা জ্ঞর্ঋা | র্সা -া | -া -া | র্ঋা র্সা | -া -া | ণদা পদা | মা -া |
- - য়ে - এ - সো - - - দু লি - - ব - না -
- ল দি' - দু - লা - য়ে - পূ - - ম্‌ ণ - চ ন্‌

৩ ৪ + ° ২ ° ৩ ৪ +
জ্ঞা -া | দা -া | পা -া | ণা -া | ণদা -া | সণা -া | র্সা -া | র্সা -া | র্সঋা জ্ঞর্মা |
আ - - র কা - লো - ত - রং - - - গে - এ -
- - দ্র - রে - - - খা - র - চি - ত - কো -

° ২ ° ৩ ৪ + ° ২
র্সা র্মা | জ্ঞঋর্সা ণা | ণা -া | ণা র্ঋা | -া -া | মর্জ্ঞা র্মা | জ্ঞর্ঋা জ্ঞর্ঋা | র্জ্ঞা -া | জ্ঞর্ঋা ঋণা |
সো - সু - ধা - সা - - - আ - লো - বি - ভং -
- - ম - ল - ক - রে - ব - ল - য় - রা -

৩ ৪ + ° ২ ° ৩ ৪ +
ণদা দমা | মা -া | মা -া | র্পা -া | মর্জ্ঞা -া | র্মা -া | জ্ঞর্ঋা -া | র্ঋা -া | র্সজ্ঞা র্মর্পা |
- - গে - তো - মা - র - চ - র - ণ - যা -
জি - বে - বি - হ - গ - কূ - জ - ন - গ -

° ২ ° ৩ ৪ + ° ২
মর্জ্ঞা -া | সর্জ্ঞা -া | র্ঋা র্সা | ণদা -া | ণা -া | পদা ণর্সা | র্রা র্জ্ঞা | ণর্জ্ঞা -া | ঋর্রা -া |
চে॰ - প্রা - ণ - ম ন - দা - - ও মা - শ -
ঠি - ত - নু - পু - র - চু - - ম্‌ বি - থু -

৩ ৪ + ০ ২ ০ ৩ ৪ +
র্সঋা -া | ণর্সা -া | দণা -া | পদা -া | মপা -া | ণা -া | র্সণা দগা | মজ্ঞা ঋসা | রা -া |
র - ণ - প্র - ণ - যে - এ - সো - - - - স্নে -
গ - ল - চ - র - ণে - বা - জি - বে - কী -

০ ২ ০ ৩ ৪ + ০ ২ ০ ৩
মা -া | পা র্সা | ণর্সা র্রা | ণদা ণদা | পা সা | রা -া | মা -া | পা -া | র্সা -া | র্সা র্সা |
হ - জ - ল - ধ নু ভা তি স্নে - হ - জ - ল - ধ নু
দি - য়ে - সা - জা - ব -

এ-ভঙ্গিতে আশাবরীর সঙ্গে ভৈরবী মিশেছে : অর্থাৎ জৌনপুরী ঠাটের আশাবরীর সঙ্গে। এতে দুটি চালই বজায় থাকা দরকার : র ম প ণদ ণদ প-বর্গীয় আশাবরীর এবং বিশুদ্ধ ভৈরবীর। এর ভৈরবীর অন্তরায় আবদুল করিমের "যমুনাকে তীর" নামক ভৈরবীর তানাদির কিছু কিছু গৃহীত হয়েছে ব'লে দ্বিজেন্দ্রলালের "জলধি নীলে··· বাজিবে" স্তবকটির মূল সুর একটু বেশি বদ্‌লে গেছে। তিনি এ স্তবকটি ও পরের স্তবকটি ("মেখলা ··হাসি") একই সুরে গাইতেন। যাঁদের তাঁর সংজতর সুরটি বেশি ভালো লাগবে তাঁরা তৃতীয় স্তবকটি তাঁর সুরেই গাইতে পারেন। তার স্বরলিপি এই :

+ ০ ২ ০ ৩ ৪ + ০ ২ ০
সা -া | -া -া | ণ্সা -া | ণ্দা ণ্দা | ণ্দা ণ্দা | ণ্া -া | সা -া | জ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা রা |
মে - - - - খ - লা - দি - ব - লো - - - দু - লে -

৩ ৪ + ০ ২ ০ ৩ ৪ +
জ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা -া | পা মা | পা -া | ণদা ণদা | মপা জ্ঞা | সজ্ঞা মপা |
- - খা - আ - নি' - ন - ব - ঘ - ন - স্নে -

০ ২ ০ ৩ ৪ + ০ ২ ০ ৩ ৪
মজ্ঞা মা | জ্ঞা -া | ঋা -া | সা -া | সা -া | সা সা | দা -া | দা -া | দা -া | দা -া | দা -া |
- - হে - সি - না - যে - দি ব - - বে - ব - স - ন -

+ ০ ২ ০ ৩ ৪ + ০ ২ ০
পদা ণর্সা | ণদা ণা | দা -া | পা -া | -া -া | পা -া | জ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা -া | জ্ঞা -া |
সা - - ন্ ধ্য - মে - - - - ধে - র ন্ জি - ত - র -

৩ ৪ + ০ ২ ০ ৩ ৪
রজ্ঞা মা | মা -া | জ্ঞরা জ্ঞা | ঋা সা | সঋা জ্ঞমা | জ্ঞঋা জ্ঞা | ঋা -া | সা -া |
বি - র - ঘু - - ম টি - বি - না - স্নে -

"চরণের তলে···হাসি" অংশ অবিকল "আয় দি'···পরায়ে" অংশের অনুরূপ।

আশাবরী রাগটির রূপ নিয়ে একটু বেশি রকম মুস্কিল আছে জৌনপুরী তোড়ির উপদ্রবে। ব্যাপারটা বলি : বিখ্যাত ৺বিশ্বনাথ রাও আমাদের বাড়িতে যখন আসতেন তখন তিনি আশাবরী কোমল রেখাব দিয়েই গাইতেন। কৃষ্ণধন-বাবুও আশাবরীতে কোমল ঋ-রই পক্ষপাতী। কিন্তু আবার ৺সুরেন্দ্রনাথ আশাবরী গাইতেন শুদ্ধ রেখাব দিয়ে। বামাচরণ বাবুও বলতেন : মেটেবুরুজে ওয়াজিদ আলি শার সভা-গায়করা সবাই আশাবরী গাইতেন শুদ্ধ রেখাব দিয়ে। ৺সুরেন্দ্রনাথের কাছে শিখেছিলাম তাঁর বিখ্যাত "বল্‌মা পাহাররা বাজি" গানটি এবং বামাচরণবাবুর কাছে আলিবক্সের বিখ্যাত গান "বল্‌মা পাহাররা জাগো" এই ঢঙেই। প্রায় হুবহু এক গঠন লক্ষ্য করেছিলাম উভয়ত্রই। বেশ ছিলাম। কিন্তু তার পর পশ্চিমে গিয়ে মহা যন্ত্রণা : কেউ বলেন আশাবরীতে শুদ্ধ রেখাব লাগলে পরিণামে নরক নিশ্চিত; কেউ বলেন এতে কোমল রেখাব লাগালে স্বর্গদ্বার চিররুদ্ধ। অথ এ উভয়সঙ্কট থেকে নিষ্কৃতি পেতে দুই দেবতাকেই তুষ্ট করতে শুদ্ধ ও কোমল রেখাব উভয় ঠাটেই আশাবরী রাগের গান দেওয়া হ'ল : (১) কোমল রেখাব বা ভৈরবীর ঠাটে (২) শুদ্ধ রেখাব বা জৌনপুরী তোড়ির ঠাটে। (৩) এ ছাড়াও কিন্তু আর এক রকম আশাবরীর চাল মেলে—যার আরোহে শুদ্ধ রেখাব ও অবরোহে কোমল রেখাব। কিন্তু সে-ঠাট বেশি ভৈরবীরই গোত্রে পড়ে, তবু, যেহেতু এ-ঠাটও চলিত, সেহেতু এ-ঠাটেও একটি গান দিলাম : "ভাতি' স্নেহজলধনু"। কিন্তু এ-গানটিকে আমি ভৈরবী আশাবরীই

বলতে চাই কারণ এতে এ-দুই রাগের রসই মেলে। আশাবরীকে ভৈরবীর সগোত্র ধরলে "দরস বিনা" বা "প্রার্থনা রস" জৌনপুরী ব'লেই ধর্তব্য। আমি নিজে তাই ধ'রে থাকি। দ্বিজেন্দ্রলালের "কী দিয়ে সাজাব" গানটির সুরবিন্যাস কিন্তু ভাতি' স্নেহজলধনুর সুরবিন্যাস থেকে বেশ একটু তফাৎ—সে তফাৎ সম্বন্ধে এ-গানটির শেষে মন্তব্য দ্রষ্টব্য। সে যাহোক, সব গণ্ডগোল ও মতভেদ বিচার ক'রে আমার মনে হয় আশাবরীর ঠাট হওয়া উচিত স ঋ জ্ঞ ম প দ ণ : জৌনপুরীর—স র জ্ঞ ম প দ ণ : কেন মনে হয় আরও একটু খুলে না বললেই নয়।

জৌনপুরী পশ্চিমে যা গাওয়া হয় (উপরোক্ত ঠাটে) আমাদের মতে তার রস হচ্ছে শুদ্ধ-রে-যুক্ত আশাবরীর রস। কেউ কেউ বলেন : "কক্ষনো না, যেহেতু আশাবরীর আরোহে জ্ঞ ণ উভয়ই বর্জ্জিত, যেখানে জৌনপুরীর আরোহে শুধু জ্ঞ বর্জ্জিত ণ নয়।" কিন্তু রাগের রূপনির্ণয়ে আমরা ঠিক এই ধরণের ন্যায়ের ফাঁকিরই বিরোধী। আমাদের বক্তব্য—শুদ্ধ রে-যুক্ত আশাবরীর সঙ্গে জৌনপুরীর রসগত কোনো তফাৎই করা যায় না শুধু এই কোমল নিখাদের উপর বরাৎ দিয়ে। বিশেষত যখন তানে এ-সব চুলচেরা তফাৎ সমান—একাকার হ'য়ে যায়।

কিন্তু বলাই বেশি—কোমল রেখাবের আশাবরীর সঙ্গে শুদ্ধ-রেখাবের জৌনপুরীর রসগত তফাৎ নিশ্চয়ই আছে। কারণ পর্দা ভেদে সত্য রসভেদ কিছু না কিছু হবেই। আর এ দুই ঠাটেই যখন গান শোনা যায় তখন এ দুয়েরই আলাদা নামকরণ হওয়া উচিত। (আমাদের মনে হয় দুই রেখাব যুক্ত আশাবরীরও একটা আলাদা নাম থাকলে মন্দ হয় না। কোথাও কোথাও শুনেছিও মনে হয় যে, গান্ধারী তোড়ির ঠাটে দুই রেখাব লাগে। তাই আমরা প্রস্তাব করি : আশাবরীর ঠাট হোক স ঋ জ্ঞ ম প দ ণ, জৌনপুরীর—স র জ্ঞ ম প দ ণ, গান্ধারীর স ঋ র গ ম প দ ণ। কারণ শুদ্ধ রে দিয়ে যে-গান্ধারী গাওয়া হয় তার সঙ্গে জৌনপুরীর তফাৎ ঐ ন্যায়ের ফাঁকি—চুলচেরা -arbitrary—কোনো সত্য রসগত তফাৎ নয়। কিন্তু সে যাক।) এবার আশাবরী জৌনপুরীর রূপকল্পের—প্যাটার্ণের—প্রসঙ্গে আসা যাক।

আশাবরীর (তথা জৌনপুরীর) আরোহে কোমল গান্ধার লাগে না, যথা—স ঋ ম প ণ্দা ণ্দা (কোমল ধৈবত উভয়েই ভুল্কি চালে ব্যবহৃত হয়। নৈলে আশাবরীর বৈশিষ্ট্য নষ্ট হ'য়ে যায় : কারণ কোমল ঋ র ঠাটে আশাবরীতে জ্ঞ লাগালে, অর্থাৎ স ঋ জ্ঞ মা ভাবে আরোহণ করলে ভৈরবী হ'য়ে যায় বৈকি। পণ্ডিতজী আরোহে কোমল নি-কেও ডিঙিয়ে যান। তাঁর আরোহ অবরোহ যথা স ঋ (অথবা র) ম প দ র্স, র্স ণ দ প ম জ্ঞ ঋ (অথবা র) স। জৌনপুরীর সঙ্গে শুদ্ধ-রে যুক্ত আশাবরীর তফাৎ করেন তিনি এখানে, অর্থাৎ জৌনপুরীতে আরোহে ণ লাগে : স র ম প দ ণ র্স। কিন্তু এ-তফাৎ এমন কিছু সত্যিকার তফাৎ নয় যাতে ক'রে শুদ্ধ-রে যুক্ত আশাবরীর রসরূপ জৌনপুরীর রসরূপের থেকে বিশেষ পৃথক মূর্ত্তি ধরে। অবশ্য এছাড়া তিনি পকড় বা অভিজ্ঞানে প্রভেদ দেখিয়েছেন এই ব'লে যে আশাবরী পরিচিতি হ'ল ঋ (অথবা র) ম প ণ দ প যেখানে জৌনপুরীর—ম প ণ দ প, র জ্ঞ স র ম প : কিন্তু এতে ক'রে তীব্র রেখাব যুক্ত আশাবরীর সঙ্গে জৌনপুরীর রসরূপগত কোনো সত্য তফাৎ হয় না—এ-ধরণের তফাৎ চুলচেরা বা মনগড়া হ'য়ে ওঠে বিশেষ ক'রে এই জন্যে যে—বিলাতি সঙ্গীতের পরিভাষায়—ইনভার্শন (inversion) করলে [ম প ণ দ প,] র জ্ঞ স র ম প ম প ণ দ প এর রূপ বস্তুত স র ম প ণ দ প-ই দাঁড়িয়ে যায়। এত খুঁটিনাটি টেকনিকাল বিচার করলাম শিক্ষার্থীকে হকচকিয়ে দেবার মহদুদ্দেশ্যে নয় : শুধু দেখাতে—কেন আশাবরীর ঠাট ধরা উচিত কোমল রেখাবের ঘরে। এছাড়াও দুই রেখাব যুক্ত আশাবরী দিলাম বটে, কিন্তু সে অনেকটা বাধ্য হ'য়েই বৈকি। কারণ দুই রেখাব যুক্ত আশাবরীকে যুগ্মরাগ—ভৈরবী-আশাবরী বলাই বেশি সঙ্গত—অবশ্য একে গান্ধারী বললেই বেশি ভালো হয় আমাদের মতে। কেন—তা পেশ করেছি। তবে এ-সব বিষয়ে একটা প্রবুদ্ধ লোকমত গ'ড়ে ওঠা চাই আগে।

মেঘেশ

(মেঘ-মল্লার—ঝাঁপতাল)

[লঘুগুরু ছন্দ]

এস জল-জল্পনে
শ্যাম-ঘন-কজ্জলে···
মৃদঙ্গ-উছল স্বনে
বিরহি-মন চঞ্চলে।

এস শিব, কঙ্করে
পঙ্কজি' শুভঙ্করে,
বৈতরণি-মন্তরে
শিহরি'···নীলাঞ্জনে—

জটাজুট অঙ্কিয়া···
স্বপ্ন-জয় শঙ্খিয়া ··
ডমরু-ডম ডঙ্কিয়া
বিজলি-লীলাঙ্গনে—

এস গুরু গরজনে···
তৃষিত চিত চঞ্চলে···
ঝর ঝরন বরষণে
ঘটা-ঘন কজ্জলে। (দিলীপ)

সুর ও স্বরলিপি—দিলীপ

\+ আস্থায়ী ৩ ০ ১ + ৩ ০

II সরা মপা | মা রা রা | সরা সসা | পণ্ণ্ পণ্ণ্ প্ | রসা ণ্সা | প্ ণ্ সা | মরা পা |
এ - স জ ল জল্ - প নে - শ্যা - ম ঘ ন ক -

১ + ৩ ০ ১ + ৩

মপা রা মা | রা মমা | রা সা রা | ণ্সা রণ্ | সা পণ্ প্ | প্ সণ্ | রসা মরা পা |
জ্জ লে - মৃ দ ঙ্ গ উ চ্ছল্ - স্ব নে - বি র হি ম ন

০ ১ ॥ + অন্তরা ৩ ০ ১ + ৩

মপা মমা | রসা রা সা | পমা পা | র্সনা র্সা পনা | র্সা নর্সা | র্রা র্সা -া | র্সা -া | পা না র্সা |
চন্ - চ লে - এ - স শি ব শং - ক রে - প ঙ্ ক জি' শু

০ ১ + ৩ ০ ১ +

মপা নর্সা | র্রা র্রা -া | র্রা -া | র্মর্মা র্রা র্সা | পর্রা -া | র্সা পণা পা | মপা মা |
ভং - ক রে - বৈ - ত র্ ণি ম ন্ ত রে - শি হ

৩ ০ ১ + সঞ্চারী ৩ ০ ১

রমা পণা পা | মপা মমা | রমা ররা সা | II সা ণ্সা | ণ্সা রা সা | রণ্ সণ্ | সা ণ্ প্ |
রি' নী - লা - ঞ্জ নে - জ টা - জু ট অং - কি য়া -

\+ ৩ ০ ১ + ৩ ০ ১

প্ণ্ সরা | মরা মা পা | মপা ণণা | পা মা রা | মা পা | ণা পা র্সা | পর্সা -া | ণা পা -া |
স্ব -প্ ন জ য় শঙ্ - খি য়া - ড ম রু ড ম ড ঙ্ কি য়া -

\+ ৩ ০ ১ + আভোগ ৩ ০ ১

মা পা | মা রা -া | সরা মপা | ণা পা -া | মা পা | না না র্সা | পা র্রা | র্সর্রা ণর্সা -া |
বি জ লি লী - লা -ল্ প নে - এ - স গু রু গ র জ নে -

\+ ৩ ০ ১ + ৩ ০

না র্রা | র্সা র্রা র্সণা | র্সণা পা | মা মপা নর্সর্রা | র্রা র্মা | র্রা র্পা র্মা | র্রর্মা র্রা |
তৃ ষি ত চি ত চন্ - চ লে - ঝ র ঝ র ন ব র

১ + ৩ ০ ১

র্সর্রা র্সা -া | র্সা ণর্সা | ণণা পা মা | মপা মমা | রমা রা সা | II
ষ ণে - ঘ টা - ঘ ন ক - জ্জ লে -

এ গানটি যত বেশি সম্ভব গমক দিয়ে গেয়। সগমক ছোট ছোট তান দিলে গানটি খুব জমকালো হবার কথা। খাণ্ডারবাণী ধ্রুপদ যে-ভাবে গাওয়া হয়—অর্থাৎ ঈষৎ কাটা কাটা (stuccato) ভঙ্গিতে, মিড় কম দিয়ে—সেই ভাবে এটি গাইলে এর মধ্যে ঘনঘটার ভাবটি খুলবে। এ-ধরণের গানে মিড় খুব বেশি হওয়া বাঞ্ছনীয় নয়। মেঘমল্লারে বেশি মিড় দিলে সে প্রায় বৃন্দাবনী সারং হ'য়ে পড়ে। বস্তুত দুই-নি-যুক্ত বৃন্দাবনী সারং (শুধু কোমল নি দিয়েও বৃন্দাবনী সারং গাইবার রীতি আছে কোথাও কোথাও—কৃষ্ণধনবাবু এই ঠাটেই বৃন্দাবনী সারঙের স্বরলিপি দিয়েছেন) মেঘমল্লারের সহোদর তো বটেই তানালাপের সময় ওরা প্রায় যমজ হ'য়ে দাঁড়ায় বললেও অত্যুক্তি হয় না। মেঘমল্লার গাইবার সময় এইজন্যেই বোধ হয় বেশি গমক দিয়ে থাকেন ওস্তাদরা—অর্থাৎ বৃন্দাবনীর থেকে ওর তফাৎ বজায় রাখতে। মেঘমল্লারে সময়ে সময়ে দুন করলে বড় সুন্দর জমাট হয় এর কঠোর রসটি, যেমন ঠায় লয়ে গাইলে ফুটে ওঠে এর গম্ভীর রসটি—লয়ভেদে রাগের রসভেদ হ'য়ে থাকে একথা সঙ্গীতজ্ঞ মাত্রেই জানেন। তবে এ-গানটি বেশি জলদে না গাওয়াই ভালো—যদিও অন্তরা ও আভোগে মাঝে মাঝে দুন করলে ভালোই শোনাবে।

বাদল

(মেঘ-মল্লার—ত্রিতালী)

[লঘুগুরু ছন্দ]

ঘন দরসাবন হৈ···
বিজ্জু তরসাবন হৈ···
চহুঁ ওর ধাবন হৈ—
বৈহর সগাঢ় কী ॥
মানিনী ভয়াবন হৈ···
মৌর হরষাবন হৈ···
দাদুর বুলাবন হৈ—
অতি আঢ় আঢ় কী ॥
শ্রীপতি সুহাবন হৈ···
ঝিল্লী ঝনকাবন হৈ···
বিরহী সতাবন হৈ—
চিন্তা চিত বাঢ়কী ॥
লগন লগাবন হৈ···
মদন জগাবন হৈ···
চাতকীকো গাবন হৈ—
আবন অসাঢ়কী ॥ (শ্রীপতি)

বরষা

(মেঘমল্লার—একতালা)

[লঘুগুরু ছন্দ]

জলধর আসিল ঐ···
তড়িত বিকাশিল ঐ···
দিগন্ত ভাসিল ঐ—
ঘনবরষণ-প্লাবনে ॥
অম্বর বাজিল ঐ···
ময়ূর নাচিল ঐ···
হৃদয় বিরাজিল ঐ—
ভয়-দুরু-দুরু কাঁপনে ॥
শ্যামল রঞ্জিল ঐ···
ঝিল্লী ঝঙ্কল ঐ···
রাতি অতন্দ্রিল ঐ—
বিরহী চিত-ভাবনে ॥
লগ্ন বিভাতিল ঐ···
মন্মথ মাতিল ঐ···
চাতক সাধিল ঐ—
আগত নব শ্রাবণে ॥ (নিশিকান্ত)

(শ্রীঅর্দ্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায় মহাশয়ের "The Love Poems in Hindi" পুস্তক হইতে)

সুর ও স্বরলিপি—দিলীপ

০ ১ + ৩ ॥ ০
II সন্‌া সা রা সা | সণ্‌া রসা সণ্‌া প্‌া | রসা রা মা পা | ণণা মা পা -া | মপা ণণা পা -া |
ঘ ন দ র সা - ব ন হৈ - - - - - - - বি - জ্জু -

১ + ৩ ০ ১
র্সর্সা ণণা পপা পপা | মা পা মা -া | রমা রপা মরা সসা | II পা র্সা ণা র্সা | পণা পা পা পা |
ত র সা - ব ন হৈ - - - - - চ হুঁ ও র ধা - ব ন

+ ৩ ০ ১ +
মমা র্সর্সা ণণা পপা | মমা ররা মমা পপা | সা রা মা পা | ণা মা -া পা | র্সর্সা ণণা পপা ণণা |
হৈ - - - - - - - বৈ - হ র স গা - ঢ় কী - - -

৩ ০ ১ + ৩
পপা মমা রমা রা | II তালফের—একতালা : মা পা পা | পা -া না | পা না র্সা | রা নর্সা -া |
- - - - মা - নি নী - ভ য়া - ব ন হৈ -

০ ১ + ৩ ০ ১
র্রা -া র্মা | র্রা র্সা -া | র্রর্সা নর্সা র্রর্সা | ণা পা -া | মপা নর্সা র্রা | মর্রা পর্মা -া |
মৌ - র হ র - ষা - ব ন হৈ - দা - দু র বু -

+ ৩ ০ ১
র্রা -া র্সনা | র্রা র্সা -া | ত্রিতালীতে প্রত্যাবর্ত্তন : র্সা -া ণা -া | পা -া মা -া |
লা - ব ন হৈ - অ - তি - আ - ঢ় -

\+ ৩ ০ ১ +
রমা পণা মপা রমা | রা -া সা -া | II সা রা মা পা | রমা পা রমা পা | ণণা ণণা মা পা |
আ - - - - ঢ় - কী - শ্রী প তি সু হা - র ন হৈ - - -

৩ ০ ১ + ৩ ০
র্সা -া ণা -া | পা পা মা -া | রা মা পা -া | মা পা না র্সা | র্রা -া র্সনা র্সা | র্সা নর্সা পা র্সা |
ঝি - ল্লী - ঝ ন কা - র ন হৈ - বি র হী স তা - র ন হৈ - - -

১ + ৩
র্রা -া র্সর্রা র্সর্সা | ণর্সা ণণা পণা পপা | মপা মমা ররা সসা | II তালফের— একতালা
চি ন্ তা - চি - ত - বা - ঢ় কী

০ ১ + ৩ ০ ১ +
মা পা নপা | না র্সা -া | পা না র্সা | -া -া -া | র্রা র্রা র্মর্মা | র্রা র্সা -া | র্রা না র্সা |
ল গ ন ল গা - র ন হৈ - - - ম দ ন জ গা - র ন হৈ

৩ ০ ১ + ৩ ০
-া -া -া | র্রা -া র্মর্রা | র্পা র্মা র্রা | র্সনা র্সা র্রর্সা | ণা পা -া | মা -া পা |
- - - চা - ত কী - কো গা - র ন হৈ - আ - র

১ + ৩
মা -া রা | মা সা রা | নসা -া -া | II
ন - অ সা - ঢ় কী - -

রাগবদলকে যেমন বলে রাগমালা, তালবদলকে তেমনি বলে প্রবন্ধ। ধ্রুপদেই এর বেশি চল। খানিকটা সেই ঢঙে ঈষৎ তালফেরের আভাষ দেওয়া গেল—যদিও ঠিক প্রবন্ধ এ নয় অবশ্য। "যে গানের ভিন্ন ভিন্ন কলিতে (stanza) ভিন্ন ভিন্ন তাল ব্যবহার হয় তাহাকে হিন্দুস্থানি ওস্তাদের প্রবন্ধ বলেন" (কৃষ্ণধন, গীতসূত্রসার ১০ম পরিচ্ছেদ) সুতরাং এ গানটি ঠিক প্রবন্ধ নয়। একে 'তালফের-যুক্ত গান' বলাই বেশি সঙ্গত। আধুনিক বাংলা গানে তালফের হ'য়ে থাকে অনেক ক্ষেত্রে। তাতে রস বড় সুন্দর ফোটে। এ গানটির তালফের সেই বাংলা ভঙ্গিতেই করা হয়েছে।

০ ১ + ৩ ॥ ০ ১ +
II র্সা র্সনা র্রর্সা | ণা পা -া | ণা মপা র্সা | -া -া -া | ণা ণর্সা ণা | ণা ণা পা | পণা পা মা |
জ ল ধ র আ - সি ল ঐ - - - ত ড়ি ত বি ক - শি ল ঐ

৩ ০ ১ + ৩ ০ ১
-া -া -া | মা রমা রা | রমা রপা -া | মপা মা মরা | -া -া -া | সা সা রা সা ণ্‌া সা |
- - - দি গ ন্ ত ভা - সি ল ঐ - - - ঘ ন ব র ষ ণ

\+ ৩ ০ ১ + ৩ ১
প্‌া -া সা | রমা পণা র্সা | II র্সা -া র্সা | র্সা র্সা র্রা | পা র্সা ণা | -া -া -া | ণা মা পা |
প্লা - ব নে - - অ ম্ ব র বা - জি ল ঐ - - - ম য়ূ -
ল গ্ ন বি ভা - তি ল ঐ - - - ম ন্ ম

১ + ৩ ০ ১ + ৩
ণা ণা র্সা | মা ণা পা | -া -া -া | মা মা মা | মা মা পা | সা মা রা | -া -া -া |
র না - চি ল ঐ - - - হৃ দ য় বি রা - জি ল ঐ - - -
থ মা - তি ল ঐ - - - চা - ত ক সা - ধি ল ঐ - - -

০ ১ + ৩ ০ ১
সা রা মা | পা না র্সা | র্রা র্মর্মা র্রা | র্সনা র্সা -া | II মা রা মা | মা মা পা |
ভ য় দু রু দু রু কাঁ - প নে - - শ্যা - ম ল র নু
আ - গ ত ন ব শ্রা - ব ণে - -

+ ৩ ০ ১ + ৩ ০
পা পা পা | -া -া -া | পা -া ণণা | মা পা ণা মা পা র্সা | -া -া -া | ণা -া ণা |
জি ল ঐ - - - ঝি - ল্লী - ঝ ঙ কৃ ল ঐ - - - রা - তি

১ + ৩ ০ ১ + ৩
ণা ণা মা | মা পা মা | -া -া -া | রা রা মা | রা মা পা | রমা পণা মপা | র্সা -া -া |
অ ত নু দ্রি ল ঐ - - - বি র হী - চি ত ভা - ব নে - -

এ-গানটির অন্তরা ঠিক অন্তরার চলতি আরোহণী প্রথায় রচিত হয় নি—খানিক য়ুরোপীয় movement-এই এর রচনা হয়েছে—অবশ্য রাগভ্রষ্ট ক'রে না। তাই এতে আস্থায়ী অন্তরা সঞ্চারী আভোগ এই চার তুকের নির্দ্দেশ দেওয়া হ'ল না। এ-গানে অনেক তান দেওয়া চলবে—সগমক। মেঘমল্লারে কোমল গান্ধার দিয়ে থাকেন অনেক ওস্তাদ। এ-গানটিতে সহজেই কোমল গান্ধার দেওয়া চলে। তবে শিক্ষার্থীদের জন্যে একটা standard কাঠামো প্রথমটায় বজায় রাখা বাঞ্ছনীয় ভেবে কোমল গান্ধারযুক্ত মেঘমল্লার দিলাম না এ-যাত্রা।

শ্রাবণ

(মেঘমল্লার—ঝাঁপতাল)

[লঘুগুরু ছন্দ]

জলদদল আবরিল
নীল আকাশ ভরি'।
শীতল শিখা ঝরিল
ভূতল পিয়াস ভরি'॥
অশনি ঘন গরজনিল
অন্তর তরাস ভরি'।
